বিলম্ব, গৌণ, ব্যাজ, টাল্‌মটাল, delay, tardiness, loitering, procrastination, a retarding, delaying, &c.

বিলম্বন, গৌণকরণ, টালন, to dally, loiter, delay, procrastinate.

বিলম্বিত, স্থকিত, টীলা, মন্দ, লট্‌কা, ঝুলিয়া, delayed, slow, tardy, slow (as music,) falling or hanging down, pendant.

বিলম্বী, অসত্বর, টালনিয়া, dallying, loitering, procrastinating.

বিলয়, কল্পান্ত, বিনাশ, মোক্ষ, the dissolution of the world, destruction, final, absorption.

বিলাপ, শোকোক্তি, ক্রন্দন, ডোকরাণি, a lamentation, loud mourning, bewailing, complaint. [plain.

বিলাপন, শোক করণ, ডোকরাণ, to lament, mourn, bewail, com-

বিলাপী, ক্রন্দনকারী, শোকী, lamenting, mourning, bewailing.

বিলাস, আমোদ, আনন্দ, ক্রীড়া, কৌতুক, শারীরিক সুখানুভব, লীলা, ভাব, enjoyment, felicity, sport, play, pastime, pleasure, amorous dalliance, wantonness, a corporeal indication of amorous sentiment.

বিলাসী, কুশলী, আনন্দিত, ক্রীড়াবান, লম্পট, happy, enjoying, sporting, dallying, wanton, sensual. [rowed.

বিলিখিত, ডোরিয়া, রেখাযুক্ত, striped, marked with lines, fur-

বিলী, অংশকরা, ধার্য্যকরা, সাজানি, পৃথক্২ করা, a division, allotment of labour, &c. adjustment, regular distribution, orderly arrangement.

বিলীন, গলিত, অন্তর্হিত, dissolved, melted, disappeared, perished.

বিলুপ্ত, অচলিত, বিস্মৃত, খাটা, স্খলিত, obsolete, extinguished, forgotten, erased, wanting. [parted, dead.

বিলোক, নির্জন, নির্বাণ, মৃত, private, apart, uninhabited, de-

বিলোকন, নিরীক্ষণ, তাকন, to view steadily, look, survey, behold.

বিলোড়ন, লড়ান, ঘাঁটন, মথন, লুণ্ঠন, to agitate, stir up, churn, to roll or wallow on the ground.

বিলোম, ব্যত্যয়, ব্যতিক্রম, পানীচর্কী, ব্যতিক্রান্ত, বিপরীত, প্রতিকূল, উল্টা, an opposite course or order, inversion, reverse, a wheel for raising water; reverse, opposite, contrary, backward, against the grain.

বিলোমজ, উত্তমা স্ত্রীগর্ভে অধমকর্তৃক জাত, born of a father inferior in cast to the mother. [wave, undulate.

বিলোলন, দোলন, লড়ন, উজলন, to swing, oscillate, wag, shake,

বিল্ব, শ্রীফল, বেল, the bel or wood apple.

বিল্‌বিল্‌, ঝুণ্ড, ঝাঁক, a swarm of ants, &c. a swarming.

বিশঙ্ক, সাহসী, নির্ভয়, নির্বিঘ্ন, fearless, bold, safe, secure.

বিশঙ্কিত, ভীত, ত্রস্ত, সন্দিগ্ধ, অবিশ্বসিত, alarmed, fearful, suspicious, suspected, mistrusted.

বিশল্য, নিষ্পীড়া, নির্বিঘ্ন, নির্গতশূল, free from pain or distress, having the dart extracted from the wound.

বিশাখা, ষোড়শ নক্ষত্র, the 16th lunar mansion.

বিশারদ, পণ্ডিত, বিখ্যাত, পটু, প্রগল্ভ, wise, learned, famous, celebrated, eminent, confident, bold, presuming.

বিশাল, মহৎ, প্রশস্ত, প্রসারিত, large, wide, enlarged, extended.

বিশিখ, অচূড়, বাণ, কাঁটা, সূচি, not crested; an arrow, pin, needle.

বিশিষ্ট, বিবিক্ত, উত্তম, উৎকৃষ্ট, প্রসিদ্ধ, শ্রেষ্ঠ, বিলক্ষণ, শিষ্ট, ভদ্র লোক, সংযুক্ত, প্রাপ্ত, distinguished, select, superior, desirable, good, excellent, eminent, noble, elegant, polite, genteel, inherent in, having, possessed of, endowed with.

বিশিষ্য, ভেদ্য, সংযুক্ত, অনন্তর্বর্ত্তী, দ্রব্যবাচক শব্দ, requiring to be discriminated, accidental, not inherent; a substantive or word discriminable by its adjective.

বিশুদ্ধ, পরিষ্কৃত, নির্ভুল, নির্ম্মল, পবিত্র, পুণ্যবান, নম্র, বশীভূত, cleansed, purified, corrected, (as a writing,) clean, pure, holy, virtuous, pious, humble, modest, compliant.

বিশুদ্ধি, শুচিতা, পরিষ্কার, purity, holiness, the correction of a writing, &c.

বিশুষ্ক, নীরস, শুকা, ম্লান, dried, dried up, withered.

বিশূচক, ভেদক ঔষধ, সারক, purgative, cathartic.

বিশৃঙ্খল, অবদ্ধ, ক্রমরহিত, উল্টাপাল্টা, ব্যাকরণবিরুদ্ধ, অনন্বিত, unrestrained, unfettered, disorderly, ungrammatical.

বিশৃঙ্খলা, অক্রম, উল্টাপাল্টামি, ঘবরাণী, disorder, irregularity, confusion, perturbation, distraction.

বিশেষ, ভেদ, অসাম্য, বৈলক্ষণ্য, প্রভেদ, গুণ, প্রকার, ব্যক্তিত্ব, উপশম, বৃত্তান্ত, ইতর, ভিন্ন, অন্য, অসাধারণ, a difference, distinction, variety, dissimilarity, peculiarity, specific difference, quality, a sort, kind, manner, species, identity, amendment or al-

leviation of disease, particulars, circumstances, detail; other, different, distinct, particular, peculiar, special.

বিশেষক, ভেদসূচক, প্রভেদক, উপাধি, তিলক, distinguishing, specifying, particularizing, discriminative, characteristic; an attributive, a sectarial mark.

বিশেষণ, বিলক্ষণ গুণাদি, প্রভেদক লক্ষণাদি, গুণবাচক, উপাধি, a distinctive quality, predicate, characteristic mark, attribute, epithet, an adjective, an adverb or qualifying sentence.

বিশেষণীয়, প্রভেদনীয়, বিবেচনীয়, discriminable, distinguishable, to be discriminated.

বিশেষতঃ, অধিকন্তু, particularly, peculiarly, especially, chiefly.

বিশেষিত, প্রভিন্ন, বিবেচিত, distinguished, discriminated.

বিশেষ্য, বিবেচনীয়, ভেদনীয়, দ্রব্যবাচক, প্রভেদক, উপাধি, distinguishable, requiring to be particularized, &c. a substantive, a predicate, attributive.

বিশোক, খেদহীন, অসন্তাপিত, free from grief or sorrow.

বিশোচন, পরসন্তাপ নাশ করণ, দুঃখ নিবর্ত্তন, to free from grief.

বিশোধন, শুধরাণ, to purify, cleanse, correct a writing, &c.

বিশোভ, বেশভূষা পরিধান, সাজানি, an adorning, embellishing, a setting off to advantage.

বিশোষ, শুকানি, নীরসভাব, a drying, exsiccation, dryness.

বিশ্রব্ধ, বিশ্বসিত, সহিষ্ণু, ধীর, নম্রমনাঃ, বিশ্রান্ত, অতিশয়, অধিক, ভূরি, রসিক, বিদ্রূপী, trusted, confided in, patient, tranquil, firm, steady, humble, lowly-minded, rested, reposed, excessive, exceeding, much, festive, jocular, playful.

বিশ্রম্ভ, বিশ্বাস, হর্ষ, কৌতুক, প্রণয়, trust, confidence, hilarity, festivity, mirth, affection, affectionate enquiry.

বিশ্রান্ত, শ্রমবিরত, rested, reposed, refreshed after fatigue.

বিশ্রান্তি, বিশ্রাম,—বিরাম, শ্রমত্যাগ, অবকাশ, ছুটী, rest after fatigue, relaxation, repose, refreshment, leisure, a recess, vacation.

বিশ্রী, অপ্রভ, ঐশ্বর্য্যবিহীন, bereft of splendour, glory or affluence.

বিশ্রুত, খ্যাত্যাপন্ন, বিদিত, প্রতীত, renowned, famous, celebrated.

বিশ্লেষ, বিচ্ছেদ, বিরহ, বিয়োগ, separation, distance, especially of lovers or of husband and wife, disunion, disjunction. [all, universal, entire.

বিশ্ব, জগৎ, ত্রিলোক, সর্ব্ব, সমুদায়, the world, the universe;

বিশ্বকদ্রু, মৃগয়াতে কুশল কুকুর, ধ্বনি, দুষ্ট, a hound, a dog trained to the chase, sound, noise ; vile, wicked.

বিশ্বকর্ম্মা, সূর্য্য, প্রাচীন শিল্পকার, the sun, the artist of the gods.

বিশ্বখণ্ডক, কঠিন, বিদ্বেষী, hard to please, dissatisfied with every thing. [universe.

বিশ্বনাথ, বিশ্বম্ভর, বিশ্বেশ্বর,—জগৎপতি, শিব, Shiva as lord of the

বিশ্বব্যাপক, সর্ব্বত্রগামী, all-pervading, filling all things. [world.

বিশ্বভণ্ড, বিশ্ববঞ্চক,—জগৎপ্রতারক, all-deceptive, deceiving the

বিশ্বম্ভরা, পৃথিবী, মহী, ক্ষিতি, the earth.

বিশ্বরূপ, সর্ব্বাকারধারী, সর্ব্বময়, সর্ব্বব্যাপী, assuming or existing in all forms, pantomorphous, universal, omnipresent. [faithful, trusty.

বিশ্বসিত, বিশ্বস্ত,—বিশ্রব্ধ, বিশ্বাসপাত্র, trusted, confided in,

বিশ্বসৃক্ বিশ্বস্রষ্টা,—জগদুৎপাদক, পরমেশ্বর, ব্রহ্মা, all-creating ; God, the creator, Brahmá.

বিশ্বস্তা, বিধবা, সাধ্বী, a widow, a trusty female.

বিশ্বাস, প্রত্যয়, বিশ্রম্ভ, trust, confidence, faith, credence.

বিশ্বাসঘাত, কৃতঘ্নতা, treachery, a betraying. [tor.

বিশ্বাসঘাতক বা ঘাতী,—কৃতঘ্ন, treacherous, betraying ; a trai-

বিশ্বাসন, প্রত্যয় করণ, আশ্রয় লওন, to believe, trust, confide in.

বিশ্বাসভূমি শ্রদ্ধার বিষয়, a ground of trust, matter of faith.

বিশ্বাসী, প্রত্যয়ী, সরল, সাধু, trusting, believing, trusty, faithful, honest. [trust-worthy, &c.

বিশ্বাস্য, বিশ্বসনীয়,—বিশ্বাসপাত্র, সত্যবাদী, worthy of confidence,

বিষ, গরল, জল, গন্ধরস, মৃণাল, poison, venom, water, gum, myrrh, the fibres of the lotus-stalk, a red dye.

বিষণি, গরল, কালকূট, জ্বালা, poison, venom, virus, virulence.

বিষণ্ণ, শোকযুক্ত, ভাবিত, dejected, sad, sorrowful, pensive.

বিষধর, সর্প, অহি, ভুজঙ্গ, a serpent, a poisonous snake.

বিষবৎ, বিষতুল্য,—প্রাণঘাতক, মৃত্যুজনক, অন্তক, deadly, mortal.

বিষবৈদ্য, ওঝা, সর্পক্ষতের চিকিৎসক, a serpent-charmer or professional curer of its bite, &c.

বিষম, আপদ, দায়, সন্তাপ, পীড়া, পাড়াকর, দুস্তর, সঙ্কট, মন্দ, প্রচণ্ড, উৎকট, দুরন্ত, দুর্গম, কর্কশ, দুর্যোগ, অনুপম, অসম, ঐকাহিক, অস্থির, অযুগ্ম, অতিশয়, calamity, danger, distress, pain; painful, difficult, hazardous, troublesome, evil, violent, unmanageable, inaccessible, rough, inclement, unparalleled, unequal, alternate, irregular, intermittent, odd, uneven; very, excessively. [mittent.

বিষমজ্বর, প্রবল তাপ, ঐকাহিকাদি জ্বর, a violent fever, an intermittent.

বিষমধাতু, অস্বাস্থ্য, রোগাপন্ন, absence of health ; unhealthy.

বিষমসাহস, দুঃসাহস, ডাকাবুকামি, temerity, rashness, daring.

বিষয়, ইন্দ্রিয়গোচর, রূপরসাদি, বস্তু, অর্থ, উদ্দেশ, আশয়, বিত্ত, ব্যাপার, সাংসারিক কর্ম্ম, পদ, প্রয়োজন, ঘটনা, প্রসঙ্গ, কার্য্য, ন্যায়, আশ্রয়, দেশ, স্থান, বাসা, বাড়ী, ন্যায়ক, পতি, an object of sense, sensible quality, as colour, form, &c. a thing, object, object of pursuit, study or desire, &c. wealth, substance, business, trade, worldly occupation, office, employment, an affair, occasion, occurrence, topic, matter, a law-suit, a refuge, asylum, a country, province, place, the element in which a thing moves, a house, home, a lover, a husband.

বিষয়ক, সম্বন্ধীয়, প্রসঙ্গাধীন, relating to, about, treating of.

বিষয়কর্ম্ম, সাংসারিক কর্ম্মাদি, ব্যাপার, worldly business, attachments, &c. office, employment.

বিষয়ান্বিত, কর্ম্মনিযুক্ত, উদ্যুক্ত, আবিষ্ট, গোচরময়, in place, employed, busy, engaged in business, occupied with an affair, &c. furnishing objects to the sense or understanding.

বিষয়ী, ব্যাপারী, ব্যবসায়ী, সংসারমগ্ন, engaged in business, having worldly pursuits or engagements, &c. worldly. [cerning, about.

বিষয়ে, প্রস্তাবে, সম্বন্ধে, উপরে, in relation, in regard to, concerning, about.

বিষাক্ত, গরলযুক্ত, poisoned, mixed or smeared with poison.

বিষাণ, কুঞ্জ, শৃঙ্গ, হস্তির দন্ত, ivory, the horn of an animal, the tusk of an elephant, &c. a tooth.

বিষাদ, গ্লানি, খেদ, ভাবনা, উদ্বেগ, আশাভঙ্গ, dejection, sadness, lowness of spirits, want of energy, disappointment, anxiety, regret. [virulent.

বিষাল, বিষালু, বিষী,—গরলযুক্ত, জ্বলনী, poisonous, venomous,

বিষুব, সমরাত্রিদিবাকাল, অয়নসঞ্চার, the equinox.

বিষ্কম্ভ, প্রথমযোগ, মণ্ডলব্যাস, বিস্তার, ব্যাঘাত, the first astronomical yog, the diameter of a circle, extension, an obstacle, hindrance.

বিষ্টম্ভ, প্রস্থক দ্রব্যের দৃঢ়ীভাব, মলমূত্ররোধ, the hardening of cement, &c. constipation, urinary obstruction.

বিষ্টর, দ্রু, আসন, পিড়ী, চৌকি, কুশমুষ্টি, কুশাসন, a tree, a seat, stool, chair, couch, a handful or a seat of Cusha grass.

বিষ্টি, আজু. compulsory or unpaid labour, an impressing.

বিষ্ঠা, মল, গু, ordure, excrement, dung.

বিষ্ণুপদী, অয়নসঞ্চারের পর সংক্রান্তি, the sun's entrance on a new sign after the equinox.

বিসঙ্কট, আপত্তি, দায়, calamity, danger, strait, difficulty.

বিসম্বাদ, কলহ, বিরোধ, বিতণ্ডা, কচ্‌কচি, আশাভাঙ্গা, কাপট্য, ভুলানি, a dispute, quarrel, contention, contradiction, murmuring, breach of promise, disappointing, deceiving, deception. [muring, &c.

বিসম্বাদী, কুন্দলিয়া, কচ্‌কচিয়া, disputatious, contentious, mur-

বিসরণ, বিস্তরণ,—ব্যাপন, মেলন, বাড়ন, to spread, extend, expand, diffuse.

বিসর্গ, দান, ত্যাগ, ছাড়া, মলমুঞ্চন, দ্বিবিন্দুমাত্র বর্ণ, মোক্ষ, a gift, donation, relinquishment, abandonment, evacuation by stool, the letter ঃ, emancipation from matter. [reject.

বিসর্জ্জন, ত্যাগ করণ, বিবর্জ্জন, to make an oblation, relinquish,

বিসর্পণ, সরণ, ব্যাপন, বাড়ন, to move, extend, spread.

বিসূচিকা, রোগলক্ষণ, উপসর্গ, কোষ্ঠবদ্ধ, the symptom of a disease, costiveness.

বিসৃপ্ত, বিসৃত,—ব্যাপ্ত, প্রসারিত, diffused, extended, spread.

বিসৃষ্ট, নিবেদিত, ত্যক্ত, নিরাকৃত, offered, given, relinquished, abandoned, expelled, cast off or out.

বিস্তর, ব্যাপ্তি, প্রসার, বাড়ি, তাল, বাক্যব্যয়, বাহুল্য, প্রাচুর্য্য, প্রসারিত, বহুল, প্রচুর, যথেষ্ট, অনেক, extension, expansion, enlargement, prolixity, diffuseness, amplitude, abundance, plenty, sufficiency; extended, prolix, copious, much, abundant, large, plentiful, sufficient, ample, many, numerous.

বিস্তার, ব্যাস, প্রসার, ব্যাপ্তি, বাক্যবাহুল্য, বিবরণ, বিবেদন, মণ্ডলের মধ্যরেখা, extension, spread, diffusion, amplification, prolixity, a detail, detailed narration, divergence, the diameter of a circle.

বিস্তারণ, বিবরণ, বাড়ান, বিছান, মেলান, প্রসারণ, to describe in detail, &c. to specify, enlarge, dilate, to spread out, extend, expand.

বিস্তারী, প্রসারী, spreading out, amplifying, enlarging, &c.

বিস্তীর্ণ, প্রসারিত, বিতত, মেলান, প্রশস্ত, বড়, extended, spread, spread out, expanded, enlarged, wide, ample, large. [a circle.

বিস্তৃত, প্রসারিত, মণ্ডলের মধ্যরেখা, *id*: also the diameter of

বিস্তৃতমুখ, খোলামুখ, হাই তোলক, with open mouth, gaping.

বিস্পন্দ, অঙ্গকাঁপনি, tremulous motion, (as of the limbs, &c.)

বিস্পষ্ট, সুব্যক্ত, প্রত্যক্ষ, evident, manifest, open, clear.

বিস্ফোট-ক, বিস্ফোড়া,—ব্রণ, ফুস্কুড়ী, a boil, imposthume, pustule.

বিস্ময়, আশ্চর্য্যজ্ঞান, নিরাশ্বাস, ঘবরাণী, surprize, astonishment, wonder, discouragement, confusion.

বিস্মরণ, ভুলন, পাসরণ, to forget, to lose the recollection of.

বিস্মিত, চমৎকৃত, বিহ্বল, অবাক্, surprized, astonished, confounded, disconcerted. [mistaken.

বিস্মৃত, অন্তর্গত, ভোলা, ভ্রমযুক্ত, forgotten, in an error, out,

বিস্মৃতি, ভুল, ভ্রম, চুক, লোপ, a forgetting, mistake, error, forgetfulness, oblivion.

বিস্বাদ, রসহীনতা, তার, insipidity, tastelessness, a good taste.

বিস্বাদু, অতার, নীরস, পান্সা, insipid, tasteless. [the sun, &c.

বিহগ, বিহঙ্গ-ম,—পক্ষী, মেঘ, সূর্য্যাদি, a bird, a fowl, a cloud,

বিহনন, মারণ, আটকান, to smite, kill, hurt, impede, &c.

বিহরণ, বিহারণ,—বেড়ান, পর্য্যটন, পরিভ্রমণ, to take a walk or airing, to wander, to go about.

বিহর্ষ, আনন্দ, আহ্লাদ, gladness, joy, pleasure, delight.
বিহসন, মুচ্‌কন, পরিহাস করণ, to smile, laugh gently, laugh at.
বিহা, বিবাহ, পরিণয়, a marriage, a wedding, nuptials.
বিহস্ত, উদ্বিগ্ন, বিহ্বল, ব্যাকুল, perplexed, bewildered, confused, confounded. [torted.
বিহাপিত, দান, উৎসর্গ, দত্ত, নিঙ্গড়া, a gift, donation, given, ex-
বিহান, প্রাতঃকাল, প্রত্যুষ, ভোর, the morning, the dawn, early.
বিহায়স্, আকাশ, অন্তরীক্ষ, শূন্য, the sky, the atmosphere.
বিহার, বেড়ানি, যাত্রা, ভ্রমণ, কেলি, লীলা, a walk for pleasure or exercise, a tour, trip, ramble, a roaming, play, pastime, sport.
বিহারক, বিহারী,—বেড়ানিয়া, লীলাকারী, খেলানীয়া, taking exercise, walking or riding for pleasure, playing, sporting, moving freely. [dicule.
বিহাস, ঈষদ্ধাস্য, বিদ্রূপ, a smile, gentle laugh, laughter, ri-
বিহিত, উচিত, শাস্ত্রোক্ত, fit, proper, right, orderly, necessary.
বিহীন, রহিত, bereft, destitute or deprived of, without.
বিহ্বল, ক্ষুব্ধ, ব্যাকুল, ব্যস্ত, ভয়াপন্ন, agitated, troubled, disturbed, alarmed. [survey.
বীক্ষণ, দেখন, অবলোকন, to see, perceive, behold, view,
বীচ, আঠি, চারা, মূলকারণ, a seed, plant, source, origin.
বীচতলা, বীচাড়, বীচাড়ি,— মাঁদাবাঁধা, a seed-plot, seed-bed.
বীচালি, পলাল, আছড়া, নাড়া, straw, stubble.
বীচি, তরঙ্গ, ঢেউ, a wave, a ripple. [cause.
বীচী, বীজ, দানা, মূল, আদিকারণ, a seed, origin, source,
বীজ, মূলকারণ, হেতু, দানা, শস্য, আঠি, অঙ্কুর, শুক্র, অঙ্কবিদ্যা, ওঁকার, a cause, origin, spring, source, principle, seed, kernel, fruit-stone, sprout, semen, algebraic analysis, the mystical ওঁ.
বীজডাঙ্গা, বা তলা,—মাঁদাবাঁধা, a seed-plot, seed-bed.
বীজগণিত, অঙ্কবিদ্যা, arithmetic, mensuration and algebra.
বীজন, পাখা ঢুলান, বাতাস করণ, to fan, to agitate the air.
বীজপুরুষ, বীজী,—আদিপুরুষ, a progenitor, aborigines.
বীজাঙ্কুর, গেঁজ, ডেঁপ, চণকাদির দল দ্বয়, a seed-sprout, shoot, seed-lobe or cotyledon. [from a family.
বীজ্য, বীজোৎপন্ন, কুলজ, উদ্ভব, produced from seed, sprung

বীণা, তন্ত্রবাদ্য বিশেষ, the Indian lute or guitar.
বীত, গত, শান্ত, দমিত, gone, past, tranquil. quiet, tame.
বীতরাগ, রজোগুণহীন, জিতেন্দ্রিয়, free from passion, of subdued passions. [terrace, a stall, shop.
বীথি, পথ, শ্রেণী, বেদী, আপণ, a road, a row, a line, a front
বীভৎস, ঘৃণা, ঘৃণার্হ, ক্রূর, হিংসুক, disgust, abhorrence; disgusting, cruel, mischievous.
বীর, শূর, যোদ্ধা, ভণ্ড, গুণী, গুণবান্, বামাচারী, শৌর্য্য, গার্হপত্য, সাহসী, সতেজ, বলবান্, শ্রেষ্ঠ, a hero, warrior, champion, valiant man, an actor, mime, one eminent for any moral excellence, a Tantrist, heroism, (in poetry,) the sacred domestic fire of a Brahmin; bold, valiant, brave, gallant, powerful, strong, robust, eminent.
বীরত্ব, শৌর্য্য, সাহস, বিক্রম, heroism, valour, courage.
বীরপট্ট, পটুকা, পাটার, a warrior's belt or zone, a girth.
বীরবাহু, শূরের শ্রেষ্ঠ, মল্ল, chief among heroes; a wrestler.
বীরবৌলি, কর্ণভূষণ বিশেষ, কুণ্ডল, an ear-ring having a stone between two pearls.
বীরভদ্র, বিলক্ষণ যোদ্ধা, যজ্ঞীয় ঘোটক, a distinguished hero, a sacrificial horse. [terodoxy.
বীরভাব, বামাচার, বিধর্ম্ম, the observance of the Tantras, he-
বীরহা, নষ্টাগ্নি ব্রাহ্মণ, a Brahmin whose sacred fire has been extinguished through impiety or carelessness.
বীরা, গৃহিণী, পতিপুত্রবতী, a matron, a wife and mother.
বীরাসন, হাঁটু গাড়ন, to kneel; a kneeling porture.
বীর্য্য, শৌর্য্য, সাহস, বিক্রম, প্রতাপ, তেজ, বল, শুক্র, heroism, valour, bravery, courage, energy, spirit, power, might, semen virile. [robust.
বীর্য্যবান্, সাহসী, বলবান্, heroic, courageous, spirited, strong,
বুক, বুক্‌, —বক্ষঃস্থল, উরঃ, হৃদয়, সাহস, তেজ, the breast, bosom, chest, stomach, heart, courage, spirit.
বুকড়, বুকাড়, বুকাল, বুকাইত, } সাহসী, বিক্রমী, নির্ভয়, courageous, valourous, spirited, daring, undaunted.
বুকড়া, বক্ষঃস্থল, জীর্ণঘরা, the breast, the stomach, the maw.
বুকনী, চূর্ণ, চূর্ণ শর্করা, a powder, powdered sugar.

বুকফুলন-আন, বুকবাড়ান,—টেকারিয়া চলন, to strut, stalk, swell with self-consequence.

বুক্কন, ভষণ, ভেউ২ করণ, to bark as a dog.

বুজন, মুদন, নিবন, ভরণ, to close or shut as the eyes, to go out as a lamp, to be extinguished, to be stopped or filled up with any substance.

বুজান, নিবান, ভরাট করণ, ঢাকন, মুদন, to extinguish, put out, to fill up with rubbish as a pit or well, to stop, cover over, close up, to shut the eyes.

বুজ্গুড়ী, বুদ্বুদ্, হতবৃদ্ধি, a bubble; stunted in growth.

বুজ্বুজ্, বুদ্বুদ্, জলবিম্ব, a bubble. [derstanding, genius.

বুঝ, অনুমান, বুদ্ধি, an idea, thought, apprehension, un-

বুঝন, জ্ঞান পাওন, অনুভব করণ, জানন, মনে করণ, বিবেচিয়া কহন, টাহরণ, বিবেচনা করণ, to understand, perceive, feel a sensation, know, infer, imagine, think, suppose, suspect, design, intend, remark, note, weigh, consider, examine.

বুঝান, বিজ্ঞাপন, বিবরণ, সমঝান, প্রবোধন, শিক্ষাণ, জানান, to explain, describe, relate, demonstrate, cause to understand, convince, persuade, instruct, to import, express, mean.

বুঝাপড়া, অন্যায়গ্রস্ত লোকের উপকার করা, তত্ত্বজিজ্ঞাসা, the redressing of a grievance, an enquiry into.

বুঝায়, বুদ্ধি, জ্ঞান, the understanding, sense. [sibly.

বুঝি, মনে করি, কদাচিৎ, হইতে পারে, I think, perhaps, pos-

বুট, কলায় বিশেষ, a sort of pulse called *Gram*.

বুড়-া, বৃদ্ধ, স্থূল, old, aged, great, (toe or finger.)

বুড়ন, মজন, ডুবন, আপ্লাবন, to sink, plunge, dive, dip, drown, overflow. [swamp.

বুড়া, ডুব, বন্যা, জলগণ্ড, an immersion, an inundation, a

বুড়ান, ডুবান, উড়ান, to immerse, plunge, dip, squander.

বুড়াপনা, বুড়ামি,—বার্দ্ধক্য, প্রাচীনতা, old age, agedness.

বুড়ি, বন্যা, জলপ্লাব, কাকিণী, an inundation, the drowning of land, five gandas.

বুড়ী, বৃদ্ধাবস্থা, বৃদ্ধা, আপ্লাবিকা, old age, an old woman; *f.* old, aged, inundating, overflowing.

বুদ্ধ, বিদিত, অবগত, অনুভূত, গৌতম, বিষ্ণুর নবমাবতার, known, understood, perceived, felt; Buddha, the 9th incarnation of Vishnu.

বুদ্ধি, চেতন, জ্ঞান, প্রজ্ঞা, মতি, রস, উপলব্ধি, বোধ, intellect, understanding, genius, judgment, sense, sagacity, wit, perception, an idea.

বুদ্ধিমান, জ্ঞানী, পণ্ডিত, intelligent, sagacious, sage, wise.

বুদ্ধীন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয়, অর্থাৎ শোত্র ত্বকাদি, an organ of intellect.

বুদ্বুদ, বিম্ব, ফোস্কা, a bubble, vesicle, blister.

বুধ, চতুর্থ গ্রহ, পণ্ডিত, the planet mercury or its regent, [a sage.

বুধবার, চতুর্থ বার, Wednesday.

বুনট, বুনাট, বুনন, বুননি,—কাপড়ের ধাত, the texture of stuffs.

বুনন, বস্ত্রনির্ম্মাণ, বপন, to weave, knit, sow seed.

বুননিয়া. তন্তুবায়, তাঁতী, বপ্তা, a weaver, a seedsman, sower.

বুনাপ, বুনা কাপড়, a web, (of cloth.)

বুনা, বুনো, বুনুয়া,—জঙ্গলী, আরণ্য, wild, sylvan, rural.

বুভুক্ষা, ভোজনের ইচ্ছা, ক্ষুধা, appetite for food, hunger.

বুভুক্ষিত, বুভুক্ষু.—ক্ষুধিত, ভোজনেচ্ছুক, hungry, eager for food.

বুভুৎসা, জ্ঞানেচ্ছা, জিজ্ঞাসা, a desire to know or understand.

বুভুৎসু, জ্ঞানেচ্ছুক, জিজ্ঞাসু, desirous of knowing, &c.

বুরুল, তিন যব পরিমাণ, অঙ্গুষ্ঠপর্ব্ব পরিমাণ, an inch.

বুর্মা, ভমরী, তুরপণ, a gimlet.

বুলন, হস্ত দিয়া মর্দ্দন, ঘর্ষণ, ঘষিয়া যাওন, বেড়ান, to stroke an animal, to rub, fret, chafe, to stroll, rove, stray.

বুলী, ভাষা, বাক্য, কথা, speech, talk.

বুস, বুষ,—ধান্যাদির আগড়া, তুষ, chaff, husk, bran.

বৃংহিত, বর্দ্ধিত, উন্নত, পুষ্ট, grown, increased, nourished.

বৃক, কোক, শৃগাল, নাকেশ্বরীবাঘ, কাক, বৃক্ষনির্যাস বিশেষ, a wolf, jackal, hyæna, a crow, turpentine.

বৃক্ষ, দ্রু, তরু, ঝাড়ী, গাছ, a tree, shrub, plant.

বৃক্ষরুহ-া, লতা, পরগাছা, a parasitical or creeping plant, a [creeper.

বৃজিন, কেশ, পাপ, দুষ্কর্ম্ম, অধর্ম্ম, hair, sin, vice, wickedness.

বৃত, বাঞ্ছিত, মনোনীত, নিযুক্ত, আচ্ছাদিত, রক্ষিত, ঘেরিত, সেবিত, selected, chosen, approved, preferred, appointed, covered, screened, defended, enclosed, surrounded, served, attended.

বৃতি, বাছনী, সম্মতি, নিয়োগ, নিবেদন, যাচ্ঞা, ঘেরা, ব্যবধান, বেষ্টন, a selection, choice, approbation, appointment, a request, solicitation, a hedge, fence, enclosure, a surrounding, encompassing, covering.

বৃত্ত, ভূত, মৃত, অতীত, গোল, স্বভাব, চরিত্র, ব্যবহার, রীতি, পদ্য, মণ্ডল, been, having existed, dead, deceased, past, gone, round, (in form;) disposition, nature, practice, custom, metre, verse, a circle.

বৃত্তান্ত, বিবরণ, বিস্তারিত কথা, বার্ত্তা, জনরব, প্রস্তাব, বিষয়, ইতিহাস, প্রকার, প্রভেদ, ধর্ম্ম, ভাব, a narration, account, detail, particulars, intelligence, news, report, a topic, subject, circumstance, story, tale, a sort, kind, manner, difference, property, nature.

বৃত্তি, বার্ষিক, জীবিকা, বেতন, নির্বাহ, জীবনোপায়, ব্যবসায়, ধন, সম্পত্তি, অধিকার, ভব, স্থিতি, ব্যাখ্যা, সূত্রের বিবরণ, a pension, grant, maintenance, support, stipend, a livelihood, means of subsistence, profession, wealth, property, estate, being, existence, a gloss, comment, explanation, exposition.

বৃথা, নিষ্ফলে, অনর্থক, ব্যর্থ, অলীক, মিথ্যা, পণ্ড, in vain, idly, uselessly, to no purpose; useless, vain, absurd, idle, false, blank. [nonsense.

বৃথাকথা, অসঙ্গত বাক্য, অনর্থক কথা, an absurdity, idle talk,

বৃদ্ধ, বর্দ্ধিত, উন্নত, বাড়ন্ত, বড়, গতযৌবন, বুড়া, encreased, enlarged, large, grown, full grown, old, aged.

বৃদ্ধকাল, বুড়ামী, বার্দ্ধক্য, old age. [old age.

বৃদ্ধতা, বাড়ি, উন্নতি, বুড়ামী, increase, greatness, opulence,

বৃদ্ধা, বুড়ামী, বুড়ী, বাড়ি, an old woman, old age, increase.

বৃদ্ধাঙ্গুষ্ঠ, বৃদ্ধাঙ্গুলি,—অঙ্গুষ্ঠ, পাদাঙ্গুষ্ঠ, the thumb, the great toe.

বৃদ্ধি, বাড়ি, উন্নতি, পুরস্কার, প্রতিপত্তি, সম্ভ্রম, ধনসঞ্চয়, ব্যাজ, চড়তি, কুরণ্ডরোগ, increase, augmentation, growth, vegetation, prosperity, success, promotion, preferment, consequence, extension of power or revenue, accumulation, interest on money, advance in price, enlargement of the scrotum.

বৃদ্ধ্যাজীবী, ঋণদায়ক, ব্যাজখেকুয়া, a money-lender, a usurer.

বৃহদাকাঙ্ক্ষী, ঐশ্বর্য্যেচ্ছুক, ambitious, aspiring.

বৃন্ত, বোঁটা, ডাঁটা, কুচাগ্র, a stalk, stem, foot-stalk, a nipple.

বৃন্দ, রাশি, সমুদায়, গণ, সমূহ, সমাজ, সভা, a heap, quantity, multitude, assemblage, congregation, company.

বৃন্দা, তুলসী বৃক্ষ, the sacred Basil.

বৃন্দারক, প্রধান, অধিপতি, দেবতা, অমর, শ্রেষ্ঠ, উত্তম, আর্য্য, বিশিষ্ট, মনোজ্ঞ, a chief, head, leader, a god, an immortal; chief, excellent, eminent, best, respectable, reputable, handsome.

বৃন্দ, এক শত ক্রোর, দশ সহস্র লক্ষ, a thousand millions.

বৃশ্চিক, ক্রূণ কীট, বিছা, শূয়া পোকা, অষ্টম রাশি, a scorpion, centipede, the hairy caterpillar, the sign Scorpio.

বৃষ, পুরুষগো, দ্বিতীয় রাশি, বলবান্, ধর্ম্ম, শ্রেষ্ঠ, উত্তম, a bull, the sign Taurus, a strong man, virtue, moral merit; *in comp*: excellent, eminent, best.

বৃষভ, অনড্বান্, শ্রেষ্ঠ, a bull; *in comp*: preeminent, best.

বৃষল, শূদ্র, চতুর্থ বর্ণ, a Shúdra, the lowest cast.

বৃষলী, শূদ্রী, বন্ধ্যা, মৃতপ্রসূতা, রজস্বলা কুমারী, a female Shúdra, a barren woman, the mother of a still-born child, a marriageable girl.

বৃষ্টি, মেঘের জলপাত, বর্ষা, rain, a shower.

বৃহৎ, বড়, মহৎ, বিপুল, প্রকাণ্ড, অতিবাদ, চমৎকার, great, large, important, huge, stupendous, magnificent.

বৃহস্পতি, পঞ্চম গ্রহ, সুরাচার্য্য, the planet Jupiter, the preceptor of the gods.

বেওরা, বিবরণ, বৃত্তান্ত, a narration, detail, recital, report.

বেঁকন, তেওড়ন, to become awry or crooked, warp, bend.

বেঁজী, পল্লব, অঙ্কুর, ব্রণ, নকুল, a shoot, sprout, pimple, pustule, a mongoose.

বেঁটা, বেঁটে,—খর্ব্ব, হ্রস্ব, খাট, dwarf, short, low in stature.

বেঁড়া, বেঁড়ে,—পুচ্ছহীন, destitute of a tail, tailless.

বেকলা, ছোল, ত্বক্, the rind of fruit, integument, peel, skin.

বেগ, শীঘ্রগতি, কুতূহল, ত্বরা, স্রোত, প্রবাহ; কোঁথা, swiftness, celerity, velocity, rapidity, impetuosity, speed, haste, impetus, a stream, flow, current, a straining at stool.

বেগড়া, নষ্ট, বিকৃত, দুষ্ট, spoiled, marred, faulty, vicious.
বেগবান, বেগী,—সত্বর, দ্রুতগামী, চালাক, swift, fleet, impetuous, active. [go swiftly.
বেগান, সরণ, বেগে বহন, দৌড়িয়া যাওন, বড়ান, to flow, hasten,
বেগরহিত, মন্দ, ঢীলা, অসত্বর, not rapid or quick, slow, dull, inactive. [pressed.
বেগার, বিনাবেতন কর্ম্মকারী, আজ্ঞকৃত, forced into service, im-
বেগারী, আজ্ঞকরা, ধরিয়া খাটান, an impressing or forcing to work, a putting to compulsory labour.
বেগুন, হিঙ্গুলী, বার্ত্তাকী, the egg plant or its fruit.
বেগুনিয়া, অরুণবর্ণ, ধূম্র, of a purple-colour, purple.
বেঙ, মণ্ডূক, ভেক, a frog.
বেঙ্গা, নেটা, left-handed.
বেঙ্গাচী, বেঙ্গের ছা, a tadpole or young frog.
বেঙ্গাপিতল, মিশ্রিত ধাতু বিশেষ, কাংস্য, white-brass, bell-metal.
বেচন, বিকণ, বিক্রয় করণ, to sell, vend, dispose of.
বেচনিয়া বিক্রয়কারী, বিক্রেতা, বেপারী, selling, vending; a seller, salesman. [assort.
বেছন, চুনন, পৃথক্ ২ করিয়া সাজান, to pick, choose, select,
বেজী, নকুল, a mongoose, weasel, ferret.
বেটন, বেঠন,—পরিবেষ্টন কাপড়াদি, a wrapper, an outside covering of cloth or paper. [fellow.
বেটা, বেটী,—পুত্রপুত্রী, *m.* & *f.* a son, a daughter; *m.* a
বেটুয়া, বেড়ানিয়া, মৃতদার, থলিয়া, a vagrant, a widower, a purse.
বেট্যা, দড়ী, রজ্জু, a string, cord, rope.
বেড়, আটন, আড়াল, ঘেরা, ফেরা, বাঁক, ভণ্ডতা, a fence, hedge, party-wall, circumference, circuit, a turn, roll, winding, a scheme, collusion.
বেড়ন, ঘেরণ, পরিবেষ্টন, জড়ান, আট্কান, পুনর্ব্বিতর্ক করণ, to surround, encircle, invest, enclose, entwine, impound, imprison, re-examine, re-consider.
বেড়া, আবরণ, ঘেরা, a screen, fence, enclosure, pound.
বেড়ান, ভ্রমণ, ফেরণ, টহলন, পর্য্যটন, to traverse, ramble, walk for exercise, lounge, rove, roam, travel.
বেড়ী, পাদবন্ধন লৌহপাশ, নিগড়, বাউলী, থর, fetters, irons, a pair of tongs, the short hair on the head.

বেড়্যা, প্রগল্ভ, টেঁটা, ঝাঁপিয়া, বাড়ন্ত, উৎকৃষ্ট, উত্তম, presuming, forward, overbearing, jutting out, overhanging, rising above, excelling, eminent, good.

বেড়্যান, পিটন, ঠেকন, to strike, beat, strike against.

বেণী, বিউনী, কবরী, বিন্যস্ত কেশ, জলপ্রবাহ, নেতা, মুহনা, a plait or braid of hair, a tail, queue, a stream, current, the branch of a river, the conflux of rivers.

বেণু, বংশী, মুরলী, বাঁশ, a pipe or flute, a bamboo. [dealer.

বেণ্যা, মহাজন, ব্যাপারী, বণিক, a banker, merchant, trader,

বেত, বেত্র,—খড় বিশেষ, ছড়ী, the ratan, a reed, a cane.

বেতন, ভৃতি, ভরণ্য, খাটনি, প্রতিফল, wages, hire, fare, reward, recompen e, compensation.

বেতাল, ভূত, পিশাচ বিশেষ, an evil spirit, dæmon, fiend.

বেত্তা, জ্ঞাতা, নিপুণ, *in comp*: versed in, acquainted with.

বেদ, শ্রুতি, সামাদি চার শাস্ত্র, বিদ্যা, জ্ঞান, a Veda or sacred writing, philosophy, science, knowledge.

বেদনা, পীড়া, ব্যথা, যাতনা, দুঃখ, অনুভব, জ্ঞান, pain, smart, ache, agony, torment, torture, distress, perception, sensation, feeling.

বেদনীয়, জ্ঞেয়, অনুভবনীয়, বোধ্য, চেনতাবিশিষ্ট, perceptible, that may be known or felt, sensible, sensible to.

বেদাঙ্গ, ব্যাকরণাদি ছয়, the sciences appendant on the Vedas.

বেদাঙ্গী, বেদাঙ্গবেত্তা, studying or professing the Vedangas.

বেদান্ত, বেদের উত্তম কাণ্ড, the Vedánt or speculative theology.

বেদান্তী, বেদান্তমতাবলম্বী, a Vedántist or follower of the Vedánt.

বেদি, বেদী,—যাগাদি কারণ পরিষ্কৃতা ভূমি, মঞ্চ, পিড়ী, পীঠ, an altar, pillar, terrace, platform, stool, bench.

বেদী, বেত্তা, জ্ঞ, নিপুণ, *in comp*: knowing, acquainted with.

বেদিতব্য, বেদ্য,—বোধ্য, অনুভবনীয়, perceptible, that may be felt or known.

বেদ্যা, ব্যাধ, মৃগব্যজীবী, a hunter, a fowler.

বেধ, ছিদ্র, বিঁদ, সুরঙ্গ, তল, কড়া, a perforation, hole, bore, excavation, depth, the link of a chain.

বেধন, বিঁধন, কোড়ন, ভেদন, সিঁধ কাটন, ফোড়ন, আঁচড়ান, to perforate, pierce, bore, penetrate, excavate, &c. to prick, scratch, wound.

বেধস্, বেধা,—ব্রহ্মা, বিষ্ণু, Brahmá, Vishnu. [a hurt.
বেধা, গর্ত্ত, তল, আঁচড়, ঘা, a hole, excavation, depth, a scratch,
বেপন, কম্পন, থরথরাণী, to tremble, to quake; a tremor.
বেপার, বিকীকিনী, বাণিজ্য, ব্যবসায়, কর্ম্ম, জীবনোপায়, buying and selling, traffic, commerce, a trade, calling.
বেপারী, বণিক, ব্যবসায়ী, a trader, merchant; trading, dealing.
বের‍্যাণ, নির্গমন, নিঃসরণ, জন্মন, উঠন, বাড়ন, বাহির হওন, ছোটান, জন্মান, ঘটনাক্রমে সিদ্ধ হওন, to go out or forth, issue, exude, arise, proceed, shoot up, stick or jut out, slip out, emit, throw, yield, be proved by the event. [in wealth.
বের‍্যাপড়ন, ছাড়িয়া উঠন, বাড়ন, to overhang, jut out, increase
বেল, শ্রীফল, the Bel fruit.
বেলকার, ফোড়া গালনের অস্ত্র, a lancet. [wood or stone &c.
বেলন, বেলুন,—ভলনা, a baker's or pastry-cook's roller of
বেলা, সময়, কাল, মল্লিকা, time, tide, time of day, (*an affix to words of time,*) a jasmine.
বেল্যা, সিকতাময়, মৎস্য বিশেষ, sandy; a species of fish.
বেশ, বস্ত্র, পরিচ্ছদ, ছদ্ম, শরীরের ভূষা, a dress, habit, guise, disguise, ornament. [dress.
বেশভূষা, সাজানি, অলঙ্কারাদি, embellishment, ornaments, finery,
বেশমাল্য, গর্ভক, an ornamental garland, a chaplet.
বেশর, লোলক, নাসারন্ধ্র, an ornament for the nose, a nostril.
বেশী, কৃতবেশভূষা, ছদ্মযুক্ত, dressed, ornamented, disguised.
বেশ্মন, গৃহ, বাসা, a house, a dwelling. [prostitute.
বেশ্যা, কুলটা, বারস্ত্রী, গণিকা, a courtezan, harlot, strumpet,
বেশ্যালয়, গণিকাগৃহ, a house of ill fame, a brothel. [gum,
বেষ্ট, আটা, বৃক্ষনির্যাস, birdlime, glutinous matter, size,
বেষ্টন, ঘেরণ, বেড়ন, জড়ান, বান্ধন, কটিবন্ধনী, পটুকা, to surround, encircle, enclose, invest, wind or twine round, bind; a girdle, zone, belt, &c.
বেষ্টিত, ঘেরিত, বেড়িত, জড়ান, surrounded, invested, girt, enclosed, &c. set as a jewel.
বেস্যাড়া, বাসি, সড়া, দুর্গন্ধী, stale, rancid, old, stinking.
বেহা, বিবাহ, পরিণয়, a wedding, a marriage. [father.
বেহাই, জামাতার পিতা, পুত্রবধুর পিতা, a son or daughter-in-law's

বেহারা, কাহার, a palkee bearer. [less.
বৈ, পুথী, ছাড়া, ঋতে, ভিন্ন, a book; except, besides, un-
বৈকল্পিত, বিকল্প, দ্বিধাকল্প, differently or variously applied, (in grammar,) optional.
বৈকল্য, বিস্ময়, ভাবরাণী, ঘবরাণী, বক্রতা, বিগড়, বিকৃত ভাব, অপ্রসন্নতা, amazement, agitation, confusion, discomposure, distortion, defectiveness, an impaired or withered state, unpropitiousness.
বৈকাল, সন্ধ্যাকাল, অপরাহ্ন, the evening, afternoon.
বৈকালী, সন্ধ্যাকালীন নৈবেদ্য, the evening offering.
বৈকুণ্ঠ, বিষ্ণুর ধাম, নারায়ণ, ইন্দ্র, the paradise of Vishnu, Vishnu himself, Indra.
বৈকৃত্য, পরিণাম, বিগড়, দুষ্টামি, বক্রতা, ঘৃণা, a change, transformation, depravity, deformity, aversion, disgust.
বৈগুণ্য, প্রাতিকূল্য, অপ্রসন্নতা, দুরদৃষ্ট, অপকৃষ্টতা, কদর্য্যতা, বিমুখ, বিপক্ষ, hostility, unpropitiousness, an adverse condition, perniciousness, worthlessness; unpropitious, adverse, hostile. [fear, &c.
বৈক্লব্য, ক্ষোভ, ঘবরাণী, agitation, confusion, overpowering
বৈচিত্র্য, বিচিত্রতা, শোভা, সৌন্দর্য্য, variety, variegatedness, ornament, beauty, &c. [of garland.
বৈজয়ন্তী, পতাকা, ধ্বজ, মালা বিশেষ, a flag, banner, ensign, a kind
বৈটা, বৈঠা—কেরবাল, বটিয়া, a paddle or short oar.
বৈঠক, সভা, সমাজ, সম্প্রদায়, an assembly, a sitting, a club, a company, a hooka-bottom.
বৈণবিক, বৈণুক,—বেণুবাদ্যকর, বংশীধর, a flute player.
বৈণিক, বীণাবাদ্যকর, a lute or guitar player.
বৈতথ্য, অলীকতা, অসত্যতা, falsehood, untruth.
বৈতনিক, বেতন লইয়া কর্ম্মকর্ত্তা, ভরণ্যভুক, a hired labourer or servant, a hireling.
বৈতরণী, নরকস্থা নদী, রাক্ষসের মাতা, the river of hell or Hindoo Styx, the mother of the Rákshasas or giants.
বৈতালিক, বেতালযুক্ত, মায়াবী, বোধকর, one who serves a dæmon or familiar, a conjurer, magician, a king's bard or musician. [a dæmon.
বৈতালিকী, কহক, বেতালের সহিত গতিবিধি, magic, intercourse with

বৈতৃষ্ণ্য, অতিশয় পিপাসা, excessive or raging thirst.
বৈদগ্ধা, বৈদগ্ধ্য,—চাতুর্য্য, নৈপুণ্য, cunning, craft, subtilty, sharpness, cleverness, skill. [Vedas.
বৈদিক, বেদবেত্তা, বেদবিহিত কর্ম্ম, skilful in or enjoined by the
বৈদুষ্য, পাণ্ডিত্য, বিদ্যা, জ্ঞান, learning, wisdom. [journer.
বৈদেশী, বৈদেশিক,—আগন্তুক, পরদেশীয়, foreign; a foreigner, so-
বৈদ্য-ক, চিকিৎসক, আয়ুর্বেদসম্বন্ধীয়, বেদবেত্তা, a physician; medical, relating to or well read in the Vedas.
বৈদ্যকশাস্ত্র, আয়ুর্বেদ, চিকিৎসা বিষয়ক গ্রন্থ, medical science, physic, a medical treatise.
বৈধ, বিহিত, যুক্তিসিদ্ধ, lawful, consistent with law, rational.
বৈধব্য, পতিহীনতা, রণ্ডাবস্থা, widowhood, state of widowhood.
বৈধর্ম্ম্য, বামাচার, নাস্তিকতা, স্বধর্ম্মত্যাগী, heterodoxy, apostacy; heretical, apostate.
বৈধেয়, মূর্খ, অজ্ঞান, পাগল, foolish, ignorant; an ideot, a fool.
বৈনাশিক, ধ্বংসক, দেহাত্মবাদী, destructive, atheistical. [reverse.
বৈপরীত্য, প্রাতিকূল্য, বিপর্য্যয়, ব্যতিক্রম, contrariety, opposition,
বৈপিত্র, ক্ষেত্রজ ভ্রাতা, a half-brother by a different father.
বৈপুল্য, আতিশয্য, গুরুতা, greatness, hugeness, importance.
বৈবর্ণ্য, বর্ণবিকার, ভ্রষ্টতা, বিগাড়, a change of colour, complexion or character, a deviation from rules of cast.
বৈবস্বত, যম, মৃত্যু, Yama the regent of death, death.
বৈবাহিক, পারিণায্য, যাহার সঙ্গে বিবাহ নিষিদ্ধ নয়, জামাতার পিতা, স্নুষার পিতা, nuptial, relating to marriage, marriageable, (as to affinity;) a son or daughter-in-law's father.
বৈভব, ঐশ্বর্য্য, মহিমা, গৌরব, wealth, grandeur.
বৈমনস্য, বিতুষ্টি, অমনোযোগ, aversion, dislike, inattention to.
বৈমাত্র, বৈমাত্রেয়,—অসহোদর ভ্রাতা, বিমাতার সন্তান, a half-brother or sister by a different mother. [tiousness.
বৈমুখ্য, ঘৃণা, বিরক্তি, অপ্রসন্নতা, aversion, dislike, unpropi-
বৈয়র্থ্য, নিরর্থকতা, inutility, uselessness, vanity, futility.
বৈয়াকরণ, ব্যাকরণবেত্তা, skilled in grammar; a grammarian.
বৈর, শত্রুতা, প্রতিযত্ন, শৌর্য্য, hostility, enmity, revenge, heroism, prowess. [pleasure.
বৈরক্ত্য, ঘৃণা, ন্যক্কার, বিতুষ্টি, disgust, nausea, dislike, dis-
বৈরঙ্গ, অসম্বন্ধীয়, অনাত্মীয়, not related, not a relative.

বৈরনির্যাতন, বৈরশুদ্ধি,—প্রতিহিংসা, অহিতকারির অপকার, revenge, retaliation, requital of injury.
বৈরস্য, কুস্বাদ, মন্দ তার, a disagreeable taste. [cant.
বৈরাগী, উদাসীন, দণ্ডী, an ascetic, devotee, religious mendi-
বৈরাগ্য, ঔদাস্য, freedom from passion or worldly attachments.
বৈরি, বৈরী,—রিপু, শত্রু, বিপক্ষ, প্রতিকূল, দ্বেষী, an enemy, foe, adversary; hostile, vindictive, revengeful, spiteful.
বৈরূপ্য, কুডৌল, বক্রতা, ugliness, deformity.
বৈলক্ষণ্য, ভাবান্তর, বিশেষ, contrariety, disparity, a difference.
বৈশন, বিন্ধন, to pierce, run through, enter, penetrate.
বৈশাখ, আদ্য মাস, the first Indian month of Aries.
বৈশিষ্ট্য, উৎকর্ষ, ভব্যতা, ভিন্নতা, প্রবলতা, excellence, goodness, urbanity, gentility, peculiarity, validity.
বৈশেষিক, দর্শন বিশেষ, one of the six Darshanas or philosophical systems of the Hindoos.
বৈশ্য, তৃতীয় বর্ণ, the third or trading and agricultural cast.
বৈশ্বানর, বহ্নি, অগ্নি, fire or the god of fire.
বৈষম্য, অসাম্য, অসমভাব, আতিশয্য, দায়, উৎপাত, ঔদাস্য, inequality, unevenness, severity, rigour, difficulty, calamity, solitariness.
বৈষয়িক, সাংসারিক, of or relating to the affairs of life.
বৈষ্ণব, বিষ্ণুর উপাসক, a Vishnavite or devotee of Vishnu.
বৈসন, উপবেশন, স্থিরণ, ঘন হওন, তলন, থিতন, অবলম্বন, লাগন, to sit, sit down, rest, clot, curdle, sink, settle, subside, alight, perch, to suit or fit.
বৈসর্জ্জনিক, বিদায়ী, a parting present to a guest.
বৈস্য, বসিবার যোগ্য, fit or intended to be sat upon.
বোঁচা, বিটল, ঢেঁটা, অশিষ্ট, a callous or unprincipled person, a villain, a rascal; insolent, rude.
বোঁচামি, বিটলামি, ঢেঁটামি, rascality, villainy, rudeness.
বোঁট-া, বৃন্ত, ডাঁটা, চূচক, a foot-stalk, a stem, a nipple.
বোকা, নির্বুদ্ধি, মূঢ়, মুখচোরা, গবা, ছাগল, stupid, simple, silly, rustic, sheepish; a blockhead, a he-goat.
বোকামী, মূর্খতা, হাবামি, stupidity, rusticity, simplicity.
বোজা, বোঝ, বোঝা,—মোট, পুলিন্দা, ভার, a burden, load, bale, pack, package, truss, a charge, a trust.

বোঝাই, ভরা, পোরা, a cargo, lading, freight, load.
বোঝারী, বোড়া,—মুটিয়া, ভারবাহক, a porter, a carrier.
বোদ, নদীর স্রোতাগত কালা মৃত্তিকা, a black alluvial earth.
বোদা, বিরস, কুস্বাদু, ill-tasted, ill-flavoured. [man, bail.
বোদ্ধা, জ্ঞানী, লগ্নক, intelligent, sensible, shrewd; a bonds-
বোধ, জ্ঞান, বুদ্ধি, উপলব্ধি, অনুমান, intellect, understanding, sense, wisdom, knowledge, perception, comprehension, sensation, a notion, idea, opinion.
বোধক, জ্ঞাতা, জ্ঞাপক, সূচক, knowing, &c: signifying.
বোধন, জানন, বুঝন, অনুভূত হওন, চেতন, to know, understand, comprehend, perceive, feel a sensation; the ceremonial waking of a god. [a paradox.
বোধাতীত, অজ্ঞেয়, নিগূঢ়, অনুপলভ্য, incomprehensible, abstruse;
বোধাল, বুদ্ধিমান, দক্ষ, intelligent, wise, sensible, able.
বোধিত, জ্ঞাপিত, প্রকাশিত, made known, published, declared.
বোনন, বীজ ছড়ান, বপন, to sow seed, to weave, to knit.
বোনাল, বৃক্ষবনময়, woody, forest, abounding in woods.
বোবা, মূক, তোতলা, dumb; a stammerer, lisper.
বোবান, তোতলান, to stammer, lisp, to make a noise like a dumb man. [waist.
বোর, কাঠের গুঁড়া, কটিভূষণ, saw-dust, an ornament for the
বোরলা, বোল্তা, বোল্লা,—ভেমরুল, a hornet, a wasp.
বোরা, গুন, থলিয়া, শিম্বী বিশেষ, ধান্য বিশেষ, a sack, a bag, a bean, a species of rice.
বোল বাক্য, কথা, ভাষা, ক্ষারজল, মাটী বিশেষ, a speech, saying, sentence, word, a language, a lie or liquor for dying, a glazing earth.
বোলন, কহন, to speak, say, tell, mention, observe.
বোলান, ডাকন, ডাকান, to call, call to, send for.
বোল্চাল, কথাবার্ত্তা, আলাপ, discourse, conversation. [cry.
বোলী, ভাষা, বাক্য, ধ্বনি, a language, speech, phrase, note,
বৌদ্ধ, জিন, a Buddhist or follower of Buddhism.
ব্যক্ত, স্পষ্ট, প্রত্যক্ষ, ভিন্ন, পৃথক্, কথিত, প্রকাশিত, apparent, clear, manifest, evident, distinct, specific, individual, expressed, uttered, disclosed, revealed.
ব্যক্তগণিত, অঙ্কবিদ্যা, পরিপাটী, arithmetic.

ব্যক্তি, জন, এক লোক, শব্দের প্রত্যয়, an individual, a person, a man, a case or inflexion in grammar.

ব্যক্তিত্ব. পৃথক্‌ভাব, বিভিন্নতা, individuality, distinct existence.

ব্যগ্র, যত্নবান, সচেষ্ট, ব্যস্ত, ব্যাকুল, eager, ardent, zealous, impatient, agitated, alarmed, affrighted, perplexed, bewildered. [plexity, &c.

ব্যগ্র্য, উদ্যোগ, প্রাথর্য্য, ঘবরাণী, eagerness, ardour, zeal, per-

ব্যঙ্গ, বিদ্রূপ, গদ্দি, পরিহাস, শ্লেষ, বক্রতা, পঙ্গু, নুলা, মণ্ডূক, তিল, অপ্রকৃত, বিকলাঙ্গ, অবক্ষিপ্ত, a joke, jest, sarcasm, witticism, irony, double-meaning, pun, distortion, a cripple, a frog, a spot or freckle; misplaced, distorted, sarcastic, ironical.

ব্যঙ্গযুক্ত, বিকৃত, পরিহাস্য, অবক্ষিপ্ত, distorted, garbled, ridiculous, sarcastic, &c. [words.

ব্যঙ্গোক্তি, বিদ্রূপ, শ্লেষ, a jeer, pun, joke, sarcasm, play on

ব্যঙ্গ্য, অবক্ষেপ, শ্লেষকথা, a sarcasm, irony, covert expression of contempt, &c.

ব্যজন, পাখা, a fan of *Tal* leaves or feathers.

ব্যঞ্জক, প্রকাশক, ভেদক, সূচক, বোধক, জনক, ঘাঁটক, making clear or plain, distinguishing, indicative, expressive of passion or feeing, exciting, producing effect.

ব্যঞ্জন, লক্ষণ, চিহ্ন, হলবর্ণ, অন্নের উপকরণ, দাড়ি, a mark, sign, token, spot, a consonant, (in grammar,) sauce or condiment, the beard. [figure.

ব্যঞ্জনা-বৃত্তি, অবক্ষেপ, শ্লেষ, sarcasm, irony, a rhetorical

ব্যতিকর, আপদ, বিপর্য্যয়, ব্যতীহার, a misfortune, calamity, reverse, reciprocity, reciprocal action.

ব্যতিক্রম, প্রাতিকূল্য, ব্যত্যয়, অন্যথা, উল্টা, বিকার, প্রাতিলোম্য, লঙ্ঘন, repugnance, opposition, contrariety, reverse, change, alteration, inversion, inverted or retrogade order, transgression, violation.

ব্যতিক্রমী, অন্যথাকারী, প্রতিকূল, লঙ্ঘক, reversing, inverting, opposing, transgressing.

ব্যতিপ্রস্ত, ব্যতিব্যস্ত,—বিহ্বল, বিতুষ্ট, উৎকম্পিত, উৎপাতগ্রস্ত, agitated, alarmed, disgusted, annoyed, afflicted, troubled.

ব্যতিরিক্ত, ভিন্ন, excepted, withdrawn, distinct, different.

ব্যতিরেক, ছাড়া, অভাব, উল্টার প্রমাণ, ভিন্নতা, an exception, a withholding, the absence of a thing or an inference therefrom, an inverse argument, difference.

ব্যতিরেকে, ঋতে, বিনা, except, excepting, besides, without.

ব্যতিরেকী, বিভেদক, separating, distinguishing, excepting.

ব্যতিহার, ব্যতীহার,—বাণিজ্যকরা, পরিবর্ত্ত, প্রতিকার, পরস্পর ক্রিয়া করা, মারামারি ইত্যাদি. trade, barter, mutual exchange, reciprocal action, mutual abuse or blows, &c.

ব্যতীত, গত, নিষিদ্ধ. ছাড়ান, ভিন্ন. ব্যতিরিক্ত, past, gone, withdrawn, withheld, excepted.

ব্যতীতে, ঋতে, বিনা, besides, except, without

ব্যতীপাত, উপদ্রব, উৎপাত, ধূমকেতু ভূকম্পাদি, অনাদর, সপ্তদশম যোগ, a portentous calamity, presage, portent, as comet, earthquake, &c. disrespect, contempt, the seventeenth astronomical Yog.

ব্যত্যয়, ব্যত্যাস,—অন্যথা, বিপর্য্যয়, উল্টা, ব্যতিক্রম, বিপথগমন, ভ্রষ্টাচার, contrariety, opposition, variation, reverse, inversion, inverted or retrograde order, perverseness, deviation from, violation of.

ব্যথনীয়, পীড়নীয়, sensible to or capable of pain.

ব্যথা, পীড়া, বেদনা, ব্যামোহ, ত্রাস, ভয়, pain, smart, soreness, ache, agony, torture, distress, alarm, fear.

ব্যথিত, পীড়িত, দুঃখিত, ভীত, pained, hurt, sore, distressed, &c.

ব্যপদেশ, ছল, ব্যাজ, প্রবঞ্চনা, সংজ্ঞা, a pretence, deception, craft, fraud, dishonesty, a name, appellation.

ব্যপদেষ্টা, কপটী, প্রবঞ্চক, নামদায়ক, a deceiver, impostor, a denominator, that which denominates.

ব্যপেত, বিরুদ্ধ. বিপরীত, opposed, contrary.

ব্যবকলন, অংশহীন করণ, subtraction of numbers; to subtract.

ব্যবচ্ছেদ, পৃথক্ করণ, কাটন, খণ্ডং করণ, a dividing, division, separating, cutting in pieces, anatomizing.

ব্যবধা-ন, আড়াল, আবরণ, অন্তর, আচ্ছাদন, ঢাকা. অন্তর্ধান, a partition, screen, fence, something intervening between two objects. intervention, interposition, intermediate space, distance, covering, a covering, concealment, disappearance.

ব্যবধাতা, বিচ্ছেদক, আবরক, মধ্যবর্ত্তী, আড়াল, theperson or thing which separates or intervenes, a partition, the septum of the nose.

ব্যবধায়ক, ব্যবধায়ী,—মধ্যস্থিত, আবরক, আচ্ছাদক, intervening, intermediate, screening. concealing &c.

ব্যবধেয়, মধ্যস্থেয়, suitable to intervene or lie between.

ব্যবসা, ব্যবসায়,—বৃত্তি. কর্ম্ম, ব্যাপার, বাণিজ্য, ক্রয়বিক্রয়, উদ্যোগ, পরিশ্রম, উৎসাহ, কল্পনা, কৌশল, ছল, profession, occupation. calling, trade, traffic, barter, commerce, effort, exertion, industry, perseverance, a plan, device, trick.

ব্যবসায়স্থান, বাণিজ্য কুঠী, হাট. a factory, a fair, market, &c.

ব্যবসায়ী, বণিক, বিষয়ী, ব্যাপারী, a dealer, merchant, trader; secular, following a trade, &c.

ব্যবস্থা, বিধি, আদেশ, বিধানপত্র, রীতি, ব্যবহার, মত, বিয়োগ, পৃথক্করা, a law, statute, rule, written decision, prescription, established custom, tenet, a separation, a placing apart. [ment.

ব্যবস্থান, কাছারী, বিচারস্থল, a court of law, a place of judg-

ব্যবস্থানীয়, ব্যবস্থেয়,—বিবাদ বিষয়, বিধেয়, to be decided at law, proper as an object of legislation.

ব্যবস্থাপক, বিধায়ক, বিচারকর্ত্তা, a legislator, expounder of law; legislating. [interpret laws.

ব্যবস্থাপন, বিধান করণ, বিধান জ্ঞাপন, to legislate, to enact or

ব্যবস্থাপত্র, বিধানলিপি, a written opinion or legal decision.

ব্যবস্থিত, নিষ্পন্ন, আদিষ্ট, নিয়ত, স্থির, ভিন্ন, settled, decreed, enacted, arranged, invariable, separated, distinct. [to usage, litigable.

ব্যবহরণীয়, ব্যবহর্ত্তব্য,—আচরণীয়, ন্যায্য, customary, agreeable

ব্যবহর্ত্তা, মধ্যস্থ, নিষ্পাদক, বিচারকর্ত্তা, আদ্দাশী, রীতিদ, an umpire, arbitrator, judge, plaintiff, the introducer of a custom.

ব্যবহার, ধারা, চালি, লৌকিক কর্ম্ম, রীতি, আচার, বিবাদ, ব্যবসায়, a custom, usage, practice, rite, ceremony, customary observances, idiom, action, conduct, behaviour, a lawsuit, profession, business.

ব্যবহারক, ব্যবহারী,—আচারী, রীতিদ. acting customarily, in the habit of, practising, bringing into use.

ব্যবহারজ্ঞ, গতবাল্য, রীতিজ্ঞ, one past his minority and admissible to proceed at law; acquainted with usages.

ব্যবহারতঃ, ধারাক্রমে, customarily, by common usage.

ব্যবহারিক, আচরণীয়, চলিত, calculated for use, &c: customary.

ব্যবহারিত, আচরিত, চলিত, পুরাতন, established, brought into use or practice, common, current, customary, usual, old, second-hand.

ব্যবহার্য্য, লৌকিক, চলিত, আচরণীয়, ন্যায্য, চলনার্হ, পরিধেয়, বস্ত্র, customary, usual, practicable, fit for use, to be observed or practised, actionable at law, passable, (as a road,) fit for wear; a garment.

ব্যবহিত, মধ্যস্থাপিত, ব্যবধানবিশিষ্ট, আবৃত, interposed, put between, parted, separated, covered, concealed.

ব্যবহৃত, আচরিত, চলিত, done customarily, practised, used.

ব্যভিচার, অসতীত্ব,পারদার্য্য,দুষ্ক্রিয়া,বিগাড়,স্বভাবের অন্যথা,স্বামি ত্যাগকরা, ভ্রষ্টাচার, fornication, adultery, a change of state, situation, owner or master, a straying.

ব্যভিচারী, পারদারিক, লম্পট, বিপথগামী, দুষ্টাচারী, adulterous, erring, straying, following wrong courses.

ব্যভিচারিণী, পরপুরুষগামিনী, বেশ্যা, *f.* an adultress, harlot, jilt.

ব্যয়, অর্থনিক্ষেপ, ধনক্ষয়, হ্রাস, ফুরণি, a spending, expense, expenditure, diminution, consumption.

ব্যয়কাতর, ব্যয়কুণ্ঠ,—কৃপণ, penurious, miserly, stingy, sordid.

ব্যয়শীল, ব্যয়ী,—উড়ামিয়া, দানশীল, দাতা, extravagant, expensive, lavish, generous, liberal.

ব্যয়িত, ফুরা, উড়ান, expended, spent, consumed, dissipated.

ব্যয়ীকৃত, ফুরাণ,অপচয়িত, নিক্ষিপ্ত,made an article of expenditure or consumption, expended, consumed.

ব্যর্থ, নিরর্থক, useless, vain, ineffectual, unmeaning.

ব্যলীক, অনুচিত, অপ্রিয়, মন্দ, অশুভ, বিপরীত, ঢেঁটা, দুঁদিয়া, ক্রূর, দুষ্ট, বিটুল, পীড়া, যাতনা, improper, offensive, disagreeable, unlucky, unnatural, contumacious, seditious, mischievous, vicious, addicted to unnatural crimes; a pathic, pain, torture.

ব্যভীচতা, বিতুষ্টি, অনৌচিত্য, বিটলামী, গণ্ডগোল, displeasure, dissatisfaction, impropriety, viciousness, unnatural lust, sedition, mutiny.

ব্যসন, পাপ, দোষ, বিপদ, vice, sin, calamity, misfortune.

ব্যসনী, দুষ্ট, ভ্রষ্ট, দুঃখী, vicious, unfortunate, distressed.

ব্যস্ত, ক্ষুব্ধ, উৎকণ্ঠিত, উদ্বিগ্ন, ব্যাকুল, বিতুষ্ট, ব্যগ্র, উদ্যত, ব্যতিক্রান্ত, উল্টা, বিচ্ছিন্ন, agitated, distressed, troubled, perplexed, confused, bewildered, annoyed, ruffled, displeased, impatient, eager, busy, inverse, reversed, separated.

ব্যাকরণ, বাক্য রচনা শাস্ত্র, grammar.

ব্যাকার, ব্যাকৃতি,—পরিণাম, বক্রতা, বৈকল্য, বিদ্রূপ, change of form, distortion, disfiguring, deformity, mimicry.

ব্যাকুল, ব্যাকুলিত,—কাতর, উৎকণ্ঠিত, অবাক্, বিক্লব, troubled, perturbed, disturbed, agitated, distracted, confounded, perplexed, bewildered.

ব্যাকৃত, বিকৃত, বিকলাঙ্গ, deformed, distorted, disfigured.

ব্যাখ্যা, ভাষ্য, টীকা, বিবরণ, প্রশংসা, গুণপ্রস্তাব, a comment, exposition, gloss, statement, representation, commendation, eulogy.

ব্যাখ্যাত, উক্ত, কথিত, বর্ণিত, প্রশংসিত, declared, stated, said, explained, expounded, commended, extolled.

ব্যাখ্যান, বুঝাই, বর্ণনা, an expounding, explaining, stating, &c.

ব্যাখ্যেয়, বর্ণনীয়, প্রশংস্য, explainable, capable of statement, commendable, worthy of eulogy.

ব্যাঘাত, প্রতিবন্ধ, আটক, বাট্পাড়ী, রোধ, দায়, আপদ, an obstacle, impediment, hindrance, a waylaying, intercepting, cutting off, danger, &c.

ব্যাঘাতী, প্রতিবন্ধক, obstructing, hindering, opposing, &c.

ব্যাঘ্র, বাঘ, শার্দ্দূল, a tiger.

ব্যাজ, ছুতা, ছল, বিলম্ব, বাট্টা, ফাও, বৃদ্ধি, an excuse, veil, artifice, deceit, pretence, stay, delay, loitering, discount, deduction, a make-weight, overplus, interest of money, usury.

ব্যাজে, বিলম্বে, গৌণে, tardily, with delay.

ব্যাধ, পক্ষিমারা, মৃগব্যজীবী, জীবহিংসক, a fowler, a hunter.

ব্যাধি, রোগ, পীড়া, ব্যামোহ, disease, sickness, disorder.

ব্যাধিত, পীড়িত, রোগী, ill, sick, diseased, indisposed.

ব্যান, সমুদায় শরীর ব্যাপক বায়ু, that among the five airs which is diffused through the whole body.

ব্যাপক, মেলক, বাড়ন্ত, বিস্তারক, সমুদায় পক্ষ প্রস্তাবক, বিভু, সর্ব্বগ, কর্ত্তৃবাচ্য, প্রবল, মহৎ, প্রধানীকৃত, গর্ব্বী, প্রগল্ভ, বহু, অনেক, প্রতিপালক, প্রভু, কর্ত্তা, বিশেষক, spreading, extending, diffusive, comprehensive, embracing the whole of a plea or argument, all-pervading, governing, (in grammar,) followed by, powerful, prevalent, influential, having ascendance, haughty, over-bearing, forward, impudent, much, many, long; a protector, supporter, lord, master, an accident or inherent quality.

ব্যাপকতা, প্রভুত্ব, প্রাবল্য, বিস্তার, গর্ব্ব, প্রাগল্ভ্য, ঢেঁটামী, influence, sway, prevalence, diffusion, spread, haughtiness, overbearing, forwardness, impudence.

ব্যাপন, বিস্তরণ, বিসরণ, বিসর্পণ, মেলন, ঢাকন, লাগন, তিষ্ঠন, থাকন, বেষ্টন, বিল্‌বিলান, বাড়ন, শব্দসংযোগে চাহন, to be diffused, pervade, spread, overspread, extend, to occupy space or time, to reach, last, continue, to surround, to infest, swarm, abound, increase, to govern, (in grammar.)

ব্যাপাদন, হনন, দ্বেষ, হিংসেচ্ছা, to murder, kill, injure; malice, a wish to injure others.

ব্যাপার, বিষয়, কর্ম্ম, ব্যবসায়, পদ, প্রয়োজন, ক্রিয়া, পরিশ্রম, যত্ন, ব্যবহার, রীতি, বাণিজ্য, পরিবর্ত্ত, গতিবিধি, an affair, matter, business, profession, occupation, office, operation, transaction, process, undertaking, action, effort, endeavour, practice, usage, trade, barter, commerce, intercourse.

ব্যাপারী, কর্ম্মকারী, ব্যবসায়ী, নিবিষ্ট, উদ্ধৃক্ত, a workman, tradesman; acting, transacting, trading, busy, occupied.

ব্যাপিকা, প্রগল্ভা স্ত্রী, কাণ্ডী, অযাচিতকারিণী, a termagant, vixen, a forward or officious woman.

ব্যাপী, অন্তর্যামী, বিভু, all-diffusive, omnipresent, expansive.

ব্যাপ্ত, সর্ব্বময়, সর্ব্বগত, বিসৃত, আকীর্ণ, পুরিত, সম্পূর্ণ, বেষ্টিত, প্রাপ্ত, মিলিত, সংস্থাপিত, বিখ্যাত্যাপন্ন, pervading, diffused throughout, filling, overspread, pervaded, penetrated, filled, full, encircled, surrounded, obtained, fixed, placed, celebrated, famous.

ব্যাপ্তি, সর্ব্বত্রগতি, বিভুত্ব, পরিপূর্ণতা, স্বাভাবিক গুণ, বিস্তার, omnipresence, pervading, fulness, an inherent quality, attribute or property, diffusion, extension.

ব্যাপ্য, পর্য্য, প্রবেশ্য, সংযোগ্য, প্রভুত, অধীন, সামিল, বিশিষ্য, pervadable, permeable, penetrable, governed, (in grammar,) amenable, subject to, comprised in, dependant; the subject of an attribute.

ব্যাবর্ত্ত, বেষ্টনি, ঘেরাণি, চক্রগতি, বাছনী, নিয়োগকরা, উল্টিয়া গুড়ন, a surrounding, encompassing, screening, going round, choosing, appointing, the rolling up of a leaf, &c. backwards.

ব্যাবর্ত্তনা, নিয়োগ, বিলি, an appointing, disposal, division.

ব্যাবহারিক, লৌকিক, আচরণার্হ, calculated for common practice or use, &c. fit to be observed or practised.

ব্যাবৃত, ব্যবধানযুক্ত, ঘেরিত, অনাচ্ছাদিত, ত্যক্ত, নিরাকৃত, ব্যতিরিক্ত, well-screened or fenced, surrounded, uncovered, excluded, removed, excepted.

ব্যাবৃত্ত, মনোনীত, নিযুক্ত, বেষ্টিত, উল্টিয়া গুড়ান, প্রশংসিত, নিরাকৃত, ব্যতিরিক্ত, chosen, appointed, surrounded, rolled back, praised, hymned, removed, excepted.

ব্যাবৃত্তি, নিয়োগ, বাছনী, উদাহরণ, নিরাকৃতি, ব্যতিরেক, বেষ্টনি, স্তব, সংকীর্ত্তন বাক্য, an appointment, choice, selection, illustration, example, exclusion, rejection, exemption, surrounding, &c. praise, eulogium.

ব্যাম, বাহু পরিমাণ, ধনু, a fathom, two yards.

ব্যামুগ্ধ, দুঃখিত, পীড়িত, ক্লিষ্ট, afflicted, distressed, pained, molested.

ব্যামোহ, দুঃখ, উৎপাত, রোগ, পীড়া, ব্যাধি, উচ্চাটন, ক্লেশ, distress, trouble, vexation, affliction, suffering, pain, ache, sickness, illness, embarrassment, persecution, molestation.

ব্যামোহক, দুষ্কর, অপকারক, afflictive, distressing, &c. a nuisance.

ব্যায়াম, পরিশ্রম, উদ্যোগ, মল্লক্রীড়াদি, পৌরুষ, কর্ম্ম, ঝঞ্ঝাট, দুর্গম্য গহ্বর, ব্যাম, fatigue, labour, exertion, athletic exercises, manhood, manliness, business, occupation, a difficulty, impassable defile, a fathom.

ব্যাল, সর্প, ব্যাঘ্র শূরাদি হিংসুক জন্তু, উৎকট হস্তী, রাজা, ধূর্ত্ত, দুষ্ট, a snake, a beast of prey, a vicious elephant, a king, a rogue, a cheat ; wicked, bad.

ব্যালগ্রাহী, ওঝা, সাপুড়্যা, a snake-catcher.

ব্যাস, ব্যাপ্তি, বিস্তার, diffusion, spreading, extension.

ব্যাসক্ত, বিক্লব, উদ্বিগ্ন, bewildered, confused, perplexed.

ব্যাসঙ্গ, ঘবরাণী, ঔদাস্য, confusion, perplexity, loneliness, solitariness.

ব্যাসপিঁড়ী, পূরাণ পাঠকের আসন, the seat of one who recites [the Puráns.

ব্যাহত, মারা, পরাভূত, বিহ্বল, smitten, repulsed, confused, alarmed.

ব্যাহতি, পরাজয়, ব্যাঘাত, repulse, defeat, obstacle, interrup- [tion.

ব্যাহার, ব্যাহৃতি,— বাক্য, ওঁ ভুব ভুরাদি শব্দ, voice, speech, a word, a mystical word as *om*, *swar*, *bhur*, *bhuvah*.

ব্যাহৃত, উক্ত, কথিত, uttered, spoken, announced.

ব্যুৎক্রম, বিপর্য্যয়, উল্টাপাল্টামি, reverse or inverted order, irregular arrangement, confusion.

ব্যুত্থান, বৈপরীত্য, আটক, নিষেধ, অস্বীকার, স্বাধীনতা, টেঁটামি, নিষিদ্ধাচরণ, opposition, resistance, obstruction, prohibition, contradiction, independance, the following of one's own inclinations, disobedience, the doing of what is prohibited.

ব্যুৎপত্তি, পাণ্ডিত্য, নৈপুণ্য, শব্দ সাধন জ্ঞান, শব্দ রচনা, অর্থ, অভিপ্রায়, জ্ঞানবৃদ্ধি, সংস্কার, science, learning, critical knowledge, the formation of words, derivation, etymology, signification, meaning, advancement in learning, improvement, proficiency.

ব্যুৎপন্ন, নিপুণ, পণ্ডিত, জনিত, জাত, versed in, proficient, learned, derived, formed as a derivative word, begotten, generated.

ব্যুৎপাদক, পাণ্ডিত্যজনক, শব্দরচক, perfect in knowledge, form- [ing words.

ব্যুৎপাদ্য, সংস্কার্য্য, রচনীয়, improvable in science, derivable

ব্যূহ, সমূহ, সৈন্যবিন্যাস, ন্যায়শাস্ত্র, তর্ক, বিতণ্ডা, রচনা, নির্মাণ, শরীর, a multitude, flock, phalanx, line, military array, logic, reasoning, investigation, manufacture, a making, the body.

ব্যোম, আকাশ, অন্তরীক্ষ, the sky, atmosphere, the heaven.

ব্রজ, বৃন্দাবন মথুরা প্রভৃতি স্থান, the district about Agra and Mathura, the scene of Chrishna's adventures.

ব্রজন, গমন, ক্রমণ, পর্য্যটন, to go, move, step, rove, travel.

ব্রণ, ক্ষুদ্র স্ফোটক, a boil, tumour, carbuncle, pimple, bubo.

ব্রত, শাস্ত্রবিহিত নিয়ম, উপবাসাদি পুণ্যকর্ম্ম, ধর্ম্মসাধন, a religious vow, a voluntary penance or other supposed meritorious act of devotion.

ব্রতী, গৃহীতব্রত, যজমান, making or performing vows, &c.

ব্রহ্ম, পরমেশ্বর, পরমাত্মা, জগতের জন্মাদি কারণ, বেদ, পরমার্থজ্ঞান, তপস্, দ্বিজ, Brahma or the all-pervading essence, the first cause, the Veda, sacred knowledge, the practice of austerities, a Brahmin.

ব্রহ্মচর্য্য, প্রথম আশ্রম, ব্রহ্মচারির ধর্ম্ম, বৈরাগ্য, the state or condition of a religious student, devotion to a life of austerities, ascetism, abstract devotion.

ব্রহ্মচারী, বর্ণী, প্রথমাশ্রমী, তপস্বী, বেদবেত্তা, a religious student, one who continues such through life, an ascetic, a Pandit learned in the Veda.

ব্রহ্মজীবী, বৈতনিক ব্রাহ্মণ, a mercenary or hireling Brahmin.

ব্রহ্মজ্ঞান, আত্মজ্ঞান, একাত্মবোধ, the knowledge of the all-pervading Brahma, a persuasion of the identity of the soul with the creator.

ব্রহ্মজ্ঞানী, একাত্মজ্ঞ, one possessing the knowledge of the soul as one with Brahma.

ব্রহ্মণ্য, ব্রহ্মসম্বন্ধীয়, বিষ্ণু, relating to or connected with Brahma; Vishnu.

ব্রহ্মতত্ত্ব, আত্মতত্ত্ব, the true doctrine of the All-pervading.

ব্রহ্মত্ব, ব্রহ্মপদ, নির্ব্বাণ, অপবর্গ, মোক্ষ, divinity, deity, identification with Brahma, final absorption.

ব্রহ্মতালু, টাকরা, the palate or roof of the mouth.

ব্রহ্মরন্ধ্র, মস্তকের মধ্যস্থান, the crown of the head.

ব্রহ্মদৈত্য, অনূঢ় ব্রাহ্মণের ভূত, the ghost of an unmarried Brahmin.

ব্রহ্মনিরূপণ, আত্মতত্ত্ব নির্ণয়, the investigating of spirit or ascertaining of the true nature of God.
ব্রহ্মপুত্র, নদ বিশেষ, the Burampooter river.
ব্রহ্মবাদী, ব্রহ্মোপাসক, বেদান্তমতগ্রাহী, বেদান্তী, professing to pursue the knowledge of Brahma, speaking of Brahma, a follower of the Vedánt system of spiritual worship. [ing the Veds, &c.
ব্রহ্মবিন্দু, বেদপাঠে মুখনিঃসৃত শ্লেষ্মকণা, saliva sputtered in recit-
ব্রহ্মবেদ, একাত্মজ্ঞান, knowledge of Brahma, monotheism.
ব্রহ্মর্ষি, কশ্যপাদি মুনি, a sacred sage of the first order.
ব্রহ্মলোক, ব্রহ্মার স্থান, the heaven or world of Brahmá.
ব্রহ্মযজ্ঞ, বেদাধ্যাপন, the study or teaching of the Vedas.
ব্রহ্মা, বিধাতা, বিশ্বস্রষ্টা, Brahmá or the operative creator.
ব্রহ্মাণী, ব্রাহ্মী,—ব্রহ্মার শক্তি, মাতৃগণের প্রথমা, the energy or wife of Brahmá. [verse.
ব্রহ্মাণ্ড, জগৎ, বিশ্ব, the mundane egg, the world, the uni-
ব্রহ্মাভিমান, স্বব্রহ্মতুল্যতা প্রকাশ, a vainglorious identification of one's self with Brahma.
ব্রাহ্ম, ব্রহ্মোপাসক, বিবাহসংস্কার বিশেষ, a professor of the spiritual worship of Brahma, a mode of marriage.
ব্রাহ্মণ, প্রথম বর্ণ, বিপ্র, a brahmin, one of the sacred order.
ব্রাহ্মণী, ব্রাহ্মণের স্ত্রী, a brahminness or wife of a brahmin.
ব্রাহ্মণ্য, বিপ্র জাতির ধর্ম্ম, ব্রাহ্মণের সমূহ, the condition, quality or duties of a brahmin, brahminship, brahminity, an assembly of brahmins.
ব্রাহ্মণব্রুব, বিষয়ি ব্রাহ্মণ, a brahmin engaged in secularities.
ব্রাহ্মমুহূর্ত্ত, সূর্য্যোদয়ের পূর্ব্বকাল, the hour and half preceding sunrise, dawn. [the thread, &c.
ব্রাত্য, উপনয়নাদিসংস্কারহীন ব্রাহ্মণ, a brahmin uninvested with
ব্রীড়া, লজ্জা, ত্রপা, হ্রী, modesty, shame, bashfulness.
ব্রীড়িত, সলজ্জ, ত্রপান্বিত, হ্রীযুক্ত, modest, bashful, ashamed.
ব্রীহি, শরৎপক্বধান্য, আশু, rice ripening after the rains.
ব্রুবন, ব্রুবান,—কথক, বচনশক্তিমান, বাক্যনিষ্পাদক, speaking, able to speak, articulating.
ব্রৈহেয়, ধান্যোদ্ভবোচিত ভূমি, land fit to be sown with rice.

ভ.

ভক্ত, অনুরক্ত, সেবক, উপাসক, সেবিত, বণ্টিত, অন্ন, ভজনশীল, attached or devoted to, serving, pious, engrossed by, worshipped, served, divided, portioned out; boiled rice, food, a zealot, votary.

ভক্তদাস, অন্নদাস, ভাতুয়া, a mercenary, one who serves for his food. [crite, false worshipper.

ভক্তবিটল, কাল্পনিক ভক্ত, কপটোপাসক, hypocritical; a hypo-

ভক্তি, ভজনশীলতা, অত্যন্ত শ্রদ্ধা, সেবা, অনুরাগ, ভঙ্গ, বিভাগ, বণ্ট, devotedness to God, zeal, strong faith, divine worship, service, attendance, homage, attachment, a fracture, division, part, portion.

ভক্ত্যা, নট, যুবা নর্ত্তক, a dancing-boy.

ভক্ষক, খাদক, অবক্ষুধিত, অঘর, an eater; eating, devouring, voracious, ravenous. [tion.

ভক্ষণ, খাওন, ভোজন, আহার, to eat, devour; a meal, refec-

ভক্ষণীয়, ভক্ষ্য,—ভোজনীয়, অন্ন, ধান্য ঘাসাদি, খাদ্য, edible, eatable; food, corn, pasture, prey, &c.

ভগ, কীর্ত্তি, ঐশ্বর্য্যাদি গুণ, মাহাত্ম্য, শ্রী, সম্পত্তি, বীর্য্য, সর্বসামর্থ্য, বিভূতি, যত্ন, সৌন্দর্য্য, শোভা, জ্ঞান, পুণ্য, ধর্ম্ম, বৈরাগ্য, শান্তি, কাম, স্পৃহা, যোনি, চন্দ্র, সূর্য্য, fame, glory, excellence, greatness, prosperity, fortune, strength, vigour, divine power, omnipotence, effort, exertion, beauty, splendour, knowledge, virtue, moral merit, absence of passion, religious tranquillity, love, desire, a wish, pudendum muliebre, the moon, the sun.

ভগন্দর, রোগ বিশেষ, a fistula in ano.

ভগবৎ, ভগবান্,—ঐশ্বর্য্যাদিগুণ বিশিষ্ট, শোভান্বিত, বলবান, সর্বশক্তিমান, ঈশ্বর, illustrious, glorious, splendid, beautiful, vigorous, omnipotent, divine; God.

ভগিনী, ভগ্নী,—স্বসা, স্ত্রীলোক, a sister, a woman in general.

ভগ্ন, খণ্ডিত, ভাঙ্গা, চেরা, পরাস্ত, তুচ্ছীকৃত, দুঃখী, broken, fractured, torn, defeated, disregarded, despised, wretched, afflicted.

ভগ্নাশ, অকৃতার্থ,নির্ভরসা, disappointed, discouraged, spiritless.

ভঙ্গ, খণ্ডন, চেরাণী, বিল, ফাক, বিচ্ছেদ, নাশ, জয়বিপর্য্যয়, প্রবঞ্চনা, ব্যাধি, পক্ষাঘাত, a breaking, splitting, tearing, a fissure, chasm, breach, division, breaking off, disappointment, interruption, discomfiture, rout, cheating, swindling, dishonesty, fraud, disease, the palsy, hemp.

ভঙ্গন, খণ্ডন, পরাস্ত করণ, মিটান, নাশন, to break, fracture, defeat, dispel, disperse, ruin, undo.

ভঙ্গরঙ্গ, ভঙ্গিরঙ্গী,— লীলা, ভাব, অঙ্গের মনোরম বিন্যাস, dalliance, loose toying, wanton gestures.

ভঙ্গিমা, ভঙ্গী,—খণ্ডনা, বিচ্ছেদ, ছল, ছদ্ম, বক্রতা, ইঙ্গিত, রস, অবক্ষেপ, লীলা, ভাব, কুন্দনি, a fracture, breach, division, separation, deception, a trick, disguise, distortion, hint, wit, irony, repartee, dalliance, toying, gesture, attitude, capering.

ভঙ্গুর, বেঁকা, বক্র, ছলী, ঠেক, বিনাশোন্মুখ, নশ্বর, নদীর বেঁক, bent, crooked, distorted, fraudulent, dishonest, crafty, swindling, mouldering, dissoluble; the bend or turning of a river, a reach.

ভজন, উপাসন, সেবন, আদর বরণ, to serve attentively, worship, adore, honour, pay homage, shew respect or attention. [attention, &c.

ভজনা, অর্চনা, উপাসনা, সেবা, adoration, worship, service,

ভজনীয়, আরাধনীয়, অর্চ্য, সম্ভ্রান্ত, venerable, adorable, honourable, respectable.

ভজমান, উপাস্য, ন্যায্য, যোগ্য, honourable, right, fit, proper.

ভজিষ্ণু, উপাসক, সেবক, ঈশ্বরপরায়ণ, serving, waiting on, obsequious, attentive to, devout, pious.

ভজ্যমান, পূজ্যমান, receiving worship, homage, respect, &c.

ভঞ্জন, খণ্ডন, নাশন, ঘুচান, চুকান, মিটান, মুদ্রা ভাঙ্গান, to break, fracture, demolish, destroy, dispel, allay, solve, adjust, compose a difference, change money.

ভঞ্জী, খণ্ডক, ভাঙ্গানিয়া, breaking, changing money.

ভট, যোদ্ধা, তেলাঙ্গা, ভূত, চাণ্ডাল, a warrior, soldier, combatant, a goblin, an outcast.

ভট্ট, মীমাংসক বিশেষ, সুপণ্ডিত, শত্রু, ভাট, স্তুতিপাঠক, রাজদূত, শ্রেষ্ঠ, a philosopher, a sage, a learned man, an enemy, a panegyrist, encomiast, a king's messenger; best, excellent.

ভট্টাচার্য্য, গৌড়ীয় পণ্ডিত ব্রাহ্মণের উপাধি, জ্ঞানী, অধ্যাপক, a title given to certain Bengal pandits, a philosopher, a teacher of philosophy.

ভট্‌ভট্‌, বক্‌বক্‌, অনর্থক বাক্য, শব্দমাত্র, প্রতিধ্বনি, gabble, nonsense, an empty sound, an echo.

ভড়, বৃহৎ ভার নৌকা বিশেষ, a sort of heavy lumber-boat.

ভড়ক, ভড়ঙ্গ,—ফাকী, চাতুরী, প্রবঞ্চনা, ধূর্ত্ততা, an imposition, deception, fraud, swindling.

ভড়কন, ভয়জন্যে ত্যাগ করণ, পলান, to relinquish from fear, to flee.

ভড়কাল, স্বপ্রকাশক, প্রবঞ্চক, ostentatious, imposing, swindling.

ভড়্‌ভড়ান, বক্‌বকান, to gabble, babble, talk nonsense.

ভণন, কথন, গ্রন্থ রচন, to speak, utter, compose in writing.

ভণিতা, গ্রন্থকর্ত্তা, রচক, an author, a composer.

ভণ্ড, ফাকী, ছল, কৌতুকি নর্ত্তক, প্রতারক, ধূর্ত্ত, ভক্তবিটল, deceit, imposition, swindling, a wile, a jester, buffoon, mime, actor, deceiver, cheat, dissembler, hypocrite, pretender; pretended, hypocritical [upon, mimic.

ভণ্ডন, প্রতারণ, ভুলান, ভেঙ্গান, to deceive, cozen, impose

ভণ্ডামী, ফাকী, ভেঙ্গানি, imposition, a swindling, mimickry.

ভণ্ডুর, ভণ্ডুল,—প্রবঞ্চনা, ভঙ্গ, ব্যাঘাত, deceit, imposition, interruption, impediment.

ভণ্‌ভণান, ঝঙ্কার করণ, ঘুণ্‌ঘুণান, to buzz, to hum.

ভদ্র, উত্তম, বিলক্ষণ, বিশিষ্ট, শিষ্ট, মান্য, দয়াবান, মঙ্গল, শুভ, কল্যাণ, কুশল, good, excellent, virtuous, pious, pure, polished, genteel, respectable, humane, prosperous, lucky, propitious; welfare, prosperity, happiness, good fortune. [tages.

ভদ্রাভদ্র, শুভাশুভ, good and evil, advantages and disadvan-

ভদ্রাসন, রাজসিংহাসন, বসতির বাটী, ভিটা, a throne, home, dwelling-house, home-stead.

ভন্দড়, নকুল বিশেষ, a species of weasel.

ভব, বৃদ্ধি, স্থিতি, জন্ম, সংসার, মঙ্গল, সম্পত্তি, কল্যাণ, শিব, being, existence, the place, means or state of being, birth, the world, welfare, prosperity, possessions, Shiva.

ভবদীয়, তোমার, আপনার, আপনকার, thine, yours, your honour's.

ভবন, গৃহ, ভিটা, উৎপত্তি, জন্ম, স্থিতি, a house, dwelling, abode, production, birth, being.

ভবান্, আপনি, মহাশয়, thou, (*respectfully,*) Sir, your honour.

ভবানী, দুর্গা, শিবপত্নী, Párvatí or Durgá in her pacific form.

ভবিতব্য, যাহা হইবে, বিধাতার নিরূপিত, উৎপত্তিশীল, যাহা হইতে পারে, that may, will or must be, to be or become, possible, probable, likely, incidental.

ভবিক-া, কল্যাণ, কুশলী, welfare, prosperity; prosperous, happy.

ভবিষ্যৎ, যাহা হইবে, আগামিকাল, about to be or happen, future; the future, future time.

ভবিষ্যদ্বক্তা, ভাবিকথক, a prophet, predictor of future events.

ভব্য, ভাবী, সম্ভব, উচিত, সত্য, মঙ্গল, পয়োমন্ত, কুশলী, সভ্য, শিষ্ট, স্থিতি, উৎপন্ন, কল্যাণ, ভাল, that will be, likely, certain, fit, right, proper, true, auspicious, prosperous, happy, polite, well-behaved, genteel; existence, being, result, welfare; well.

ভব্যতা, সৌজন্য, শিষ্টতা, politeness, urbanity, condescension.

ভমরী, বুর্ম্মা, ভুরপণ, a gimlet, an awl.

ভয়, ত্রাস, শঙ্কা, আতঙ্ক, দায়, fear, fright, alarm, terror, dread, awe, peril, danger.

ভয়থেকুয়া, শঙ্কান্বিত, fearing, dreading, (from experience.)

ভয়ঙ্কর, ভয়ানক,—শঙ্কাজনক, ঘোর, দারুণ, terrific, alarming, frightful, dangerous.

ভয়শীল, ডরালু, অসাহসী, ভীরু, fearful, timid, cowardly.

ভর, অতিশয়, পূরা, ঢের, অধিক, চাপ, full, complete, much, excessive; a load, weight, pressure.

ভরণ, পূর্ণীকরণ, বুজান, গাদন, পোষণ, নিষ্পাদন, পূর্ণ হওন, উপচন, to fill, make up a deficiency, fill or stop up, charge, lòad, stuff, load a gun, maintain, support, nourish, terminate, be full, abound.

ভরণ, ভরণ্য,—বেতন, পণ, জীবিকা, wages, hire, maintenance,

ভরণী, দ্বিতীয় নক্ষত্র, the second lunar mansion.
ভরণ্যভুক্, বেতনগ্রাহী, living on wages; a hireling.
ভরত, পক্ষি বিশেষ, তাঁতী, a skylark, a weaver, a proper [name.
ভরদ্বাজ, পক্ষি বিশেষ, গোত্র বিশেষ, a skylark, a proper name.
ভরপূর, পরিপূর্ণ, কাঁধা পর্য্যন্ত পূরিত, ষোড়শকলাযুক্ত, full, brimful, high, (as the tide,) full, (as the moon.)
ভরসা, আশা, আশ্বাস, প্রত্যয়, বিশ্বাস, সাহস, শৌর্য্য, hope, expectation, encouragement, trust, confidence, reliance, faith, firmness, resolution, courage.
ভরসাতী, আশাপন্ন, সাহসী, full of hope, valiant, intrepid, &c.
ভরা, পরিপূর্ণ, বোঝাই, ভার, পরিপূর্ণতা, চড়তি, full, complete; a cargo, load, charge, fulness, accumulation.
ভরাট, বুজান, the stopping or filling up of holes, &c.
ভরাণি, বেতন, ভৃতি, wages, hire.
ভরাবুড়ী, অতিশয় ভারে নৌকার ডুবি, অত্যন্ত ক্লেশ, a sinking from overloading, accumulated misfortune.
ভর্জ্জন, ভাজন, ঝল্সান, to parch, roast, fry, bake, scorch.
ভর্জ্জনকপাল, ভাজাখোলা, a frying pan.
ভর্ত্তব্য, পোষণীয়, প্রতিপাল্য, proper to be nourished, to be sup- [ported, &c.
ভর্ত্তা, পতি, কর্ত্তা, প্রতিপালক, রক্ষক, a husband, the master of a house, a lord, supporter, nourisher, protector.
ভর্ত্তী, বোঝাই, পরিপূর্ণতা, a load, complete cargo, fulness.
ভর্ৎসন, নিন্দন, তিরস্করণ, তাড়ন, ধম্কান, to reproach, vilify, scold, abuse, reprove, threaten, menace.
ভর্ৎসনা, তিরস্কার, নিন্দা, abusive language, reproach, abuse.
ভল্ল, ভেলা, বাণ, বস্ত্রাঙ্কনার্থ ফল বিশেষ, a lance, an arrow, the marking nut.
ভল্লুক, হিংস্র জন্তু বিশেষ, ভালুক, ঋক্ষ, a bear.
ভষণ, বুক্কন, ঝকড়ন, গালাগালি দেওন, to bark, (as a dog,) scold, [rail.
ভস্কা-ন, অস্বাদু, পানস্যা, insipid, vapid, tasteless, diluted.
ভস্ত্রা, স্বর্ণকারাদির জাঁতা, a smith's bellows.
ভস্ভসিয়া, দলদলিয়া, কাদাটিয়া, boggy, soft, plashy.
ভস্ম, ছাই, পাঁশ, ashes.
ভা, দীপ্তি, প্রভা, শোভা, সূর্য্য, প্রতিবিম্ব, light, splendour, beauty, the sun, a shadow.
ভাই, ভ্রাতা, বন্ধু, আত্মীয়, a brother, kinsman, acquaintance, [friend.

ভাও, মূল্য, অর্ঘ, the price of goods, value, cost. [or plait.
ভাঁজ, মিশ্র, মলা, পাট, mixture, alloy, adulteration, a fold
ভাঁজন, দোমড়ান, পাট করণ, মিশান, ভুজন, স্বরভেদে গান করণ, to fold, (as cloth or paper,) to mix, adulterate, interpolate, &c. to vary notes in singing.
ভাঁজা, দোমড়া, পাট, a roll, fold. plait.
ভাঁজাল, মিশ্রিত, ভাঁজযুক্ত, আরোপিত, mixed, alloyed, adulterated, sophisticated, interpolated. [ebb.
ভাঁটা, লৌটি, বর্ত্তুল, আফাকল, স্রোত, a ball, marble, a weir, the
ভাঁড়, ভণ্ড, কৌতুকী, নর্ত্তক, প্রবঞ্চক, ক্ষুদ্র মৃৎপাত্র, a deceiver, impostor, juggler, buffoon, a pitcher.
ভাঁড়ান, ভুলান, ভেঙ্গান, to deceive, impose upon, mimick,&c.
ভাঁড়ামী, ভণ্ডামী, ফাকী, প্রবঞ্চনা, কৌতুক, বাজীকরা, imposition, swindling, deceitfulness, guile, mimickry, buffoonery, juggling. [sury.
ভাঁড়ার, ভাণ্ডার, গোলা, ধনাগার, a store-room, magazine, trea-
ভাঁড়ি, উহাড়, ক্ষুরকোষ, a case, a razor-case.
ভাঁতি, বিদ্রূপ, পরিহাস, derision, mockery, sport, jeering.
ভাক্ত, অধীন, পোষ্য, কাল্পনিক, অন্নদাস, a dependant, one fed or maintained, a hypocrite; hypocritical, mercenary. [rise or after sun set.
ভাক্তদিন, সূর্য্যোদয়ের পূর্ব্বকাল, অস্তের পরকাল, the time before sun
ভাগ, অংশ, বণ্ট, বিল্লী, কপাল, রাশিচক্রের দ্বাদশাংশ, পলায়ন, a part, portion, share, part of a whole given as interest, partition, distribution, luck, fortune, a zodiacal degree, flight, running away, escape.
ভাগন, পলান, ভড়কন, to escape, run away, flee.
ভাগবত, বিষ্ণুপরায়ণ, পুরাণ বিশেষ, devoted to the service of Vishnu: a Vishnavite, a celebrated poem.
ভাগাড়, মৃত গো ত্যাগস্থান, a place where dead cows are cast.
ভাগাভাগি, অংশাংশি, সাজা, having equal shares; partnership.
ভাগিনী, ভাগিনেয়ী—ভগিনীর কন্যা, a sister's daughter, a niece.
ভাগিনেয়, ভাগিনা,—ভগিনীপুত্র, a sister's son, a nephew.
ভাগী, কপালিয়া, অংশী, দায়ী, সাথী, fortunate, lucky, partaking with; a partner, sharer, shareholder, partaker in a succession, an accomplice, comrade.

ভাগীরথী, গঙ্গা নদী, the river Ganges.
ভাগোড়া, পলানিয়া, পলাতক, a fugitive, a deserter.
ভাগ্য, অদৃষ্ট, কপাল, শুভাশুভ, অংশনীয়, সবৃদ্ধি ঋণ, fate, destiny, good or ill fortune, chance, luck; to be shared or divided, &c. bearing interest.
ভাগ্যবান, ভাগ্যবন্ত,—অদৃষ্টবান, পয়োমন্ত, ধনী, ধনবান, fortunate, lucky, prosperous, wealthy.
ভাগ্যহীন বা শূন্য,—দুষ্কপালিয়া,দুরদৃষ্টবান, নিরাশ, unfortunate, unlucky, wretched, hopeless.
ভাগ্যভাব, দৈব, কপালক্রম, দায়, the course of fortune, risk.
ভাগ্যভাবা, দায়ঠেকা, কপালঠাহরা, a risking, running a risk, venturing, trying one's fortune.
ভাগ্যভাবিয়া, দায়ে ঠেকিয়া, নির্ভয়, running a risk, venturing.
ভাঙ্গ, মাদক পত্র বিশেষ, গঞ্জা, সিদ্ধি, hemp, the leaves of hemp used for smoking.
ভাঙ্গন, ফাটন, টুটন, দেউল্যা হওন, তোড়ন, খণ্ডন, নাশন, মিটান, চুকান, বিগড়ান, বিচ্ছেদ করণ, মুদ্রা তোড়ান, বিবরিয়া লিখন, রচন, সুত কাটন, পাকান, বিনান, ঘাসাদি দলিয়া যাওন, to burst, break, crack, shiver, fail, become bankrupt, to break, demolish, destroy, dispel, interrupt, quash, put an end to, adjust, undo, deface, separate, to change money, reduce, (in arithmetic,) to compose, write a translation, compile, spin, twist, plait, to walk through long grass or mud, &c.
ভাঙ্গচি, মিত্রতা ভঙ্গ, সুহৃচ্ছেদ, চলনত্যাগ, the breaking off of friendship or of a habit.
ভাঙ্গড়, ভাঙ্গী,—গেঁজিয়াল, addicted to smoking hemp leaves; [a sot.
ভাঙ্গা, বিচ্ছেদ,খণ্ডনা, দুঃখী, খণ্ডিত, a rupture, breach, fracture; unfortunate, wretched, broken, fractured.
ভাঙ্গনি, কড়ি, কপর্দক, পয়সা, change, small coin.
ভাঙ্গিজুরী, গেঁজ্যাল, stupified with hemp leaves; a sot.
ভাজক, হারক, a divisor, (in arithmetic.)
ভাজন, ভাওন, ঝল্সান, পোড়ান, জ্বলান, খরাণ, অংশন, হরণ, to bake, fry, toast, parch, scorch, roast, inflame, calcine, to share, to divide, (in arithmetic.)

ভাজন্, পাত্র, বাসন, উপযুক্ত, নিপুণ, ভারযোগ্য, any vessel, cup, plate,&c. fit, trustworthy, clever, fit for office,&c.
ভাজনত্ব, ভারযোগ্যতা, fitness for office or trust.
ভাজু, জ্যেষ্ঠ ভ্রাতার স্ত্রী, an elder brother's wife.
ভাজ্য, অংশনীয়, অংশ, বণ্ট, খণ্ড, divisible, shareable; a dividend, share, portion.
ভাট, গুণগাথক, রাজদূত, a panegyrist, a royal messenger.
ভাটা, নদ্যাদির দিবসিক জলহ্রাস, স্রোত, the ebb or reflux tide.
ভাটিয়ারা, মদ্য ভক্ষ্যদ্রব্যাদি ব্যবসায়ী, a sutler.
ভাটী, আকা, পাজা, উনন, স্রোত, a lime or brick kiln, furnace, still, the way the tide ebbs.
ভাটীবেলা, বৈকাল, the afternoon.
ভাড়া, কেরায়া, the rent of a house, the hire of a thing, a renting, hiring. [cenary.
ভাড়াটিয়া, কেরায়ী, বাসাড়িয়া, বৈতনিক, a renter, a tenant; mer-
ভাণ, কাচ, ব্যাজ, ছল, a trumped up story, a deception, imposition, pretence.
ভাণ্ড, পাত্র, বাসন, উহাড়, নদীর গর্ভ, মূলধন, বিদ্রূপ, ভাঁড়, কৌতুকী, a vessel, pitcher, pot, cup, plate, case, razor-case, the bed of a river, a capital, stock, mimickry, buffoonery, a professional jester.
ভাণ্ডার, ভাণ্ডাগার,—গোলা, দ্রব্যাগার, a store-house, magazine, store-room. [caterer, kitchen-steward.
ভাণ্ডারী, গোলার অধ্যক্ষ, ভক্ষ্যায়োজক, a store-keeper, butler,
ভাত, অন্ন, পাকা চাউল, boiled rice.
ভাতার, পতি,স্বামী,প্রতিপালক, a husband, maintainer, provider.
ভাতি, প্রভা, শোভা, brightness, splendour, resplendence.
ভাতী, অন্নসম্বন্ধীয়, অন্নের পরিবর্ত্তে প্রাপ্ত, pertaining to or exchanged for boiled rice.
ভাতুড়িয়া, ভাতুয়া,—অন্নদাস, one who serves for his food.
ভাদ্র-পদ, বর্ষার দ্বিতীয় মাস, the Indian month of the sun in Leo, or the second of the rainy season.
ভানুনিয়া, কুটনিয়া, one who husks rice in a mortar.
ভানন-আন, ধান কুটন, to pound or husk rice in a mortar.
ভানু, সূর্য্য, দীপ্তি, কিরণ, the Sun, light, a ray of light.
ভাপ, বাষ্প, steam, vapour, reek.

ভাপন, বাস্পের উঠন, to reek, throw up steam, evaporate.

ভাপসাগন্ধ, ছাতাপড়া, গুম্‌সা, বাসি, mouldy, musty, fusty, stale.

ভাব হওয়া, স্থিতি, জন্ম, উৎপত্তি, জীবাত্মা, প্রাণী, বস্তু, বস্তুতা, প্রামাণ্য, সংসার, অবস্থা, দশা, স্বীয়ধর্ম্ম, স্বভাব, গুণ, চরিত্র, ব্যবহার, প্রকার, পদ, তাৎপর্য্য, ধাতুর অর্থ, অভিপ্রায়, মানস, চিত্তবিকার, কামক্রোধাদি, প্রেম, বিলাস, হাব, অসতীত্ব, চালি, গতি, ক্রিয়া, আত্মীয়তা, প্রণয়, অধ্যাপনা. বিভব, লক্ষণ, ব্যাধির বিসূচিকা, বাস্প, existence, being, birth. production, the soul, a being, living thing, thing, substance, reality? probability, the world, a state, condition, circumstance, predicament, natural state, innate property, temperature, nature, disposition, conduct, usage, treatment, manner, station, office, meaning, the abstract idea of a word, scope, spirit, design, intention, purpose, a state or affection of the mind, emotion, passion, love, amatory sentiments or the corporeal expression of them, wanton sport, female infidelity, gesture, movement, motion, act, action, familiarity, intimacy, friendship, instruction, superhuman power, a sign, omen, symptom of disease, steam, reek.

ভাবক, বিলাস, গানে ভাবোত্থাপক, অঙ্গভঙ্গীকর, কামাদিশীল, the external expression of amorous sentiments, a singer who excites the passions, a gesticulator; susceptible, easily moved.

ভাবচোর, পদহর, a plagiary, plagiarist.

ভাবন, উদ্বিগ্ন হওন, চিন্তন, ভয় করণ, বিষাদ, ভূষণ. to be thoughtful, dejected, apprehensive or anxious, to ponder, think, meditate on, reflect, fear; dejection, anxiety, &c. adornment, decoration.

ভাবনা, উদ্বেগ, চিন্তা. সন্দেহ, ভয়, ঠাহরা. বিবেচনা, anxiety, care, disquietude, concern, apprehension, doubt, suspence, fear, cogitation, thought, contemplation.

ভাবরণ, ঘবরণ, to faulter through fear, to stagger, to be confused, amazed or discomposed.

ভাবরাণী, বিস্ময়, ঘবরাণী, বৈক্লব্য, amazement, confusion, discomposure, a stand, non-plus.

ভাবনাভে, স্থিরচিত্তে, অথজ্ঞানে, without confusion, readily.

ভাবান, পরিজ্ঞাপন, দোষপ্রমাণ করণ, উত্তাপন, বাষ্পোত্থাপন, to convict, to prove a charge, to heat or steam.

ভাবার্থ, অভিপ্রায়, তাৎপর্য্য, a scope, object, purport.

ভাবিকল্প, প্রায় ভবিষ্যৎ, সম্ভব, almost or nearly future, likely.

ভাবিত, চিন্তান্বিত, উদ্বিগ্ন, বিষণ্ণ, খেদাদিযুক্ত, দোষীকৃ, সাভ্যস্থ, thoughtful, anxious, careful, solicitous, pensive, sad, affected, moved, convicted, proved.

ভাবী, যাহা হইবেক, বিধাতার নিয়ত, future, about to be, what is to be, ordained, predestinated.

ভাবুক, হওনশীল, শুভ, মঙ্গল, ভূত, উৎকর্ষ, কল্যাণ, উপকার, tending or disposed to be, happy, right; *in comp:* being, becoming what it was not before; excellence, happiness, welfare, advantage.

ভাবুকী, ভণ্ড, কৌতুকী, অঙ্গভঙ্গীকর, a comedian, actor, harlequin.

ভাবে, ন্যায়, অনুসারে, অভিপ্রায়ে, জন্যে, as, like, in the manner of, for, in the view of, to the end that.

ভাব্রী, তাড়না, ভয় দেখান, a threatening, terrifying, &c. [ing.

ভাব্য, বর্ত্তনীয়, ভবিষ্যৎ, probable, future, necessarily exist-

ভাম, ক্রোধ, ভগিনীপতি, বনবিড়াল বিশেষ, wrath, passion, anger, a sister's husband, a species of wild cat.

ভামিনী, প্রচণ্ডা, *f.* passionate, wrathful, indignant.

ভার, বহনীয় বস্তু, বোঝ, চাপ, শিকার দণ্ড, ক্ষমতার্পণ, কর্ম্ম, পদ, অনুমতি, আপদ, ঝঞ্ঝাট, কুমন্ত্র, বাণ, a load, burden, weight, a yoke or sling for carrying burthens, a charge, trust conferred, delegated power or authority, responsibility, office, station, consequence, permission, leave, trouble, difficulty, perplexity, malignant influence or incantation, an evil eye.

ভারণ, বাড়ান, গুরু হওন, চাপন, সমর্পণ, ভার দেওন, to augment, aggravate, be heavy or weighty, press heavily, to consign, commit, entrust, invest, refer, to throw responsibility or obligation on another.

ভারত, মহাকাব্য বিশেষ, ভণ্ড, the Mahábhárata, an actor, mime.

ভারতবর্ষ, জম্বুদ্বীপের খণ্ড বিশেষ, Hindustán or India proper.
ভারতী, বাণী, সরস্বতী, মনোরম্য কাব্যোল্লেখ. speech, the goddess of speech, eloquence, dramatic recitation, a quail.
ভারবাহ-ক, মুটীয়া, a bearer of burdens, a porter.
ভারা, মাচা, অন্যকে সোঁপিয়া দেওয়া, a scaffold, scaffolding, reference, &c. [charge.
ভারাক্রান্ত, বোঝাযুক্ত, পদনিযুক্ত, loaded, entrusted with, in
ভারিক, মুটীয়া, ভারযুক্ত, a porter; bearing burthens, &c.
ভারী, দুর্বাহ্য, গুরু, স্থূল, বড়, ধীর, উদ্বিগ্ন, ভারবাহক, heavy, burdensome, weighty, lusty, big, momentous, serious, steady, sedate, sad; a porter.
ভারিবিক্রী, বহুমূল্যে বিক্রয়, পদুয়াবিক্রয়, a selling high, wholesale.
ভারুই, পক্ষি বিশেষ, a quail. [of the Veds.
ভার্য্যা, পত্নী, জায়া, a wife espoused according to the ritual
ভাল, কপাল, কল্যাণ, উচিত, উৎকৃষ্ট, সরল, বিলক্ষণ, সুন্দর, শিষ্ট, সুসময়, শুভ, অরোগী, সুস্থ, উত্তম, স্বীকারবোধক শব্দ, হাঁ, the forehead, fortune, destiny, welfare, good; proper, right, excellent, good, honest, upright, neat, clean, handsome, elegant, pretty, genteel, gentle, fair, fine, (as weather,) convenient, favourable, pleasant, in health, well, recovered; well, well done, very well, do so, yes. [santness.
ভালই, উৎকর্ষ, সারল্য, excellence, goodness, honesty, plea-
ভালখেকুয়া, সুভোক্তা, ব্যয়শীল, luxurious, sumptuous.
ভালবাসন, উত্তম জানন, স্নেহ করণ, মনে ধরণ, to approve, like, love, accept, chuse, prefer. [goodness.
ভালাই, কল্যাণ, উপকার, উৎকর্ষ, welfare, advantage, excellence,
ভালাবুড়া, হিতাহিত, ইষ্টানিষ্ট, শুভাশুভ, good and evil.
ভালুক, ভাল্লুক,—হিংস্র জন্তু বিশেষ, ঋক্ষ, a bear.
ভাশুর, পতির জ্যেষ্ঠ ভ্রাতা, a husband's elder brother.
ভাষণ, কথন, বলন, to speak, talk, tell, converse, utter.
ভাষা, কথা, সংস্কৃত ভিন্ন বাক্য, প্রাকৃত, a word, speech, language, vernacular dialect, current or vulgar tongue.
ভাষা-পত্র, প্রাকৃত বাক্যময় ন্যায়পত্র, a law plaint or other writing in the vulgar tongue.
ভাষাবাদ, বিতণ্ডা, বিবাদ, a dispute, suit at law, plaint, claim.

ভাষাবাদী, আদ্ধাশী, বিবাদী, a plaintiff, a claimant.
ভাষাণ, কহিয়া পাঠান, to send to, to send a message.
ভাষী, বাদী, কথক, আলাপী, speaking, conversing.
ভাষ্য, টীকা, সূত্রের বিবরণ, a commentary, annotation, gloss.
ভাস, বাঞ্ছা, দীপ্তি, শোভা, শকুনি পক্ষী, a wish, desire, light, lustre, splendour, a vulture.
ভাসন, না বুড়িয়া জলের উপরে থাকন, সন্তরণ, উপ্চন, to float, swim, to overflow. [appearing, floating.
ভাসমান, দীপ্যমান, প্রকাশমান, জলের বহির্দিগস্থ, luminous, shining,
ভাসান, ওলান, নৌকাদিকে জলে নামান, সাঁতরাণ, বেগে বহিয়া উপড়ান, বুড়ান, to launch, set afloat, cause to float or swim, to bear down, (as a torrent,) carry away, deluge, to waste, spend lavishly.
ভাসানিয়া, বেগবান্, আপ্লাবক, উড়ানিয়া, sweeping. (as a flood or torrent,) profuse, lavish, wasteful, extravagant.
ভাস্কর, সূর্য্য, পাষাণছেদকারী, the sun, a stone-cutter, sculptor.
ভাসা, উপ্চনিয়া, কণ্ডু আদি, বর্ষাকালে স্রোতাগত ধান্যাদিপূরিত নৌকা সমূহ, overflowing, &c. cutaneous, (eruption); vessels coming down the river, laden with corn, &c.
ভাসাকাল, বর্ষাকাল, the rains, the time when corn and other vessels arrive from the up-country.
ভাস্বর, ভাস্বান্,—দীপ্যমান, শোভান্বিত, সূর্য্য, shining, luminous, resplendent, illustrious; the sun. [mendicant.
ভিক্ষক, ভিক্ষুক,—যাচক, সন্যাসী, a beggar, petitioner, religious
ভিক্ষণ, যাচন, to beg, ask alms. [for relief.
ভিক্ষা, ভিক, যাচ্ঞা, alms, a request, a begging, a petition
ভিক্ষাচর, বা জীবী,—সন্যাসী, পরিব্রাজক, living on alms, leading a mendicant life. [city.
ভিক্ষাটন, ভিক্ষার্থে পর্য্যটন, to travel about begging; mendi-
ভিক্ষাভোক্তা বা ভোজী, যাচিতাহারী, feeding on alms.
ভিক্ষাশন, ভিক্ষাহার,—যাচকবৃত্তি, a feeding on alms, the eating of what is obtained by begging.
ভিক্ষু-ক, পরিব্রাজক, দণ্ডী, a religious mendicant.
ভিখারী, যাচক, কাঙ্গাল, a beggar, a mendicant; poor.
ভিজন, আর্দ্র হওন, চুপ্ষণ, to be wet, moist or soaked, to sink, (as paper.)

ভিজা, ভিগা,—আর্দ্র, সজল, wet, moist, damp, clammy, soaked.
ভিজান, তিতান, to wet, moisten, soak, steep, slake.
ভিটা, ঘর, বাসস্থান, a house, a homestead.
ভিটামাটী, গৃহ নির্ম্মাণার্থে উচ্চীকৃত ভূমি, the raised floor of a house.
ভিড়, লোকসমূহ, ঘেরা, a crowd, mob, a fence, an enclosing.
ভিড়ন, নিকটে আইসন, মিলন, to approach, close with, visit.
ভিড়ান, লাগান, সাক্ষাৎ করাণ, মিলান, to bring a boat to shore, close with, bring near, cause to approach.
ভিত, কাঁথ, কুড্যা, দিক্, a wall, thickness of a wall, a way, quarter, point of the compass. [interval.
ভিতর, মধ্যস্থল, অন্তর, the middle, midst, centre, inside, an
ভিতর, ভিতরে,—মধ্যে, between, within, amidst, in, into.
ভিতরী, আন্তরিক, সামিল, inner, inward, in, comprized.
ভিতে, কাছে, নিকটে, গোপনে, towards, to; aside, apart.
ভিত্তি, কুড্যা, কাঁথ, বিচ্ছিত্তি, ছিদ্র, খণ্ড, টুকি, দোষ, ঘরের পোত, স্থান, আশ্রয়, সময়, a wall, breadth of a wall, a breaking, tearing, dividing a rent, fissure, something broken, fragment, broken part, bit, flaw, defect, a part, place, asylum, opportunity, occasion.
ভিদন, ঢুকন, ফোড়ন, বিন্ধন, ভাঙ্গন, ছেদন, কাটন, বিদারণ, to penetrate, enter, pierce, run through, perforate, break off, separate, divide, split.
ভিন্ন, বিচ্ছিন্ন, বিদীর্ণ, চেরা, বিকসিত, পৃথক্, অন্য, অপর, ছিট, ব্যতিরেক, separated, divided, split, broken, torn, rent, open, blown, apart, asunder, parted, distinct, different, other; a fraction; else, besides, without, except. [differently, apart.
ভিন্ন২, পৃথক্২, গোপনে, distinctly, severally, separately.
ভিন্নতা, প্রভেদ, বিশেষ, a distinction, a difference.
ভিষক, চিকিৎসক, বৈদ্য, a physician, a doctor.
ভী, ভীতি,—আতঙ্ক, ত্রাস, fear, dread, terror, panic, alarm.
ভীত, ভীতু,—ভয়যুক্ত, ত্রস্ত, অসাহসী, afraid, terrified, alarmed, frightened, timid, shy, fearful, cowardly.
ভীম, ভয়ানক, দারুণ, ঘোর, ভয়, terrifying, terrific, dreadful, awful, frightful; fear, horror, terror.
ভীমরথী, অতিশয় বুড়ামী, dotage, extreme age, *i. e.* 77 years.

ভীমরুল, দংশক কীট বিশেষ, বরলা, a hornet. [pusillanimous.
ভীরু-ক, ভীলু-ক,—ভয়শীল, অসাহসী, timid, fearful, cowardly,
ভীষণ, ভয় দেখান, ভয়ানক, to put in fear, alarm, terrify; horrible, frightful, fearful, terrific, perilous.
ভীষ্ম, শঙ্কা, ভয়ানকতা, শিব, ভূত, দারুণ, horror, terror, horribleness, the property of inspiring terror, &c. Shiva, a goblin; frightful, terrific, horrible.
ভুঁড়ি, উদর, অন্ত্র, আঁত্. the belly, the intestines
ভুঁড়িয়া, পেটাল, abdominous, pot-bellied, corpulent.
ভুক্, ভুখ্.—ক্ষুধা, আহারী, hunger; *in comp*: eating, feeding on.
ভুকা, ভুখা,—ক্ষুধিত, ক্ষধাতুর, ভোজনেচ্ছুক, hungry.
ভুক্ত, কৃতাহার, খাদিত, গিলিত. গ্রস্ত, প্রাপ্ত, অন্তর্গত, eaten, having eaten, devoured, swallowed, enjoyed, included, comprized. [meal.
ভুক্তত্যক্ত, ভুক্তাবশেষ,—উচ্ছিষ্ট, orts, leavings, remnants of a
ভুক্তন, মূলধন বাড়ান, মিশান, ভাঁজ দেওন, to add to a capital stock, or to what is paid off, to adulterate, interpolate, foist in.
ভুক্তভোগ, কর্ম্মবিপাক, কৃতভোগ, an enjoyment or suffering already experienced; having enjoyed or suffered.
ভুক্তি, আহার, উপভোগ, a meal, food, possession, occupation, usufruct. [impose upon.
ভুগন, ভোগ করণ, ভুলান, to suffer or enjoy, to deceive,
ভুগলামী, ভুলানি, ভণ্ডামী, swindling, imposition, hypocrisy.
ভুগ্ন, বিকলাঙ্গ, বক্র, অবনত, crooked, distorted, deformed, curved, bent, stooping. [curve.
ভুজ, বাহু, হস্ত, বাঁক, the arm, the hand, a bending, a
ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম,—সর্প, a serpent, a snake.
ভুজঙ্গভোজী, ভুজগাশন, ভুজঙ্গভুক্,—ময়ূর, নকুল, গরুড়, a peacock, an ichneumon, Garura.
ভুজন, ভাঁজ দেওন, মিশান, to interpolate, foist in, adulterate.
ভুজনলাগন, শ্রবণে চমৎকৃত হওন, to be amazed as at some wonderful relation.
ভুজশিরস্, স্কন্ধ, the shoulder, the shoulder-blade.
ভুজা, ভোজ, আহার, জলপান, a meal, food, refection.
ভুঞ্জন, সুখভোগ করণ, to enjoy, to experience pleasure.

ভুঞ্জান, নিমন্ত্রণ করণ, খাওয়ান, to treat, entertain, feast.
ভুট, উৎপাত, উপড়; বিনাশ, খণ্ডন করা, অন্যথা, উল্টাকরা, extirpation, wreck, perdition, subversion, reversion, a rescinding, inverting, upsetting.
ভুড়ভুড়, বিম্ব, ফুস্ফুসনি, a bubble, a bubbling, whispering.
ভুড়্ভুড়ান, বিম্ব উঠন, ফুস্ফুসান, to bubble up, to whisper.
ভুণন, ভাজন, ঝল্সান, সেকন, to broil, roast, bake.
ভুনি, ঠেটী, বিধবার বস্ত্র, a widow's garment.
ভুবন, জগৎ, বিশ্ব, জল, মানুষ, লোক, a world, sphere, heaven, the universe, water, mankind.
ভুবস্, অন্তরীক্ষ, আকাশ, the atmosphere, sky, æther.
ভুবর্লোক, ঋষ্যাদির স্থান, the heaven of the sages.
ভুয়া, শস্যরাহিত্য, চিটা, অসার, আন্ত্রিক, mildew, smut; mildewed, hollow, without substance, internal, (disease.)
ভুর-ভার, দাম্ভিকতা, গরিমা, a boast, boasting, swaggering.
ভুরভারী, দাম্ভিক, স্বপ্রকাশক, boasting, swaggering, ostentatious.
ভুরা, শর্করা বিশেষ, a sort of brown sugar.
ভুল, বিস্মৃতি, ভ্রম, চুক, মোহ, দোষ, কুহক, a forgetting, error, mistake, oversight, blunder, slip, transgression, fascination, deception.
ভুলন, চুকন, বিস্মৃত হওন, to mistake, omit, err, sin, forget.
ভুলা, চুকনিয়া, বিস্মারক, blundering, erring, forgetful.
ভুলান, ভ্রান্ত করণ, ভোগা দেওন, ফুসলান, ঠকান, to cause to err, misguide, mislead, delude, inveigle, tempt, seduce, flatter, coax, fascinate, deceive, cheat.
ভুলানিয়া, ঠক, কুহকী, ধূর্ত্ত, a cheat, deluder, sorcerer; insidious, &c. [stratagem.
ভুক্কা, উনুই, মন্ত্রপাঠ, ছল, a spring of water, an incantation,
ভুসা, ঝুল, ধান্যাদি, soot, lamp-black, grain, corn.
ভুসী, যব গোধূমাদির ত্বক্, chaff, bran, husk; -দেওন, to interpolate; -যোগান, to bribe one to silence.
ভূ, পৃথিবী, স্থল, তলা, জন্মস্থান, বাসস্থান, তলাতল, the earth, land, ground, a place, scite, base, birth-place, residence, the lowest hell.
ভূঁই, ভূমি, ক্ষেত্র, land, ground, a field, plantation.
ভূকম্প, ভূচল,—পৃথিবীর স্পন্দন, an earthquake.

ভূগোল, মহীমণ্ডল the globe of theearth, geography.
ভূচর, স্থলচর প্রাণী, moving on land; a land animal.
ভূজলচর, কচ্ছপ কুম্ভীরাদি, amphibious, living on land and water.
ভূত, যাহা হইয়াছে, অতীত, কৃত, প্রেত, পিশাচ, পরচ্ছায়া, প্রাণী, দেবাংশ, প্রথিবী আদি পাঁচ, সত্যবৃত্তান্ত, been, gone, past, become; a phantom, malignant spirit, ghost, goblin, demon, imp, apparition, vision, an existence, living creature, being, a class of demigods, the five elements, matter of fact or the real state of the case, (in law.)
ভূতকাল, অতীতকাল, the past time, (in grammar.)
ভূতগ্রস্ত, ভূতাবিষ্ট,—ভূতের বশীভূত, possessed of a demon or evil spirit.
ভূতড়িয়া, ভূতুড়িয়া,—ভূত ছাড়ানিয়া, expelling or casting out [demons.
ভূতনাথ, ভূতেশ,—অসুরপতি, শিব, Shiva as lord of the demons.
ভূতনীব, পেতনীব, অপরিচ্ছন্না, a slut, slattern; sluttish.
ভূতবৎ, প্রেতাকার, পেতনা, like an evil spirit, ugly; a sloven.
ভূতল, ভূমি, পৃথিবী, the ground, the earth.
ভূতাত্মা, জীবাত্মা, দেহ, শিব, ব্রহ্মা, the elementary or vital principle, the human body, Shiva, Brahmá.
ভূতাবেশ, ভূতের বশীভাব, possession by an evil spirit.
ভূতানুসার, ন্যায়প্রমাণ, an agreement with matter of fact.
ভূতি, সম্পাত্তি, ঐশ্বর্য্য, অণিমাদি অষ্ট, জন্ম, উৎপত্তি, ভস্ম, affluence, wealth, success, grandeur, superhuman power, birth, production, ashes.
ভূতিমান্, ধনবান্, ঐশ্বর্য্যবন্ত, মহৎ, affluent, wealthy, grand.
ভূদকচর, ভূদকবাসী,—কচ্ছপ কুম্ভীরাদি, amphibious, living on land and water, as the tortoise, crocodile, &c.
ভূদেব, ব্রাহ্মণ, a brahmin, *i. e.* a terrestrial god.
ভূধর, পর্ব্বত, গিরি, a mountain.
ভূপ, ভূপতি, ভূপালক,—পৃথিবীরক্ষক, রাজা, a king, sovereign, prince.
ভূপালন, রাজত্ব করণ, দেশ শাসন, to perform the duties of a [king, to govern.
ভূমি, পৃথিবী, মৃত্তিকা, ক্ষেত্র, স্থল, স্থান, দেশ, চাক্লা, the earth, earth, soil, land, ground, a scite, ground, base, a country, a district.

ভূমিকম্প, পৃথিবীর স্পন্দন, an earthquake. [theatrical dress.
ভূমিকা, আভাষ, ছদ্মবেশ, a preface, preamble, introduction,
ভূমিজ, পৃথিব্যোৎপন্ন, মহীরুহ, শাকাদি, মঙ্গল গ্রহ, earth-born; a vegetable, the planet Mars. [ist.
ভূমিজীবী, কৃষিলোক, প্রজা, living by the soil; an agricultural-
ভূমিপ, ভূমিপাল,—রাজা, মহীপতি, a king, sovereign, prince.
ভূমিশির, স্থল, স্থান, a spot of ground, situation, place.
ভূমিষ্ঠ, অষ্টাঙ্গ, প্রণত, জাত, prostrate, falling down to, born.
ভূমিস্পৃশ্, ভূতলস্পার্শক, মনুষ্য, বৈশ্য, কৃষক, গুপ্তচোর, অন্ধ, পঙ্গু, touching the earth; a man, mankind, a cultivator of the soil, a skulking thief, a blind man, a cripple. [peatedly.
ভূয়ঃ, বহুল, অধিক, পুনঃ২, much, many, exceedingly, re-
ভূয়োভূয়ঃ, বারম্বার, পুনঃ২, repeatedly, frequently, again & again.
ভূর-ভার, দাম্ভিকতা, গরিমা, a boast, a boasting, bragging.
ভূরি, বহু, অধিক, প্রচুর, বড়, গুরু, ভারি, much, long, many, abundant, excessive, important.
ভূর্জ্জপত্র, বৃক্ষত্বক্ বিশেষ, the bark of a species of birch.
ভূর্লোক, পৃথিবী, মর্ত্ত্যলোক, the earth, the habitation of men.
ভূষ্কা, জলাকর, মায়া, a fountain, a spring, an enchantment.
ভূষকা, ভূষণযুক্তা, অলঙ্কৃতা, *f.* wearing ornaments, &c.
ভূষণ, অলঙ্কারাদি ধরণ, বস্ত্রাদি সাজান, শোভন, to put on jewels, dress or ornaments, to decorate oneself, shine in finery, &c. [decoration.
ভূষণ, ভূষা,—অলঙ্কারাদি, a jewel, trinket, ornament, dress,
ভূষণীয়, শোভনীয়, capable of or requiring decoration, &c.
ভূষাণ, শোভান, সাজান, to adorn, deck, dress, trim, caparison. [bellished.
ভূষিত, অলঙ্কৃত, শোভিত, adorned, ornamented, decked, em-
ভূষী, তুষ, ছাল, ত্বক্, bran, chaff, a husk, integument.
ভূস্পৃষ্ঠমুখ, প্রণত, নম্রাস্য, prostrate, bowing down.
ভূস্পৃশ্, কৃষক, বৈশ্য, মনুষ্য, ভূতলস্পার্শক, a cultivator, man, mankind; touching the ground. [king.
ভূস্বামী, ভূমির অধিকারী, রাজা, a proprietor of land, landlord,
ভ্রূকুটি, ভ্রূভঙ্গ, a frown, contraction of the brows. [land.
ভৃগু, পর্বতের ধার, পাতুক, প্রস্থ, a precipice, mountain table

ভৃঙ্গ, ভ্রমর, বোল্‌তা, কলিঙ্গ পক্ষী, স্বর্ণময় পাত্র, লম্পট, the humble bee, a wasp, a sort of shrike, a golden vase, a lecher, a libertine.
ভৃঙ্গার, স্বর্ণময় ঘট, সুবর্ণ, লবঙ্গ, a golden vase, gold, cloves.
ভৃঙ্গার, ভৃঙ্গারিকা,—ঝিঁঝি পোকা, ঝিল্লী, a cricket.
ভৃঙ্গী, ভ্রমরী, the female bee.
ভৃতি, জীবিকা, বেতন, মূলধন, nourishment, maintenance, wages, hire, a capital, principal sum. [vant.
ভৃতিভুক্‌, বেতনগ্রাহী, living on wages; a hireling, hired ser-
ভৃত্য, দাস, পরিচারক, পোষ্য বর্গ, a servant, slave, dependant.
ভৃত্যা, বেতন, ভরণ্য, wages, hire.
ভৃমি, বায়ুগ্রন্থি, ঝড়, পাকনা, শিরঃকম্প, a whirlwind, hurricane, eddy, whirlpool, giddiness. [ingly,&c.
ভৃশ, প্রচুর, অতিশয়, much, excessive, abundant; exceed-
ভৃষ্ট, ভাজা, ঝল্‌সান, baked, fried, parched.
ভেঁউচন, ভেঙ্গচন,—খিচন, পরিহসন, ভেঙ্গান, to make faces, mouth, grin, mock, ridicule.
ভেক, মণ্ডূক, মেঘ, ছদ্মবেশ, a frog, a cloud, a disguise, false appearance, play, pantomime, a religious habit.
ভেক্‌টা, ভেট্‌কী,—মৎস্য বিশেষ, a species of sable-fish.
ভেকী, ভণ্ড, ভাঁড়, মণ্ডূকী, a mime, actor, player, female frog.
ভেকুয়া, পশুবৎ, মূর্খ, simple, foolish; a simpleton.
ভেঙ্গ, মুখভঙ্গ, পরিহাস, ঠাট্টা, a mouthing, making faces, mocking, ridiculing, mimicry.
ভেঙ্গান, খিচন, বিদ্রূপ করণ, ঠাট্টা করণ, পরিহসন, to make faces, mouth, ridicule, mock, mimic.
ভেজন, প্রেরণ, রুদ্ধ করণ, to send, dispatch, shut, (as a door.)
ভেজান, পাঠান, রুদ্ধ করণ, পেঁচে ফেলন, ঠেকান, to send, shut, implicate in. [meeting.
ভেট, ভেটী,—উপঢৌকন, সাক্ষাৎ, a present at meeting, a
ভেটন, মিলন, সাক্ষাৎ করণ, to meet, visit, go to see.
ভেটনিয়া, মিলনিয়া, সাক্ষাৎকারী, meeting, visiting; one who meets another, a visitor.
ভেটা, সাক্ষাৎকরা, সন্দর্শন, a meeting, a visit.
ভেটিয়াল, স্রোতে বহান, going down with the tide. [ler.
ভেটীয়ারা, ভেটেরা,—ভক্ষ্যদ্রব্য মদ্যাদি বিক্রেতা, a sutler, a victual-

ভেড়ন, মিলন, নিকটে আইসন, পুনর্বিতর্কন, to meet, approach, visit, re-weigh, reconsider. [fellow.

ভেড়া, মেষ, মূর্খ, a sheep, a ram, a blockhead, a stupid

ভেড়ামী, মূর্খতা, stupidity, doltishness, sheepishness.

ভেড়ী, মেষী, জাঙ্গাল, সেতু, a ewe, a mound, dyke, embankment.

ভেড়ুয়া, কোটনা, a pander, a pimp.

ভেত্তব্য, বেধ্য, ভেদ্য, penetrable, divisible, distinguishable.

ভেত্তা, বিরোধী, বিবাদজনক, স্বমতত্যাগী, বিশ্বাসঘাতক, a factious or contentious person, a sower of dissension, a schismatic, a heretic, a traitor.

ভেদ, ছিদ্র, বেধ, পার্থক্য, বিদারণ, বিচ্ছেদ, বিবাদ, বিশেষ, প্রকার, তত্ত্ব, মর্ম্ম, উদরভঙ্গ, গুপ্তপ্রকাশ, সন্ধান লওন, জ্ঞান, ভিন্ন, a perforation, penetration, piercing, incision, separation, dividing, rending, breaking, dispersion, disunion, disagreement, dissent, dissension, difference, dissimilarity, distinction, a kind, sort, species, a mystery, secret, a purging by stool, a divulging, reconnoitring, spying out, knowledge; else, besides.

ভেদক, ভেদজনক, বেধক, রেচক, ঠক, বিশেষণ, অপনাম, sowing dissension, &c. piercing, purgative; an incendiary, tale-bearer, an adjective, a nickname.

ভেদজ্ঞান, বিশেষবোধ, discrimination, knowledge of differences or distinctions, &c.

ভেদজ্ঞানী, বিশেষ বোধক, discriminating, discerning individuality, viewing the gods as distinct.

ভেদন, বিন্ধন, ছেদন, ফোড়ন, খণ্ডন, চিরণ, বিদারণ, বিশেষ জানন, to pierce, bore, penetrate, transfix, break, rend, tear, divide, distinguish.

ভেদী, বেধক, বিশেষক, বিমত, চর, ঠক, খল, piercing, distinguishing, dividing, separating, dissenting; a spy, tell-tale, tale-bearer.

ভেবরণ, ভয় পাওন, ঘবরণ, to be alarmed or confounded.

ভেমরুল, বোলতা, বরলা, a hornet.

ভেরী, লম্বা তূরী বিশেষ, a long trumpet.

ভেরেণ্ডা, ভৈরাণ্ডা,—এরণ্ড বৃক্ষ, the castor shrub.

ভেলক, মাড়, মান্দাস, প্লব, a raft, a float.
ভেলা, বড়শা, শেল, প্লব, a dart, a lance, a raft, a float.
ভেল্‌কী, কুহক, মায়া, magic, sleight of hand, delusion.
ভেষজ, ভৈষজ্য,—ঔষধ, a drug, medicine, medicament.
ভৈক্ষ্য, ভিক্ষাসমূহ, a collection of alms.
ভৈরব, ভয়ানক, দারুণ, আতঙ্ক, শঙ্কা, শিবের ভয়ঙ্কর মূর্ত্তি, horrible, terrible, terrific, dangerous; horror, terror, a terrific manifestation of Shiva.
ভৈরবী, দুর্গা, স্ত্রী অবধুতা, Durgá or the terrible; a female devotee of Shiva.
ভৈরবীচক্র, স্ত্রী অবধুতার সম্প্রদায়, a society of female devotees [of Shiva.
ভোঁতা, নির্ধার, dull, (as a tool, &c.) not sharp.
ভোঁদড়, বেজী বিশেষ, a species of weasel or ichneumon.
ভোক্‌ছানি, অনাহারে ক্ষীণতা, ক্লিষ্টতা, a famished condition, inanition, extreme faintness.
ভোক্তা, খাদক, পেটুক, ফলযুক্ত, স্বামী, an eater, glutton, one who suffers or enjoys, a husband.
ভোগ, সুখ দুঃখের অনুভব, ফলগ্রহণ, অন্ন, পক্বনৈবেদ্য, pleasure, enjoyment or suffering, possession, use, usufruct, occupancy, food, an offering of dressed food.
ভোগগৃহ, অন্তঃপুর, the haram or female apartments.
ভোগদেহ, শরীর, the body as the seat of enjoyment or suffer- [ing.
ভোগন, সুখ দুঃখানুভব করণ, মিলন, পাওন, to enjoy or suffer, undergo, to possess, obtain, get.
ভোগবৎ, সুখজনক, মনোহর, yielding enjoyment, pleasurable.
ভোগবতী, পাতালের গঙ্গা, the infernal Ganges or river of hell.
ভোগবান্‌, সুখদুঃখাস্বাদক, ফলভোজী, ফলভুক্‌, বিশিষ্ট, নর্ত্তক, গায়ক, enjoying, suffering, seized of, occupying, possessing, dancing, singing.
ভোগস্থান, শরীর, অন্তঃপুর, the body as the seat of sensual enjoyment or suffering, women's apartments.
ভোগা, ফাকী, ছল, চার, লোভ, কৌশল, a deception, imposture, cheat, snare, bait, temptation, lure, stratagem.
ভোগান, ভোগ করাণ, ভুলান, ফুসলান, to cause to enjoy or suffer, to mislead, deceive, &c.
ভোগিনী, রাজার উপস্ত্রী, a king's concubine.

ভোগী, সুখদুঃখানুভূত, বিষয়সুখাসক্ত, সর্প, enjoying, possessing, suffering, sensual; a snake.

ভোগ্য, খাদ্য, সুখদুঃখের বিষয়, ফলভোগের বিষয়, eatable, to be enjoyed or suffered, pleasurable, to be followed by enjoyment or suffering.

ভোগ্যা, বেশ্যা, ঢেমনী, a harlot, a whore, a concubine. [ver.

ভোগ্যাধি, পরোপকারার্থে কৃত বন্ধক, a loan to the use of the recei-

ভোজ, আহার, ফলার, a meal, feast, banquet, treat

ভোজন, ভক্ষণ, আহার, to eat; act of eating, food. [food.

ভোজনীয়, ভোজ্য,—খাদ্য, ভক্ষ্য, eatable, edible, proper for

ভোজবিদ্যা, ভেল্কী, কুহক, legerdemain, sleight of hand, magic.

ভোজয়িতা, নিমন্ত্রণকারী, প্রতিপালক, an entertainer, host, supporter of others. [gods, provision, &c.

ভোজ্য, দেবোদ্দেশে দেয় তণ্ডুলাদি, offerings of corn, &c. to the

ভোজ্যসম্ভব, অন্নরস, খাদ্য, chyle or digested food; eatable.

ভোজ্যান্ন, ভক্ষণীয় দ্রব্য,একান্ন, eatable; food, a table-companion.

ভোট, রাঙ্গা কম্বল বিশেষ, a sort of red blanket from Bhotan.

ভোডঙ্গ, তূরী, তরণী বিশেষ, a trumpet, a kind of boat.

ভোড়ঙ্গিয়া, তূরীবাদক, a trumpeter; blowing the trumpet.

ভোতা, ত্বক, ছাল, নির্ধার, a peel, rind, tegument; blunt, dull, obtuse. [pot.

ভোমর, মধুমক্ষিকা, তুরপণ, a bee, an auger, drill, a watering-

ভোমা, মূর্খ, পক্ষ্ম, foolish, stupid, ignorant; the eye-lashes.

ভোর, প্রাতঃকাল, প্রত্যুষ, the morning, the dawn; early.

ভোলা, বিস্মারক, সন্দিগ্ধমনাঃ, forgetful, sceptical.

ভৌতিক, ভূতসম্বন্ধীয়, অলৌকিক, অদ্ভুত, পঞ্চভূতনির্ম্মিত, প্রপঞ্চ, শিব, relating to evil spirits, supernatural, demoniacal, elemental, material; Shiva.

ভৌম, মঙ্গলগ্রহ, পার্থিব, ভূমিসম্বন্ধীয়, the planet Mars, ambergris; earthly, terrestrial, of or belonging to land.

ভৌমিক, ভূমিজ, ভূমির, ভূস্বামী, produced from the ground, belonging to land; a landholder. [mory.

ভ্যাকান, অভ্যাস করণ, মনে রাখণ, to study, commit to me-

ভ্রংশ, অধঃপতন, দুষ্টতা, নষ্টামি, ধ্বংস, a fall, a fall from virtue, depravity, ruin, loss, destruction.

ভ্রুকুটি, ভ্রূভঙ্গী, a frown, contraction of the brows.

ভ্রম, চুক, ভুল, ঘূর্ণি, পাকনা, বায়ুগ্রন্থি, কুঁদ, চক্র, পর্য্যটন, আদর, a misconception, error, mistake, blunder, oversight, slip, forgetfulness, a whirling or going round, an eddy, whirlpool, whirlwind, a turner's lathe, a potter's wheel, a roaming, wandering, respect, credit, reputation.

ভ্রমণ, বেড়ান, ঘুরণ, চুকন, ফেরা, যাত্রা, to wander about, roam, ramble, traverse, take the air, perambulate, turn round, whirl, err, mistake; a tour, turn, circuit, ramble, voyage.

ভ্রমণী, পর্য্যটনিয়া, travelling, wandering, roaming, roving.

ভ্রমবিশিষ্ট, চুকনিয়া, mistaken, erroneous, mistaking, &c.

ভ্রমর, ভ্রমরী,—ষট্পদ, মধুকর, *m. & f.* the large black bee.

ভ্রমি, ঘূর্ণি, আবর্ত্ত, ঘূর্ণবায়ু, কুঁদ, চক্র, শিরঃকম্প, মূর্চ্ছা, ভুল, চুক, a whirling or going round, an eddy, whirlpool, whirlwind, a lathe, potter's wheel, vertigo, dizziness, giddiness, fainting, a swoon, stupor, forgetfulness, error, mistake.

ভ্রমী, ঘুরণিয়া, নাস্তিক, whirling, revolving, &c. a sceptic.

ভ্রষ্ট, দুষ্ট, বিগড়িত, লম্পট, মন্দ, নষ্ট, ধ্বস্ত, পদচ্যুত, ভাজা, fallen from virtue, depraved, corrupted, dissolute, vicious, deflowered, defiled, ravished, violated, seduced, obscene, degraded, deposed, fallen from office, displaced, superseded, parched, baked, roasted, fried, toasted. [rupter.

ভ্রষ্টক, বলাৎকারী, নষ্টকর, a ravisher, defiler, violator, cor-

ভ্রষ্টপনা, নষ্টতা, অসম্ভ্রম, depravity, a fallen state, degradation.

ভ্রষ্টা, ব্যভিচারিণী, কুলটা, an adultress, a strumpet, a violated or dissolute female. [religion.

ভ্রষ্টাচার, দুষ্টব্যবহার, বিধর্ম্ম, depraved conduct, heterodoxy in

ভ্রষ্টামি, দুষ্টামি, নষ্টতা, depravity, pollution, villainy, vice.

ভ্রষ্টাশঙ্কা, জারাশঙ্কা, jealousy of a wife.

ভ্রাজক, পিত্ত, পিত্তরস, bile, the bilious humour.

ভ্রাজিষ্ণু, শোভান্বিত, বিভ্রাট্, ধৃতভূষণ, splendid, shining, gaudy, elegant in dress, &c. decorated with ornaments.

ভ্রাতা, ভ্রাতৃ—এক পিতৃজাত, a brother, friend, kin, kindred.

ভ্রাতুষ্পুত্র-ী, ভ্রাতৃপুত্র-ী, ভ্রাতার তনয়-া, *m.* & *f.* a brother's son and daughter. [of a brother.

ভ্রাতৃজ, ভ্রাতৃজা,—ভ্রাতার পুত্রপুত্রী, *m.* & *f.* the son or daughter

ভ্রাতৃব্য, ভ্রাতার তনয়, রিপু, a brother's son, an enemy.

ভ্রাত্রীয়, ভ্রাতষ্পুত্র, ভ্রাতার উপযুক্ত, a brother's son; a brother's, brotherly, fraternal. [roving.

ভ্রান্ত, ভ্রমযুক্ত, চুকনিয়া, পর্য্যটক, mistaken, erring, deceived,

ভ্রান্তি, ভ্রম, ভুল, মায়া, মিথ্যাদৃষ্টি, অজ্ঞানতা, পর্য্যটন, error, mistake, blunder, delusion, ignorance, a roving, roaming, wandering about, &c.

ভ্রামক, ভ্রমজনক, ছলী, শৃগাল, চুম্বকপাথর, causing error, occasioning mistake, &c. a cheat, rogue, a jackal.

ভ্রূ, নেত্রের ঊর্দ্ধলোমশ্রেণী, the eyebrows.

ভ্রূকুটি,—বিতুষ্টি বোধক দৃষ্টিপাত, a frown, look of displeasure, forbidding aspect. [wards.

ভ্রূক্ষেপ, বিকট দৃষ্টিপাত, কটাক্ষ, a frown, a glance, a look to-

ভ্রূণ, গর্ভস্থপ্রাণী, a fœtus, embryo, unborn child.

ভ্রূণঘ্ন, ভ্রূণহা,—গর্ভনাশক, পেট্‌খসাকারক, causing abortion, destroying the fœtus. [abortion.

ভ্রূণহত্যা, গর্ভনাশকরা, a destruction of the fœtus, procured

ভ্রূভঙ্গ-ী, বিতুষ্টি বোধক দৃষ্টিপাত, a frown, contraction of the brows.

ম.

মই, শিড়ী, বাঁশই, a ladder, a species of harrow.

মউড়, মুকুট, a marriage crown or diadem.

মওন, মন্থন, আলোড়ন, to churn, to agitate a liquid

মকর, জলজন্তু বিশেষ, দশম রাশি, কুবেরের ধন বিশেষ, ছলনা, ফাকী, an imaginary marine monster representing the sign Capricorn, one of Cuvera's treasures, deceit, deception.

মকরকেতন, মকরধ্বজ,—কন্দর্প, the Indian Cupid, whose emblem is the foregoing animal.

মকরন্দ, পুষ্পরস, মধু, ভ্রমর, কোকিল, মল্লিকা বিশেষ, মৃণাল, the nectar of a flower, a bee, the Indian cuckoo, a species of jasmine, the filaments of a lotus.

মকরালয়, সমুদ্র, সাগর, the ocean. [head-dress.
মকুট, কিরীট, চূড়া, শিরোভূষা, a crown, diadem, tiara, crest,
মকুল, প্রকাশোন্মুখ কলিকা, কুঁড়ী, an opening bud.
মক্ষিকা, মাছী, সপক্ষ কীট, a fly, any winged insect.
মখ, যজ্ঞ, যাগ, sacrifice, oblation.
মগ্ন, ডুবিত, বুড়া, sunk, immersed, plunged, dived, drowned.
মঘা, দশম নক্ষত্র, the tenth lunar mansion.
মঙ্গল, কল্যাণ, কুশল, ভাগ্য, তৃতীয় গ্রহ, সর্ব্বার্থ রক্ষণ, শুভ, সুখদায়ক, প্রসন্ন, welfare, prosperity, happiness, good, good-fortune, a propitious act, the planet Mars, carefulness, prudence; fortunate, prosperous, lucky, happy, propitious, auspicious.
মঙ্গলকর, শুভঙ্কর, হিতকারী, doing good, beneficent, benevolent.
মঙ্গলগাওন বা বাদন,—পরকল্যাণে সুখপ্রকাশ কথন, to congratulate, to felicitate. [thanksgiving.
মঙ্গলবাদ, পরকল্যাণ প্রার্থনা, শুভবাক্য, well-wishing, felicitating,
মঙ্গলবার, তৃতীয়বার, Tuesday.
মঙ্গলাচরণ, ঘৃতধারাদি, কর্ম্মারম্ভে কর্ত্তব্য শুভজনক ক্রিয়া, শুভবাক্য, the ornamenting of a place with garlands on festive occasions, festivity, a preliminary ceremony, an invocation, religious action, congratulation, good wishes.
মঙ্গল্য, শুভঙ্কর, প্রসন্ন, সুখদায়ক, মনোহর, পুণ্য, পবিত্র, auspicious, propitious, conferring pleasure or happiness, pleasing, beautiful, agreeable, pious, pure.
মঙ্গলৈষী, হিতৈষী, পরশুভেচ্ছুক, benevolent; a well-wisher.
মচ্‌কন, বেঁউচন, মোচড়ন, চিরণ, to be wrenched, strained, sprained, bent, torn or injured by violence. [&c.
মচ্‌কান, মোচড়ান, বেঁউচান, to wrench or pull violently, strain,
মজন, মজ্জন,—অবগাহন, ডুবন, বুড়ন, দুঃখগ্রস্ত হওন, নিবিষ্ট হওন, to bathe, sink, be immersed, plunge, dip, to be drowned, be overwhelmed with trouble, &c. to be wholly taken up with.
মজান, মজ্জান,—ডুবান, বুড়ান, ভাসান, ক্লেশন, to immerse, plunge, dip, sink, drown, overwhelm with trouble, &c. afflict, distress, destroy.

মজ্জা, অস্থির মধ্যগত ধাতু, বৃক্ষের সার বা রস, marrow, pith, sap.
মজ্জাগত, আন্তরিক, মর্ম্মপীড়ক, inward, latent, affecting the marrow.
মজ্জাভেদী, মর্ম্মপীড়ক, দুঃসহ্য, touching the quick, insupportable.
মঞ্চ, মাচা, ভারা, কুঁড়িয়া, পর্য্যঙ্ক, শয্যা, খাট, a raised stage, platform, pulpit, scaffold, an elevated shed, a table, bedstead, bed.
মঞ্জন, মার্জ্জন, পুঁচন, মিসি, নেত্রমলহারক দ্রব্য, to cleanse, clean, scour; a tooth-powder, dentifrice, eye-salve.
মঞ্জরণ, মুকুলন, গজান, to bud, put forth buds or leaves.
মঞ্জরী, শিষ, পুষ্পগুচ্ছ, অঙ্কুর, মুকুল, an ear of corn, a flower-spike, flower-stalk, a shoot, sprout, a branch-bud.
মঞ্জিষ্ট, মঞ্জিষ্টা,—লতা বিশেষ, মণ্ডূকপর্ণী, Indian madder.
মঞ্জীর, নূপুর, a female ornament for the feet, an anklet.
মঞ্জুল, সুন্দর, মনোজ্ঞ, beautiful, agreeable, pleasing.
মটর, কলায় বিশেষ, a pea, peas. [petticoat.
মটরাসাড়ী, বিচিত্র পট্টবস্ত্র, a spotted silk garment worn as a
মটুক, কিরীট, শিরোভূষা, a crown, diadem, head-dress, &c.
মট্কা, তৃণগৃহের পৃষ্ঠদণ্ড, বৃহৎ মৃন্ময় জালা, the ridge of a thatched house, a large earthen jar.
মট্কামারণ, ছলনিদ্রা দেখান, to sham or feign sleep. [shampoo.
মট্কান, গ্রন্থি ভাঞ্জন, অঙ্গ টিপন, to snap or crack the joints, to
মঠ, টোল, পাঠশালা, সন্ন্যাসিরদের বাসগৃহ, মন্দির, a college, school, monastery, temple, pagoda.
মড়ক, মারী, সমুদায় দেশ ব্যাপক ঔৎপাতিক রোগ, a pestilence, mortality, epidemic disease.
মড়ল, মণ্ডল, গ্রামের প্রধান প্রজা, the head-man of a village.
মড়া, শব, মর্ত্ত্য, মৃত, a dead carcase, corpse; mortal. dead.
মড়াকামড়ি, অন্তক দংশকরা, অধ্যবসায়, অতিশয় ক্লেশ দেওয়া, উত্তেজনা, a mortal bite, pertinacious perseverance at all hazards, a teazing, dunning. [born child.
মড়াঞ্চিয়া, অল্পদিবস প্রসব হইয়া মৃতপুত্ৰী, *f.* having lost her new-
মড়্কচা, তৃণগৃহের পৃষ্ঠদণ্ড, the ridge of a thatched house.
মড়্কা, মড়্মড়ীয়া,—ঠুন্কা, টুসুক, brittle, fragile, rigid.
মণি, রত্ন, মরকত প্রবালাদি বহুমূল্য প্রস্তর; মুক্তা, পোঁচা, সূচ্যগ্র, a gem, jewel, precious stone, pearl, the wrist, the clitoris, the glans penis, the point of a needle.

মণিকর্ণিকা, কাশীর অন্তর্গত কুণ্ড বিশেষ, a holy pool at Benares.

মণিকার, রত্নজীবী, রত্নপরিষ্কারক, a jeweller, gem-cutter, lapidary.

মণিপূর, নাভি, স্ত্রীলোকের রত্নযুক্ত অঙ্গরাখা বিশেষ, দেশ বিশেষ, the navel, a sort of woman's boddice studded with gems, the country of Manipoor.

মণিবন্ধ, হাতের পোঁচা, the wrist.

মণিমন্দির, বহুমূল্য প্রস্তরযুক্ত গৃহ, a temple or house of gems.

মণিহারী, রত্নজীবী, গহনাব্যবসায়ী, রত্নচোর. a jeweller, seller of toys and trinkets, a stealer of gems.

মণ্ড, মাড়, জুষ, লেই, rice-water, gruel, paste, starch.

মণ্ডন, জড়ান, মোড়ন, অলঙ্কার, গহনা, to overlay with metal, gild, plate, cover with leather or cloth: ornament, decoration, jewels, trinkets, &c.

মণ্ডপ, উৎসবকালীন অতিথিশালা, তৃণাদি নির্ম্মিত দেবগৃহ, a temporary shed at festivals, an open temple.

মণ্ডল, বর্ত্তুল, গোল, সূর্য্যচন্দ্রের বিম্ব, পরিবেশ, চক্রবাল, চক্র, বেড়, চাকলা, বূহ বিশেষ, সমূহ, রাশি, চক্রাকার কুষ্ঠ, বড়ী, গ্রামের প্রধান প্রজা, a ball, globe, sphere, orb, disk, a halo, the horizon, a wheel, circle, circumference, a province, district, region, a circular form of military array, a multitude, assemblage, quantity, heap, a round spotted leprosy, a sweet-meat ball, the head-man of a village.

মণ্ডলী, সমাজ, সমূহ. an assembly, congregation, a body of people, society, gang, flock.

মণ্ডা, বড়ী, a sort of sweet-meat balls. [comfits, &c.

মণ্ডী, অতিক্ষুদ্র গোলাকার মিষ্টান্ন বিশেষ, a smaller sort of the same,

মণ্ডুক-ী, ভেক ভেকী, বর্ষাভূ, বর্ষাম্বী, *m.* & *f.* a frog.

মণ্ডূর, লৌহমল, খাদ, rust of iron, dross, scoriæ.

মত, ধারা, প্রকার, ধর্ম্মপথ, পক্ষ, ব্যবহার, রীতি, অভিপ্রেত, মনস্থ, ন্যায়, a way, method, mode, manner, sort, kind, set of opinions, creed, system, doctrine, sect, habit, practice, manner of thinking or acting, purpose, wish, intention; similar, like.

মতভেদ, সম্প্রদায়, অভিপ্রেতের পার্থক্য, a distinct sect, a schism.

মতমত, একমত, of one mind, of one sect.

মতান্তর, ভিন্ন রীতি, অন্যথা, অন্যপ্রকার, another sect or method, &c. alteration; altered, otherways. [tary.

মতাবলম্বী, পক্ষপাতী, ধর্ম্মাশ্রয়ী, পন্থী, a follower, partizan, sec-

মতামত, স্বীকৃতাস্বীকৃত, গ্রাহ্যাগ্রাহ্য, the sentiments received and rejected, distinct opinions; approved and disapproved, liked and disliked.

মতামতি, স্বীকার অস্বীকার, বিভিন্ন মত, মতভেদ, approbation and disapprobation, diversity of sentiments.

মতি, অনুমান, বোধ, বুদ্ধি, জ্ঞান, প্রবৃত্তি, মুক্তা, opinion, understanding, intellect, mind, conscience, intelligence, judgment, will, inclination, desire, a pearl. [brained.

মতিছিন্ন, মতিছন্ন,—হতবুদ্ধি, ক্ষিপ্ত, deranged, delirious, cracked-

মতিমান্, বুদ্ধিমান, বিবেকী, wise, reflecting, sensible, judicious.

মতী, পন্থী, সম্প্রদায়,পক্ষ, a sect, party. [formably with.

মতে, রীত্যনুসারে, ধারায়, according to, agreeably to, con-

মত্ত, মাতাল, বিভোল, হর্ষিত, ব্যগ্রমনাঃ, উৎকট, গর্ব্বযুক্ত, কামাসক্ত, বিক্ষিপ্তচিত্ত, গর্জ্জিত, মোহযুক্ত, intoxicated, drunk, overpowered with joy, delighted, enthusiastic, eager, in rut, furious, proud, lewd, &c. mad, insane, foolish, raging, infatuated.

মৎসর, পরশ্রীকাতর, কৃপণ, দ্বেষ, মশা, envious, covetous, niggardly; envy, rancour, a gnat, musquito.

মৎস্য, মাছ, মীন, a fish, an avatar of Vishnu.

মৎস্যণ্ডিকা, ফেণী, উখাড়, কন্দ, coarse sugar, sugar-candy.

মৎস্যরঙ্গ, মাছরাঙ্গা পক্ষী, the kingfisher.

মথন, মন্থন, আলোড়ন, to churn, agitate violently, stir up.

মথিত, আলোড়িত, নির্জল ঘোল, churned, &c; butter-milk.

মদ, মদ্য,—মত্ততাজনক পেয় বস্তু, সুরা, মত্ততা, ক্ষিপ্ততা, মোহ, ব্যগ্রতা, হর্ষ, কামক্রোধাদি, দর্প, মত্ত হস্তির গণ্ডনিঃসৃত রস, wine, spirit, intoxication, drunkenness, insanity, infatuation, enthusiasm, delight, pleasure, joy, desire, passion, pride, arrogance, a liquor flowing from the temples of an elephant in rut.

মদক, নিদ্রাকর ঔষধ, ময়রা, a narcotic medicine, an opiate, a confectioner.

মদকল, মত্ততাপ্রযুক্ত অস্পষ্ট কথক, গর্জ্জিতহস্তী, speaking inarticulately through drunkenness; an elephant in rut.

মদন, কন্দর্প, ঋতু, Cámadeva the Indian Cupid, the spring.

মদনশলাকা, কামজনক ঔষধি, a provocative medicine.

মদনা, সুরা, সারী পক্ষিণী, wine, spirits, a species of parrot.

মদপাতা, মদপায়ক,— মাতাল, সুরাপানকর্ত্তা, a drinker of wine or spirits, a drunkard.

মদসার, পুনঃ২ ক্ষরিত সুরা, highly rectified spirits, alcohol.

মদিরা, মদ্য—দ্রাক্ষারস, সুরা, wine, spirituous liquors.

মদিরাগৃহ, মদ্যগৃহ,—গঞ্জা, a tavern, a spirit or dram-shop.

মদীয়, মৎসম্বন্ধীয়, আমার, নিজ, my, mine, my own.

মদোদ্ধত, মত্ত, মদপানে বিহ্বল, মাতাল, overcome by liquor, intoxicated.

মদ্যজীবী, শুণ্ডী, সুরাদি ব্যবসায়ী, a wine seller, vintner, tavern-[keeper.

মদ্যপ, সুরাপায়ী, মাতাল, a sot, tippler, toper, drunkard.

মদ্যপঙ্ক, ক্ষরয়িতব্য শিটাযুক্ত সুরা, fermented liquor ready for distillation.

মদ্যবীজ, মদ্যপাকজনক দ্রব্য বিশেষ, a drug used to assist fermen-[tation.

মদ্যমণ্ড, সুরাভাগ, মদের ফেণ, yeast, barm, froth.

মদ্যশালা, গঞ্জা, a tavern, a dram or liquor-shop

মধু, মৌ, পুষ্পরস, সুরা বিশেষ, চৈত্র মাস, honey, the nectar of flowers, a sort of wine, the month Chaitra.

মধুকর, ভ্রমর, নায়ক, মিঠানেবু, a bee, a lover, the sweet lime.

মধুকোষ, মৌচাক, ছাগমুষ্ক, a beehive, a honeycomb, a goat's testicles.

মধুধাতু, স্বর্ণমাক্ষিক, a sort of Pyrites, honey-stone.

মধুধৃৎ, পুষ্পরসাধার, the nectary of a flower.

মধুনাপিত, মদক, ময়রা, a confectioner.

মধুপ, মধুমক্ষিকা,—ভ্রমর, মৌমাছি, a bee.

মধুপর্ক, মধুযুক্ত দধি ত্যাগ, a religious offering of curds and [honey.

মধুময়, সুস্বাদু, সুরস, মিষ্ট, honeyed, mellifluous, sweet.

মধুমল্লী, বেলফুল, the double jasmine.

মধুযষ্টিকা, যষ্টিমধু, মিষ্টরসযুক্ত কাষ্ঠ বিশেষ, liquorice-stick.

মধুর, মিষ্ট, প্রিয়, আলাপী, মৃদু, সুশ্রাব্য, মিষ্টতা, গুড়, sweet, pleasing, agreeable, courteous, mellifluous, melodious; sweetness, syrup, treacle.

মধুরাণ, মিঠান, to sweeten, to make sweet.

মধুসূদন, কৃষ্ণ, Krishna as destroyer of the giant Madhu.

মধ্য, মাজ, অন্তর, ভিতর, অন্তরালস্থান, গানের ছেদ, মাঝারী তাল, কঙ্কাল, ঘোটকের কক্ষদেশ, দশ মহাশঙ্খ, the middle, midst, centre, inside, an interval, common time in music, a rest, a sort of metre, the waist, a horse's flank, ten thousand billions.

মধ্যনিম্ন, মাঝে চাপান গোলাকৃতি, concave, hollow in the centre.

মধ্যবর্ত্তী, মধ্যস্থ,—অন্তরস্থিত, অন্তর্গত, অভ্যন্তর, মাঝের, পঞ্চ, ব্যবহর্ত্তা. situated between, within, included, inward, internal, central; a mediator, arbitrator, umpire.

মধ্যবিত্ত, উৎকৃষ্ট হইতে ন্যূন, অপকৃষ্ট হইতে উত্তম কিম্বা অধিক, মাঝারী, পরিমিত, চলিত, সাধারণ, অনাত্যন্তিক, মধ্যস্থ, middling, moderate, temperate, indifferent, ordinary, customary, not deep in colour: an umpire.

মধ্যবিধ, অনাত্যন্তিক, মাঝারী, সামান্য, অধম নয় উত্তম ও নয়, of a middling sort, common, middling.

মধ্যম, মধ্যস্থাপিত, অন্তর্গত, মাঝারী, সামান্য, middlemost, central, included, intermediate, middling, moderate, temperate, ordinary.

মধ্যমা, মধ্যা,—অনামিকা ও তর্জ্জনীর অন্তরস্থিত অঙ্গুলি, ঋতুমতী কন্যা, the middle finger, a girl arrived at puberty.

মধ্যরাত্র, অর্দ্ধনিশা, দুইপ্রহর রাত্রি, নিশীথ, midnight.

মধ্যলোক, পৃথিবী, মর্ত্যলোক, the earth, the dwelling of mortals.

মধ্যস্থ, মধ্যস্থিত,—মাঝের, অভ্যন্তর, অন্তরালস্থাপিত, central, middle, inward, intervening, interposing. [terstice.

মধ্যস্থল-ী, মাঝার, অন্তর, অন্তরাল, the centre, inward part, an in-

মধ্যস্থতা, পাঞ্চাৎ, বিরোধনিষ্পত্তি, সমাধা, mediation, arbitration.

মধ্যাপসারী, মণ্ডলের মধ্যস্থানত্যাগী, চক্রের মধ্যস্থল হইতে ত্যজনশীল, flying off from the centre, centrifugal.

মধ্যাভিসারী, মণ্ডলের মধ্যস্থানাভিমুখে আকর্ষিত, চক্রের মধ্যস্থানে পতনশীল, tending to the centre, centripetal.

মধ্যাহ্ন, দিনের দুই প্রহর বেলা, mid-day, noon; *adj:* mid-day.

মধ্যে, মাঝে, ভিতরে, অন্তরে, সাথে, in the midst, within, between, in, among.

মধ্যে২, কখন২, now and then, sometimes, occasionally.

মধ্বাসব, মধুক ফল নিঃসারিত সুরা, a sort of spirituous liquor.
মন, চল্লিশ সের, a weight of 40 seers.
মন, মনঃ,—চিত্ত, বুদ্ধি, মতি, স্মৃতি, অন্তঃকরণ, প্রবৃত্তি, the mind, understanding, memory, conscience, heart, inclinations.
[guish.
মনঃপীড়া, ভাবনা, চিন্তা, চিত্তশূল, inquietude, pain of mind, an-
মনঃপূত, প্রশস্তচিত্ত, শুদ্ধান্তঃকরণ, প্রবৃত্ত, pure in heart, conscientious, inclined to.
[comfort.
মনঃপ্রবোধ, নিশ্চয়জ্ঞান, ভরসা, conviction of mind, assurance,
মনঃশিলা, মঞ্জাল, red arsenic.
মনন, মন দেওন, সাবধান হওন, স্বীকরণ, চিন্তন, ঠাহরণ, ভাবন, to mind, attend to, regard, admit, think of, reflect; thought, exercise of mind, reflection.
মনসা-দেবী, বিষহরী, the goddess of serpents.
মনস্কাম-না, অন্তঃকরণের প্রবৃত্তি, চিত্তবাসনা, the desire of the mind, the wish of the heart.
মনস্কার, চর্চ্চা, মনের মধ্যে সুখদুঃখ বোধ, reflection, consciousness of pleasure or pain.
[sorrow, remorse.
মনস্তাপ, চিত্তপীড়া, খেদ, দুঃখ, অনুশোক, distress of mind, grief,
মনস্থ, চিত্তবর্ত্তী, চেষ্টা, অভিপ্রায়, বাঞ্ছা, situated in the mind; a thought, design, intention, wish, inclination.
মনস্বী, বুদ্ধিমান, সাবধান, শুদ্ধান্তঃকরণ, intelligent, wise, attentive, pure-minded.
[slowly.
মনাক্, ঈষৎ, অল্প, সূক্ষ্ম, মন্দে, a little; minutely, tardily,
মনীষা, বুদ্ধি, পাণ্ডিত্য, the understanding, intellect, wisdom.
মনীষী, মতিমান, প্রজ্ঞ, পণ্ডিত, wise, intelligent, learned.
মনু, স্বয়ম্ভুবাদি চতুর্দ্দশ, মন্ত্র বিশেষ, a Manu or president of the universe, the first Manu the Indian legislator, creator of the world and progenitor of mankind; a mystical verse or incantation.
মনুজ, মনুজা,—পুরুষ এবং স্ত্রী, *m.* & *f.* a man, a woman.
মনুষ্য, পুরুষ, ব্যক্তি, লোক, a man, person, mankind, people.
মনুষ্যত্ব, পুরুষত্ব, সৌজন্য, manhood, manliness, humanity.
মনুষ্যভক্ষক, নরমাংসাহারী, রাক্ষস, feeding on human flesh; a cannibal.
[sense of honor.
মনোগ্নি, বিতুষ্টি, প্রতাপ, অভিমান, dissatisfaction, jealousy, high

মনোজ্ঞ, সুন্দর, কান্ত, প্রিয়, রমণীয়, beautiful, lovely, engaging.

মনোনিবেশ, অবধান, চিত্তসংযোগ, আবেশ, অভ্যাস, ব্যগ্রচিত্ত, fixed attention, devotedness of mind, close study, a zealous entering into a scheme, &c. ardour.

মনোনীত, মনোমত,—মনের অভিলষিত, বাঞ্ছিত, বিশিষ্ট, গ্রাহ্য, approved, chosen, choice, satisfactory.

মনোব্যথা, চিত্তপীড়া, মান, প্রতাপ, pain of mind, grief, jealousy.

মনোভঙ্গ, ধ্যাননাশ, পণ্ডশ্রম, মান, বিতুষ্টি, interruption of thought, frustration of a design, a pet, anger.

মনোময়, প্রাজ্ঞ, দীর্ঘদর্শী, intelligent, prudent, wise.

মনোযুক্ত, আবিষ্ট, সাবধান, ব্যগ্রচিত্ত, engaged in, devoted to, attentive, zealous, ardent in a pursuit.

মনোযোগ, প্রবিধান, আবেশ, সাবধানতা, devotedness of mind, application, attention. [devoted to.

মনোযোগী, সাবধান, আবিষ্ট, ব্যগ্রচিত্ত, attentive, earnest, zealous,

মনোরঞ্জন, পরিতোষ জন্মান, সন্তোষ, মিষ্টান্ন, to give pleasure, to gratify; gratification, sense of pleasure, a sweetmeat.

মনোরথ, বাসনা, ইচ্ছা, স্পৃহা, a wish, desire.

মনোরম, মনোরম্য,—উৎকৃষ্ট, সুন্দর, রমণীয়, pleasant, agreeable, charming, pleasing, beautiful, lovely, inviting.

মনোহর, মনোহারী,—কান্ত, সুন্দর, চারু, রমণীয়, বিলক্ষণ, beautiful, lovely, amiable, engaging, enticing, winning, heart-ravishing, captivating.

মন্তব্য, বিবেচিতব্য, বিচারণীয়, পাল্য, জ্ঞেয়, গ্রাহ্য, to be discussed, to be reflected on, minded or regarded, cognizable, admissible. [sage.

মন্তা, মন্তৃ,—অমাত্য, পরামর্শদ, প্রাজ্ঞ, an adviser, counsellor,

মন্ত্র, দেবতার সাধন গুপ্তকথা, গুরুপ্রণীত জপোদ্দেশ্য বাক্য, কুহকার্থ বর্ণ সমূহ, a mode of religious invocation, a form of prayer, a formula sacred to any particular deity, a text of the Veda, a mystical verse or incantation, a charm.

মন্ত্র, মন্ত্রণা,—চাতর, ঐকমত্য, গুপ্তবাদ, পরামর্শ, যুক্তি, secret consultation, conspiracy, private advice, instigation, persuasion, counsel, advice, policy.

মন্ত্রজ্ঞ, কুহকী, অমাত্য, acquainted with charms; an adviser, &c.

মন্ত্রণীয়, যুক্তিসিদ্ধ, মন্ত্রপাঠে বশীকরণীয়, বিবেচনীয়, advisable, requiring the use of charms, &c. demanding consideration, deserving of consultation.
মন্ত্রদাতা, গুরু, a spiritual preceptor or initiator.
মন্ত্রিত, মন্ত্রপাঠে সাধিত, পরামৃষ্ট, consecrated by religious formula, advised, counselled.
মন্ত্রী, পরমর্শদাতা, রাজপাত্র, অমাত্য, ধীসচিব, a counsellor, adviser, monitor, a king's minister, statesman.
মন্থজ, নবনীত, মাখন, produced from churning; butter.
মন্থন, মণ্ডন, আলোড়ন, ঘোঁটান, to churn, agitate violently, stir up, to agitate in conversation ; a churn.
মন্থর, ঢীলা, অলস, মূঢ়, স্থূল, প্রকাণ্ড, বৃহৎ, slow, tardy, lazy, dull, stupid, large, bulky.
মন্থান, মন্থনদণ্ড, ঘাগরী, a churning-stick.
মন্দ, কদর্য্য, অপকৃষ্ট, অধম, অমঙ্গল, দুর্ভাগ্য, দুষ্ট, ভ্রষ্ট, দুরন্ত, নির্লজ্জ, খল, অপরিষ্কৃত, অলস, ঢিলা, ধীর, মৃদু, অনুষ্ণ, জড়, অপটু, মূর্খ, রোগী, অল্প, অনুজ্জ্বল, ধীরে, শনৈ, শনি, bad, evil, vile, sad, sinister, unlucky, infamous, scandalous, vicious, wicked, immodest, shameless, mischievous, nasty, dirty, idle, lazy, tardy, dull, sluggish, slow, gentle, mild, slow as a tune, cold, phlegmatic, stupid, foolish, ill, sick, little, small, dim; gently, slowly ; Saturn.
মন্দজুয়ার, মরাকটাল, the neap-tides.
মন্দটান, অল্পভাটা, মৃদু স্রোত, slack-water, a slow and gentle [stream.
মন্দবাসন, ঘৃণা করণ, হেয় জানন, to dislike, disapprove, detest, hate.
মন্দবাস-না, বিতুষ্টি, ঘৃণা, হেয়জ্ঞান, dislike, disgust, disesteem, [hatred.
মন্দং, কুৎসিতরূপে, শনৈঃং, in a bad manner, ill, slowly.
মন্দর, পর্বত বিশেষ, a fabulous mountain.
মন্দর-স্থান, নাভির এবং বুকস্থলের মধ্যদেশ, the space between the breast and the navel.
মন্দা, সুমূল্য, মৃদু, অল্প, অকর্ম্মণ্য, cheap, slow, slack, little, [worthless.
মন্দাকিনী, স্বর্গগঙ্গা, the celestial Ganges.
মন্দাক্ষ, হ্রী, লজ্জা, modesty, bashfulness, shame-facedness, [shame.
মন্দাগ্নি, অজীর্ণ, অপাক, a slow or bad digestion, indigestion.

মন্দাদর, অনবধান, অমর্য্যাদক, negligent, inattentive, disrespectful.
মন্দার, দেবতরু, পারিজাত বৃক্ষ, one of the trees of Paradise, the coral-tree.
মন্দির, দেবালয়, মঠ, গৃহ, অট্টা, a temple, pagoda, house, the [ham.
মন্দিরা, বাদ্য বিশেষ, করতাল, a cymbal.
মন্দিরাকার, করতালবৎ, শুণ্ডাকৃতি, cymbal-shaped, convex, conical, tapering.
মন্দুরা, অশ্বশালা, a stable for horses.
মন্দে, ধীরে, শিথিলে, ঢীলায়, slowly, sluggishly, feebly.
মন্দোদরী, আসন বিশেষ, a species of fine mat.
মন্মথ, কন্দর্প, প্রেম, Cámadeva or the Indian Cupid, love.
মন্বন্তর, আকাল, দেব পরিমাণে একাত্তর যুগ, a famine, dearth, a period of time or the reign of a Manu.
মন্যত, সম্মত, স্বীকৃত, অনুযায়ী, agreeing, consenting to, conformable to.
মন্যমান, বিবিচ্যমান, under consideration or observation, &c.
মন্যু, শোক, বিতুষ্টি, ক্রোধ, আক্রোশ, sorrow, regret, vexation, dislike, anger, resentment, an imprecation.
মম, আমার, পরিষ্কৃত মৌচাক, my, mine; bee's wax.
মমকার, স্বীয়বোধ, স্বীয় করা, appropriation, claim.
মমতা, স্বকীয় জানা, অত্যন্ত প্রণয়, আত্মীয় গণের উপরে স্নেহ, দয়া, মায়া, অভিমান, appropriation, attachment to a thing as one's own, relative kindness or clemency, love or affection to one's own family, &c. pity, pride, arrogance.
ময়, পূর্ণ, বিশিষ্ট, তদাত্মক, *affix:* full, fraught, possessed or [made of.
ময়না, পক্ষি বিশেষ, the mocking-bird, the Mina.
ময়রা, মদক, মিঠাইকর, a confectioner.
ময়লা-টিয়া, সমল, অপরিষ্কৃত, foul, unclean, dirty, filthy.
ময়ান, রুটির স্ফীতিজনক রস বিশেষ, leven.
ময়ূখ, কিরণ, প্রভা, শোভা, অগ্নিশিখা, ছায়াঘড়ির কাঁটা, a ray, light, lustre, brightness, beauty, flame, a gnomon.
ময়ূর-ী, ভুজঙ্গভুক্, বর্হিণী, *m. & f.* a peacock, peahen.
ময়ূরারি, কৃকলাস বিশেষ, a chameleon, a lizard.
মরক, মারী, বহুলোক ব্যাপিয়া প্রাণঘাতক রোগ, contagion, infectious or epidemic disease, plague, mortality.
মরকত, হরিন্মণি, an emerald or perhaps a yellow topaz.

মরণ, প্রাণবিয়োগ, পঞ্চত্বপ্রাপ্ত হওন, ঘাটন, শুকিয়া যাওন, ঘা মুদন, death; to die, expire, perish, fail, decrease, wither, dry up, heal or close as a wound.

মরা, মৃত, শুষ্ক, শব, ভাঁজাল, dead, &c. a corpse, dead carcase, base metal or coin. [of corn.

মরাই, গোলা, ধান্যাগার, a granary, storehouse, magazine

মরাটিয়া, নিস্তেজ, worn out (soil,) impoverished, poor, stunted.

মরাধার, ভোতা, অতীক্ষ্ণ, blunt-edged, dull, not sharp.

মরামাংস, মরামাস,—চামড়ী. scurf, scruff, dandruff.

মরাল, মৃদু, কোমল, ধূর্ত্ত, দুষ্ট, অশ্ব, মেঘ, অঞ্জন বিশেষ, soft, mild, bland; a rogue, a scoundrel, a horse, a cloud, a collyrium of lamp-black.

মরিচ, তীব্ররসযুক্ত বর্ত্তিক বীজ বিশেষ, ধর্ম্মপত্তন, black-pepper.

মরীচি, কিরণ, কৃপণ, ব্যয়কুণ্ঠ, a ray of light, a niggard, a miser.

মরীচিকা, সূর্য্যকিরণে জলভ্রম, the mirage or delusive appearance of a sheet of water in a sandy soil. [&c.

মরীচিমালা, সূর্য্যাদির কিরণমণ্ডল, a circle of rays round the sun,

মরীচিমালী, কিরণমণ্ডলী, সূর্যচন্দ্র, the sun or moon.

মরু, অত্যন্ত জলকষ্ট দেশ, অনুর্ব্বরা, poor (soil,) unfruitful, barren, impoverished. [wind.

মরুৎ, বায়ু, পশ্চিমোত্তর কোণের অধিপতি, wind, air, the god of

মরুৎকোণ, পশ্চিমোত্তর কোণ, the North-west quarter.

মরুৎক্রিয়া, ফুস্কীছাড়া, বাতকর্ম্ম, the breaking of wind backwards.

মর্কট, বানর বিশেষ, কপি, মাকড়সা, হাড়গিলা, a monkey or ape, a spider, the Indian crane.

মর্চা, লৌহমল, কলঙ্ক, মলা, খিট, rust. [rusty.

মর্চাধরা, মর্চ্যাপড়া,—সমলা, কলঙ্কযুক্ত, খিটিয়া, covered with rust,

মর্ত্তব্য, নশ্বর, অনিত্য, পঞ্চভৌতিক, mortal. [kind, the earth.

মর্ত্ত্য, পঞ্চভূতাত্মা, মনুষ্য গণ, পৃথিবী, mortal, earthly; man, man-

মর্ত্ত্যপুর, মর্ত্ত্যলোক,—পৃথিবী, নরধাম, the earth as the residence or habitation of mortals.

মর্দ্দন, ডলন, বাটন, পিষণ, মাখান, বুলন, শস্য মলন, দলন, পরাভূত করণ, to grind on a stone, pound in a mortar, bruise, to crush, rub in an ointment, stroke with the hand, to thresh corn, to trample, tread down, to subdue an enemy.

মর্ম্ম, গ্রন্থি, অঙ্গযোগ, অন্তঃকরণ, সারভাগ, গুপ্তকথা, তত্ত্ব, ঘোরার্থ, অভিপ্রায়, প্রয়োগ, হেতু,প্রয়োজন, বিষয়, a joint, the heart, core,essence,any vital part, member or organ, a secret, secret meaning or purpose, essential doctrine,signification, application,sense,purport, scope, spring, cause, account, personal interest or concern in a thing.

মর্ম্মজ্ঞ, সুপণ্ডিত, তত্ত্বজ্ঞ, ভেদজ্ঞ, চর, profoundly learned, versed in essential doctrines,knowing secrets ; a spy.

মর্ম্মভেদ, মজ্জাবিঁধ, আন্তরিক দুঃখ দেওয়া, গুপ্তজ্ঞান, সুহৃদ্ভেদ করা, আত্যন্তিক তাড়না, a penetrating or touching to the quick, a penetrating into secrets, the sowing of dissension, severe reprehension. [marble.

মর্ম্মর, শুষ্ক পুষ্পপত্রাদির শব্দ, the rustling of dry leaves, &c.

মর্ম্মস্থান, শরীরের মধ্যে যে স্থানের অল্প আঘাত করাতে অত্যন্ত ব্যথা অথবা মৃত্যু হয়, অঙ্গযোগস্থল, মজ্জা, a vital or mortal part.

মর্ম্মস্পৃক্, মজ্জাগত,অত্যন্তপীড়াদায়ক, ব্যথাজনক, অরুন্তুদ, touching the vital parts, wounding or touching to the quick, giving pain, corrosive, keen, sharp.

মর্ম্মাধীন, সুগুপ্ত, kept inviolably secret,lodged in the breast.

মর্ম্মান্তিক, আন্ত্রিক, অন্তক, মজ্জাগত, mortal, deadly, wounding or affecting a vital part, stinging to the quick.

মর্য্যাদক, সম্মানপ্রদ,শিষ্ট, shewing honor or respect, civil, polite.

মর্য্যাদা, সম্মান,সম্ভ্রম,সীমা, সদাচার, ধৈর্য্য, respect, honor, esteem, reputation, rank, dignity, a boundary, limit, rectitude, propriety of conduct, steadiness.

মর্য্যাদান্বিত, সম্ভ্রান্ত, honorable, respectable, esteemed.

মর্ষ-ণ, সহিষ্ণুতা, patience, kindness, endurance, resignation.

মল, অসারভাগ, মর্চ্যা, শিটা, বিষ্ঠা, খলি, ঘর্ম্মাদি, অপরিষ্কার, অশৌচ, কলঙ্ক, পাদভূষণ, filth, dirt, rust, dregs, dross, sediment,excrement, any animal secretion as earwax, sweat, rheum, &c. a soil, defilement, an ornament for the ancles.

মলকা, ওঁছা, খাদ, the refuse of rice after sifting, dross.

মলঘ্ন, অশুদ্ধহর, পরিষ্কারক, filth-destroying, cleansing.

মলঙ্গী, বৈতনিক লবণকর, a labourer employed in making salt.

মলজ, পূঁজ, ক্লেদ, produced from filth; pus, matter.
মলন, ঘর্ষণ, মার্জন, মর্দ্দন, to rub, smear, to wipe, furbish, to grind, to thresh, to pull as the ear.
মলনিয়া, শস্যমর্দ্দনিয়া, a corn-thresher.
মলবদ্ধ, কোষ্ঠবদ্ধ, শৌচরোধ, বিসূচিকা, costive; costiveness.
মলমাস, মলিম্লুচ,—অধিমাস, an intercalary month.
মলম্বা, স্বর্ণমণ্ড, সোণালা, the gilding of a picture or of furniture.
মলয়, পর্ব্বত বিশেষ, তন্নিকটবর্ত্তি দেশ, উদ্যান, the western Gháts, Malabar, a garden, the garden of Indra.
মলয়জ, মলয় পর্ব্বতে জাত অর্থাৎ চন্দন, sandal-wood.
মলয়ানিল, মলয়পর্ব্বতাগত বায়ু, দক্ষিণ দিকের বায়ু, the south wind blowing from the Gháts in Central India.
মলা, সমল, অপরিষ্কৃত, কিট্‌কিটা, কলঙ্ক, গাদ, খাদ, মর্চ্যা, unclean, dirty, sordid, squalid; filth, sediment, dregs, scum, slag, dross, rust.
মলাছাড়ান, মলাকাটন,—শুধরাণ, to refine, clear, clarify.
মলিন, মলাযুক্ত, অশুদ্ধ, কিট্‌কিটা, মর্চ্যাধরা, শুষ্ক, বিরস, ফিকা, কালিষ্ঠ, ম্লান, উদ্বিগ্ন, ঘোলাটিয়া, পাপগ্রস্ত, পাপী, foul, filthy, dirty, sullied, squalid, rusty, tarnished, faded, sallow, sunburnt, sad, melancholy, sorrowful, turbid, wicked, vile, sinful.
মলিনমুখ, পাপিষ্ঠ, ক্রূর, নিষ্ঠুর, ম্লানবদন, বিরসবক্ত্র, অগ্নি, ভূত, কপি বিশেষ, vile, wicked, cruel, savage, ferocious, hard-featured, of a sad countenance, crest-fallen; Agni, a goblin, ghost, the black-faced monkey.
মলুক, ক্রিমি বিশেষ, a kind of worm.
মলূকা, খুদ, the broken remains of rice after sifting.
মল্ল, বাহযুদ্ধে নিপুণ, a scuffler, wrestler, boxer.
মল্লযুদ্ধ, মল্লক্রীড়া,—বাহযুদ্ধ, a scuffle, wrestle, wrestling match.
মল্লিকা, বেলফুল, the Arabian jasmine.
মশক, চর্ম্মনির্ম্মিত জলাধার, a large leathern bottle or water-bag.
মশক, মশা,—দংশক কীট, a musquito, a gnat.
মশহরী, মশারি,—মশানিবারণার্থ খট্টাবরণ, musquito-curtains.
মসী, কালী, ink for writing.
মসীজীবী, লেখক, কেরাণী, কায়স্থ, supporting himself by writing; a scribe, writer.
মসীনা, অতসী তৃণ, উমা, ক্ষুমা, linseed, flax.

মসীপ্রসূ, মস্যাধার, কালীপাত্র, লেখনী, an ink-stand, a pen.
মসূর, কলায় বিশেষ, a species of pulse or lentil.
মসূরিকা, বসন্ত রোগ, ক্ষুদ্র গদি, the small-pox, a small cushion.
মস্করা, ভণ্ড, বিদ্রূপী, a jester, buffoon, sporter with foibles.
মস্করামী, মস্করাপণা,—ভণ্ডামী, buffoonery, jesting, sporting, &c.
মস্তক, মাথা, শিরঃ, অগ্র, শৃঙ্গ, the head, top, crown, point, peak.
মস্তিস্ক, মস্তকের মজ্জা, the brain.
মস্তু, দধির জল, whey, the watery part of curds.
মহৎ, মহা,—বৃহৎ, স্থূল, বড়, ভারী, ভগবান্, শ্রেষ্ঠ, প্রসিদ্ধ, উত্তম, অতিশয়, আত্মা, great, large, bulky, important, sublime, chief, noble, illustrious, good, excellent, opportune, much, very; the intellectual principle.
মহতী, নারদের বীণা, বেগুন, Nárada's lute, the egg-plant.
মহত্ত্ব, মহত্ত্ব,—শ্রেষ্ঠতা, ভদ্রতা, greatness, perfection, urbanity, condescension.
মহৎপ্রাণ, শূদ্রকে ভূমির করত্যাগ, a remission of the land tax to Shúdras, &c.
মহন, মন্থন, আলোড়ন, to churn, to agitate violently.
মহর্লোক, পারকালিক সুখস্থান, a celestial region or paradise.
মহর্ষি, শ্রেষ্ঠ মুনি, a great sage.
মহাশল্ক, মহাশল্ক,—চিঙ্গড়ি মৎস্য, a prawn or shrimp.
মহাকায়, বৃহৎ শরীরবিশিষ্ট, প্রকাণ্ডশরীর, large-bodied, gigantic.
মহাকাল, শিবের মূর্ত্তি বিশেষ, Shiva the destroyer, eternity.
মহাঘোর, অতিশয় অন্ধকার, নরক বিশেষ, great gloom or darkness, a division of the Hindoo hell.
মহাজন, সাধু, উত্তম লোক, বেণ্যা, উত্তমর্ণ, a great or excellent man, a merchant, banker, money-lender.
মহাজনী. বাণিজ্য, ঋণদানবৃত্তি, trade, commerce, money-lending.
মহাজ্ঞানী, সুপণ্ডিত, আত্মজ্ঞ, ব্রহ্মজ্ঞ, very wise, having the knowledge of spirit.
মহাতল. পঞ্চম নরক, the fifth hell in descent.
মহাত্মা, দানশীল, প্রতাপবান, মহাশয়, ভবান্, generous, noble-minded, magnanimous; Sir, your honor.
মহাদেব, মহাদেবী,—শিব এবং দুর্গা, *m.* & *f.* Shiva and Durgá.
মহাধন, বহুমূল্যের বস্ত্রাদি, সুবর্ণ, ধূপ, কৃষিকর্ম্ম, any thing costly, costly apparel, gold, incense, agriculture.
মহান্, প্রধান, বড়, প্রকাণ্ড, great, eminent, important, vast.

মহানস, পাকস্থান, a kitchen, cook-room.
মহানাদ, অতিশয় শব্দ, ঘোর মেঘের ধ্বনি, সিংহ, হস্তী, a loud sound, a
large dark cloud, a lion, an elephant.
মহানিদ্রা, মৃত্যু, death, dying, decease, the last sleep.
মহানিশা, অৰ্দ্ধরাত্র, midnight, the dead of night. [minded.
মহানুভব, দানশীল, প্রতাপবিশিষ্ট, liberal, magnanimous, high-
মহাপথ, রাজমার্গ, সুপথ, মৃত্যু, a high road, principal street, an
. excellent way, death or the way of all flesh.
মহাপথগামী, মরণোদ্যত, going the long journey, *i. e.* dying.
মহাপা, ডুলী, দোলা, a litter, a dooly or light palanquin.
মহাপাতক, মহাপাপ,—ব্রহ্মহত্যাদি পাঁচ, a great crime, heinous
offence, mortal sin. [or great crime.
মহাপাতকী, মহাপাপী,—ব্রহ্মহত্যাদি দোষগ্রস্ত, guilty of a mortal sin
মহাপুরুষ, সাধু লোক, প্রধান ব্যক্তি, a saint, a sage, a high per-
sonage, a great man, a nobleman.
মহাপ্রভু, পুণ্যাত্মা, রাজা, শিব, a saint or holy man, a king, Shiva.
মহাপ্রলয়, কল্পান্ত, বিশ্বনাশ, a periodical destruction of the
world, an entire annihilation of the universe.
মহাবল, বলবান্, তেজস্বী, মল্ল, strong, powerful ; a wrestler.
মহাবাক্য, প্রণব, ওঁকার, the mystical syllable Om.
মহাবিষুব, সূর্য্যের মেষ রাশি সঞ্চার, the vernal equinox.
মহাবীর, বিলক্ষণ শূর, সিংহ, গরুড়, বিষ্ণু, a great hero, a lion,
Garura, Vishnu, &c. [elements.
মহাভূত, মৃত্তিকা, বায়ু, অগ্নি, জল, আকাশ, এইপঞ্চ, the five primary
মহামনস্ক, দানশীল, liberal, munificent, magnanimous.
মহামহিম, অতিশয় মহিমান্বিত, শ্রেষ্ঠ, noble, most excellent, eminent.
মহামায়া, অনাদি অবিদ্যা, অসার সংসার, দুর্গা, worldly or material
illusion, Durgá.
মহামূল্য, দুর্মূল্য, মহার্ঘ, পদ্মরাগ মণি, very costly, precious; a ruby.
মহাযজ্ঞ, অধ্যাপনাদি পঞ্চ যজ্ঞ, the five essential sacrifices.
মহারথ, বাসনা, বৃহৎ যান বিশেষ, a wish, desire, a large car.
মহারাজ, প্রধান রাজা, আপনি, a great king ; Sir, your honor,
your excellency, your majesty.
মহারাজাধিরাজ, সম্রাট, চক্রবর্ত্তী, a great king, a king of kings.
মহারাত্র, অৰ্দ্ধরাত্র, দুইপ্রহর রাত্রি, midnight, deep night.
মহারৌরব, নরক বিশেষ, one of the divisions of Hell..

মহার্ঘ-্য, দুর্মূল্য, বহুমূল্য, dear, high-priced, precious, costly.
মহালয়, পরমব্রহ্ম, আশ্রয়, তীর্থ, God as the supreme refuge, a sanctuary, asylum, a place of pilgrimage.
মহালয়া, ভাদ্রী অমাবস্যা, the day of the change in Bhádra.
মহাশঙ্খ, ললাট, মনুষ্যাস্থি, কপালাস্থি নির্ম্মিত মালা, সহস্র খর্ব, the fore-head, a human bone, a necklace of the bones of the forehead, 1000 billions.
মহাশয়, গৌরবান্বিত, আপনি, a gentleman, respectable person; Sir, your honor, master. [great courage.
মোদক, মিঠাইকর, লড্ডুকা, পুষ্টিকর ঔষধ বিশেষ, হর্ষজনক, a confectioner, a sweetmeat, a species of fattening medicine; delighting, &c.

মোদন, তোষণ, হর্ষ জন্মান, রুদ্ধ করণ, বুজন, to delight, gladden, exhilirate, enliven, to shut, to close.

মোদা, রুদ্ধ, বুজা, বদ্ধকরা, shut, closed, close; a shutting.

মোদী, পসারী, a retail-shopkeeper, a grocer.

মোনা, মুষল, ঢেঁকী, the pestle of a pedal.

মোনী, বোঝাই রাখিবার জন্যে নৌকার পরিমাণ, tonnage, burthen.

মোম, পরিষ্কৃত মৌচাক, wax, bee's wax.

মোমঢাল, মোমযুক্ত কাপড়, wax-cloth. [a swindler.

মোষক, চোর, দস্যু, প্রবঞ্চক, a robber, plunderer, free-booter,

মোষণ, অপহরণ, চাতুরী করণ, to steal, rob, plunder, swindle.

মোহ-ন, মায়া, ভেল্‌কী, অচৈতন্য, মূর্চ্ছা, বিহ্বলতা, বুদ্ধির ভ্রংস, অজ্ঞানতা, সংসারজাল, fascination, infatuation, delusion, stupefaction, loss of consciousness or sensation, fainting, transport of grief, &c. folly, ignorance, worldly illusion. [delusion.

মোহগত, মুগ্ধ, মায়াবদ্ধ, fascinated, stupified, under worldly

মোহজনক, ইন্দ্রিয়ঘ্ন, কুহকী, causing stupefaction, &c. a sorcerer, magician. [churning.

মোহনী, মন্ত্রপাঠ, কুহক, মন্থন, an incantation, fascination, a

মোহন্ত, সন্ন্যাসী, দণ্ডী, ভিক্ষুক, a Sannyásí or religious mendicant. [ated, charmed, stupified.

মোহপ্রাপ্ত, মোহিত,—মুগ্ধ, মায়াবদ্ধ, হতজ্ঞান, fascinated, infatu-

মোহর, সুবর্ণ, ষোড়শ টঙ্কা, মুদ্রা, a gold coin, a seal.

মোহিনী, কান্তা, মনোরমা, *f.* charming; a fascinating woman.

মোহী, মনোহর, চারু, fascinating, infatuating, charming.

মৌ, মধু, পুষ্পরস, honey, the nectar of flowers.

মৌক্তিক, রত্ন বিশেষ, মুক্তা, মতি, a pearl. [lence, defamation,

মৌখর্য্য, মুখরতা, প্রাগল্‌ভ্য, নিন্দা, scurrility, abusiveness, inso-

মৌখিক, মুখসম্বন্ধীয়, মুখস্থ, কপটী, বাহ্য, কাল্পনিক, অব্যবহিত, of or belonging to the mouth or face, lip-serving, outward, pretended, immediate.

মৌচাক, মধুমক্ষিকারচিত মধুস্থান, a honey-comb, a hive.
মৌন, অভাষণ,তূষ্ণীংশীলতা,বিষাদ, ঔদাস্য, silence, taciturnity, reserve, sadness, gloom, gloominess.
মৌনব্রত, নীরব থাকার নিয়ম, a vow of silence. [tacit consent.
মৌনসম্মতি, অকথনে অনুমতি, silent sufferance or acquiescence,
মৌনী, নীরব, ধীর, তূষ্ণীক, উদাসীন, silent, taciturn, grave, reserved; a hermit, ascetic.
মৌমাছী, মধুমক্ষিকা, ভ্রমর, a bee. [as a token of honor.
মৌরছোল, ময়ূরের পাখানির্ম্মিত ব্যজন, a fan of peacock's feathers
মৌর্ব্বী, ধনুকের ছিলা, জ্যা, a bow-string, the chord of an arc.
মৌল, মূলের, মূলজ, নিঃসঙ্কর বংশজাত, radical, proceeding from a root, of pure blood, of unmixed extraction.
মৌল-ী, আসন বিশেষ, চাঁচ, a sort of mat. [on the crown.
মৌলি, মস্তক,কিরীট, চূড়া, the head, a diadem, the lock of hair
মৌহূর্ত্তিক, দৈবজ্ঞ, গণক, an astrologer.
ম্রক্ষণ, মাখান, লেপন, to smear, to rub, to anoint.
ম্রিয়মাণ, মরণোদ্যত,বিষণ্ণ, খেদান্বিত, dying, expiring,at the point of death, melancholy, disconsolate.
ম্লান, শুষ্ক, বিরস, বিষণ্ণ,খেদযুক্ত,অসাহস, নিরাশ, ক্লান্ত, withered, faded, decaying. sad, melancholy, dejected, grieved, discouraged, weary, languid.
ম্লানি, বিষাদ, খেদ, ক্লান্তি,শুষ্কতা, melancholy, sadness, dejection, languor, weariness, a withering, fading, flaccidness: [sad, cheerless.
ম্লানবদন বা মুখ, বিষণ্ণ, মলিনাস্য, শোকান্বিত, downcast, dejected,
ম্লেচ্ছ, বেদাচারহীন, বিদেশী, a barbarian, foreigner, one not a Hindoo.

য.

যক, যক্ষ,—কুবেরের ধনরক্ষক, a class of demigods fabled to superintend the treasury and gardens of Cúvera the god of wealth. [eased liver.
যকৃৎ, কালখণ্ড, রোগবিশেষ, the liver, liver complaint or dis-
যক্ষধূপ, বৃক, সর্জ্জরস, ধূনা, resin, turpentine, incense.
যক্ষ্মা শোষরোগ, ক্ষয়কাস, pulmonary consumption.
যক্ষ্মী, ক্ষয়কাসযুক্ত, consumptive, having diseased lungs.
যখন, যে সময়ে, যৎকাল, when, whenever, as soon as.

যজন, যাগ করণ, পূজা করণ, to perform sacrifice, to worship.
যজমান, যাজ্য, যাগাদির অনুষ্ঠাপক, পূজাদির আদেষ্টা, যে ব্যক্তি দক্ষিণা দিয়া কর্ম্ম করায়, sacrificing; one for whom and at whose expence a sacrifice is offered.
যজুঃ, যজুর্ব্বেদ,—দ্বিতীয় বেদ, the second of the four Vedas.
যজুর্ব্বেদী, দ্বিতীয় বেদ সম্বন্ধীয়, pertaining to the Yajur Ved.
যজ্ঞ, যাগ, মখ, পূজা, অশ্বমেধাদি, a sacrifice, oblation, religious worship. [altar.
যজ্ঞকুণ্ড, যাগার্থ চতুষ্কোণ গর্ত্ত, a sacrificial pit serving as an
যজ্ঞবেদি, যাগার্থ উচ্চীকৃত ভূমি, an altar for sacrifice. [thread.
যজ্ঞসূত্র, যজ্ঞোপবীত,—উপনয়ন, the characteristic or sacred
যজ্ঞাঙ্গ, যজ্ঞের অনুকূল বস্তু, যাগের অংশ, any essential article of a sacrifice, any part of a sacrificial ceremony. [longing to a sacrifice.
যজ্ঞিয়, যাগাদিকর্ম্মার্হ, যজ্ঞের উপযুক্ত, sacrificial, fit for or be-
যড়, উপার্জ্জিত, সঞ্চিত, সংলগ্ন, একত্রীকৃত, অপ্রপঞ্চিত, collected, amassed, united, squeezed together, closed up.
যড়াও, মণ্ডকরা, an enamelling.
যড়ান, কুড়ান, গুটন, আঁটন, চিপড়ান, কোঁকড়ান, সঞ্চয়ন, to collect, gather together, to fold cloth or paper, to bind, squeeze together, crumple, to furl a sail, to amass, to hoard.
যৎ, যে, যাহা, which, what, that, the, as.
যত, যাবৎ, as many as, as much as, as long as.
যতঃ, যাহাতে, যেহেতুক, wherefore, hence, because, seeing, since. [while, until.
যতকাল, যতক্ষণ, যতদিন,—যেপর্য্যন্ত, যাবৎ, as long as, whilst,
যতবার, যবার, যাবৎ পর্য্যন্ত, as often as.
যতন, চেষ্টা করণ, to endeavour, strive labour for, aim at.
যতি, যতী,—জিতেন্দ্রিয়, সন্ন্যাসী, দণ্ডী, of subdued passions, continent; an ascetic, religious mendicant.
যতি, বিরতি, থাক, আটক, দমন, ছেদ, পরিচ্ছেদ, যুক্তবর্ণ, a cessation, rest, pause, stop, check, controul, restraint, a space in writing, a syllable.
যতুক, বিবাহকালে পিত্রাদি দত্ত পারিতোষিক দ্রব্য, a nuptial present to a bride, marriage favours.

যতেক, যাবৎ, যতগুলি, as many as, so many.
যৎকিঞ্চিৎ, অল্প, কিছু, কেবল, a little, a few, very little; only.
যত্ন, প্রয়াস, শ্রম, চেষ্টা, উদ্যম, অধ্যবসায়, labour, toil, application, assiduity, pains, diligence, care, effort, exertion, endeavour, energy, perseverance.
যত্নপ্রাপ্ত, কামাই, উপার্জিত, obtained by labour, &c; acquisitions, earnings.
যত্নবান্, যত্নযুক্ত,—চেষ্টান্বিত, পরিশ্রমী, laborious, diligent, active, zealous, &c.
যত্র, যেখানে, যেস্থানে, where, in which, in what place.
যৎসামান্য, সাধারণ, তুচ্ছ, অধম, common, vulgar, mean, pitiful, inferior.
যথা, যেখানে, যে প্রকার, যেমন, where, as, according to, for instance.
যথাকাম, যেমন ইচ্ছা, as you please, at will, at pleasure.
যথাকথঞ্চিৎ, যে কোন প্রকার, in any wise, in any way.
যথাকাল, দিবসের শেষভাগ, বিহিত সময়, সময়ানুসারে, the close of day, evening, due or proper time; according to the time.
যথাক্রম, আনুপূর্ব্বক, ক্রমশঃ, in order or succession, successively.
যথাতথা, স্থূলতঃ, যেমনতেমন, সর্ব্বস্থানে, যেখানে সেখানে, indiscriminately, as much of one as the other, the same, so as, hither and thither, in all places.
যথায়, যেখানে, যে কোন স্থানে, where, in what place.
যথাযথ, সমভাবে, in equal quantities or portions.
যথারুচি, যেমন বাঞ্ছা, according to taste, as you like.
যথার্থ, সত্য, ন্যায্য, উপযুক্ত, উচিত, true, real, genuine, right, just, proper, suitable.
যথার্থব্যয়, পরিমিতব্যয়, frugality, economy, measured expenditure, thrift.
যথার্হ, যেমন উচিত, as is fit or proper, as is right.
যথাসাধ্য, যথাশক্তি,—সাধ্যানুসারে, as far as possible, to the utmost of one's power.
যথেচ্ছ, ইচ্ছানুসারে, যেমন ইচ্ছা, as you please, just as you like.
যথেপ্সিত, যেমন ইচ্ছা, ইচ্ছাপূর্ব্বক, বাহুল্যে, প্রচুর, according to one's wish or pleasure, voluntarily, as one pleases, amply, abundantly; enough.
যথেষ্ট, বহুতর, অনেক, ঢের, প্রচুর, নানা, id: *also* enough, abundant, much, ample, many, sufficient, various.

যথাসম্ভব, যেমন উপযুক্ত, উপস্থিতি মত, অতিনিষ্ঠুর রূপে, as the case may be or require, according to circumstances, with the utmost rigour.

যথোচিত, যথোপযুক্ত, —যেমন ন্যায্য, কর্ম্মসঙ্গত, as far as is proper or lawful; condign. [until, while.

যদবধি, যে কালহইতে, যে কালপর্য্যন্ত, since, from the time that,

যদা, যেকালে, যখন, যেক্ষণে, when, at what time.

যদি, যদ্যপি, যদিস্যাৎ,—চেৎ, পক্ষান্তরে, যেহেতুক, if, and if, if so be, though, although, since.

যদৃচ্ছা, স্বচ্ছন্দে, স্বতন্ত্রতা, ঠেঁটামি, agreeably to one's own will or inclination; independance, wilfulness.

যন্ত্র, শিল্পকর্ম্মার্থ কল্পিত বস্তু, কল, তন্ত্র, বীণাদি, অস্ত্র, শস্ত্র, ফাঁদ, গুপ্তার্থ রেখাময় চিহ্ন, a machine, engine, implement, instrument, tool, trap, a mystical character or caballistical diagram. [guish.

যন্ত্রক, আটক, যাতনা, পীড়া, a checking, binding, pain, an-

যন্ত্রণা, দুঃখ, ক্লেশ, বেদনা, কৃচ্ছ্র, দণ্ড, পরিশ্রম, pain, anguish; agony, torment, torture, suffering, punishment, toil, hard labour.

যন্ত্রতন্ত্র, অস্ত্রশস্ত্র, কল, বীণাদি, মন্ত্রগৃহাদি, instruments and machines, diagrams and caballistical figures.

যন্ত্রিত, আট্‌কান, বদ্ধ, restrained, checked, fettered, bound.

যন্ত্রী, কলবিশিষ্ট, শিল্পকার, গুণী, ধূর্ত্ত, বাদ্যকর, having a machine, &c. mechanical, projecting, ingenious, crafty, designing; a musician. [inch.

যব, শস্য বিশেষ, সিতশূক, barley, a barley-corn, half an

যবক্ষার, লবণ বিশেষ, nitre, saltpetre. [able, fixed.

যবথব, যবস্থব,—যেমন ছিল, স্থির, স্থাবর, as it was; immov-

যবন, আরবী, বিদেশী, মুসল্‌মান, ম্লেচ্ছ, ম্লেচ্ছদেশ, an Arabian, Grecian or other foreigner, a mussulman, Arabia. &c. [curtain.

যবনিকা, তাম্বুগৃহের বেষ্টনপট, কাণাৎ, an outer tent-screen or

যবস, ঘাস, গবাদির খাদ্য তৃণ, meadow or pasture grass.

যবাকার, বাদামীয়া, অণ্ডাকার, oval, elliptical, like a barley-corn.

যবাগূ, যাউ, মণ্ড, a sour gruel of the broken grains of rice.

যবান্ন, পক্ব যব, ছাতু, boiled barley, barley food.

যবান, যুবন, অল্পবয়স্ক, তরুণ, young. [younger brother.
যবীয়ান্, যবিষ্ঠ,—অতি ছোট, কনিষ্ঠ, very young, youngest; a
যবার, যয়বার,—যতবার, যে কোন সময়ে, as often as, whenever.
যবে, যখন, যে কালে, when, at what time, on which day.
যব্য, যব বপনের যোগ্য ভূমি, fit for or sown with barley.
যম, অন্তক, ধর্ম্মরাজ, মৃত্যু, যোড়া, যুগ্ম, Yama regent of death and judge of hell, death, a brace, a pair.
যমক, যমজ,—মিথুন, সহজাত, যোট, twins, a twin, one of a pair.
যমক, একজাতীয় শব্দের পুনঃ২ প্রয়োগ, মিত্রাক্ষর, alliteration, harmonious recurrence of sounds, rhyme.
যমকিঙ্কর, যমদূত,—যমের ভৃত্য, a messenger of Yama or death.
যমধার, ছোরা, কটার, a dagger, a stilletto.
যমপুরী, যমালয়,—নরক, the residence of Yama, hell.
যশঃ, খ্যাতি, কীর্ত্তি, স্তব, renown, fame, celebrity, reputation, panegyric, praise, eulogium.
যশস্বান্, যশস্বী,—সুখ্যাতিমন্ত, famous, renowned, illustrious.
যশোগাথক বা গায়ক,—কীর্ত্তিগায়ক, স্তাবক, কাছাধরা, a panegyrist, eulogist, flatterer, sycophant.
যষ্টা, যজমান, পূজারী, a sacrificer, worshipper, a priest.
যষ্টি, লাঠী, লগুড়, a stick, staff, wand, mace, club.
যষ্টিমধু, মিষ্টরসযুক্ত কাষ্ঠ বিশেষ, liquorice-root.
যা, ভ্রাতৃবর্গের পরস্পর স্ত্রী, দূর হও, a husband's brother's wife; begone! avaunt!
যাউ, যবাগূ, rice-gruel made of the broken grains.
যাওন, গমন, চলন, প্রস্থান করণ, লাগন, to go, move, go by or away, depart, reach to. [course.
যাওয়াআসা, যাতায়াত, গতিবিধি, a going and coming, inter-
যাঁতা, চাকী, ভস্ত্রা, a mill-stone, a smith's bellows.
যাঁতি, সযোনী, betel-nippers, nut-crackers.
যাগ, যজ্ঞ, হোম, মখ, পূজা, অপক্ক ফল পাচক দ্রব্য, a sacrifice, oblation, offering, act of worship, lime or other substance used to ripen green-plucked fruit.
যাচক, প্রার্থক, ভিক্ষুক, a petitioner, suitor, candidate, beggar.
যাচকবৃত্তি, ভিক্ষাজীবিকা, ভিক্ষাটন, a living on alms, mendicity.
যাচন, মাগন, চাহন, প্রার্থনা করণ, to beg, pray, solicit, ask entreat, request, petition, sue for.

যাচনা, যাচ্ঞা,—প্রার্থনা, ভিক্ষা, নিবেদন, supplication. a request, suit, entreaty, &c. [for, &c.

যাচনীয়, যাচ্য,—প্রার্থনীয়, proper to be requested or prayed

যাজক, পূজারী, ঋত্বিজ্, an officiating priest. a sacrificer.

যাজকতা, পৌরোহিত্য, priesthood, the priestly office.

যাজন, পূজা করণ, যাগাদি সাধন, to perform worship, conduct a sacrifice, officiate as a priest.

যাজ্য, যজমান, যজ্ঞোপার্জ্জিত, যজ্ঞিয়, যজ্ঞোপযুক্ত, one for whom a sacrifice is offered, sacrificial acts or gains; proper for sacrifice.

যাজ্ঞিক, যজ্ঞসম্বন্ধীয়, ঋত্বিক্ ব্রাহ্মণ, যজ্ঞানুষ্ঠাপক, sacrificial, of or belonging to a sacrifice; an officiating priest, a sacrificer or institutor of a sacrifice.

যাটি, যাঠা,—যষ্টি, লাঠী, a staff, stick, wand, cane.

যাত, প্রেত, গত, প্রস্থিত, gone, departed.

যাতনা, যন্ত্রণা, অতিশয় বেদনা, অত্যন্ত আয়াস, pain, agony, anguish, torment, hard or painful labour.

যাতযাম, বাসি, জীর্ণ, ম্লান, বিবর্জ্জিত, old, stale, spent, worn out, impaired, used, faded, rejected, abandoned.

যাতা, যাতৃ,—গমনকর্ত্তা, যা, one who goes, a husband's brother's wife. [ing and coming.

যতায়াত, গমনাগমন, গতিবিধি, a frequenting, intercourse, go-

যাত্রা, চলন, গমন, প্রস্থান, কালক্ষেপ, দেশভ্রমণ, পর্য্যটন, তীর্থগমন, উৎসব. সং, a going, setting off, departure, travelling, spending or passing away of time, a march, journey, pilgrimage, a holy festival or procession of idols, theatrical representation.

যাত্রিক, যাত্রোপযুক্ত, তীর্থগামী, প্রস্থানকারী, পথিক, তীর্থভ্রমণক্ষম, যাত্রাকর, proper on a march, marching, journeying, going on pilgrimage, fit to set out on pilgrimage or a journey, attending in a procession.

যাত্রী, যাত্রাকারী, তীর্থপর্য্যটনী, marching, journeying, &c. a pilgrim. [ous.

যাথার্থিক, বাস্তবিক, সত্য, সাধু, true, real, genuine, just, righte-

যাথার্থ্য, স্বরূপতা, সত্যতা, তথ্য, শুদ্ধতা, reality, truth, veracity, justness, righteousness.

যাদৃক্, যাদৃশ্,—যে প্রকার, যে রূপ, as, like as, in the manner of.
যাদৃচ্ছিক, অবাধ্য,ইচ্ছাবান, স্বতন্ত্র, wilful, obstinate, independant.
যান, বাহন, অশ্ব রথাদি, a carriage, vehicle, conveyance, as palkee, horse, &c.
যানবাহ-ক, শকটাদি চালক, অশ্বাদি, বাহন, বেহারা, an animal or person drawing or carrying a vehicle, a bearer.
যানমুখ, রথাদির অগ্রাংশ the fore part, pole or shafts of a carriage.
যাপন, চলান, ক্ষেপণ, to cause to go, &c. to spend or pass away time.
যাপ্য, গোপনীয়, গুপ্ত, requiring to be concealed, secret, dormant.
যাবক, অর্দ্ধপক্ব যব, বোরধান্য, লা, half-ripe barley, barley without the awn, forced rice, lac.
যাবজ্জীব-ন, মৃত্যুকাল পর্য্যন্ত, through life, all one's life.
যাবৎ, যত দিন,যে পর্য্যন্ত, যত, সমুদায়, whilst, during, as long as, till, until; as much as, whatever, all, the whole.
যাবতীয়, যাবদীয়,—সমগ্র, সমুদায়, all, entire, the whole.
যাবত্তাবৎ, যত তত, as much as.
যাবদ্দেশে, সর্ব্বত্র, সমুদায় দেশে, throughout, everywhere, all over the country.
যাম, প্রহর, a watch, the fourth part of a day or night.
যামঘোষ, ঘড়ী, কুক্কুট, a gong, hour-drum, clock, a cock.
যামাতা, কন্যার স্বামী, a son-in-law, (daughter's husband.)
যামিক-ভট, প্রহরী,কোটাল, a watchman, night-guard.
যামিক, প্রহর সম্বন্ধীয়, of or belonging to the watches of day or night.
যামিনী, রাত্রি, নিশাপতি, নিশীথিনী, night.
যাম্য, দক্ষিণ দিক্, the south quarter, the south.
যিনি, যে লোক, যে ব্যক্তি, who, (honorific or respectful.)
যিযক্ষা, যাজনের ইচ্ছা, a desire to perform sacrifice or worship.
যুক, তুলা, a pair of scales for weighing.
যুকৎ, কৌশল, চাতুর্য্য, দাঁড়া, an art, knack, habit.
যুঁকন, মাপন, তৌলন, to measure, take dimensions, weigh.
যুক্ত, মিলিত, সম্মিষ্ট, লগ্ন, ময়, বিশিষ্ট, আবিষ্ট, আসক্ত, সিদ্ধ, উচিত, ন্যায্য, joined, combined, yoked, united with, connected, possessed of, possessing, endowed or affected with, pregnant with, attached to, engaged in, intent on, occupied with; proved, concluded, proper, right, fit, reasonable.

যুক্তি, তর্ক, বিবেচনা, সিদ্ধান্ত, মন্ত্রণা, পরামর্শ, উপায়, বৃত্তান্তলিপি, ঊহা, নিগূঢ় বাক্য, সংযোগ, ন্যায্যতা, যোগ্যতা, রীতি, ব্যবহার, reasoning, argument, inference, logical conclusion, deduction, reason, counsel, advice, policy, contrivance, a specification of circumstances in written evidence, the supplying of an ellipsis, mystical expression, union, connection, propriety, fitness, usage, custom.

যুক্তিদাতা বা পাত্র,—অমাত্য, মন্ত্রী, পরামর্শদ, a senator, counsellor, adviser, monitor, one who gives advice.

যুগ, সত্য ত্রেতা দ্বাপর কলি এই চারির অন্যতম, যোয়াল, গুগ্ম, দ্বন্দ্ব, the four ages or successive periods of the world, a yoke, team, pair, couple, brace.

যুগধর্ম্ম, বিশেষ যুগের উপযুক্ত ব্যবহার, the appropriate religious duties of a particular age.

যুগপদ্, যুগপৎ,—সকৃৎ, এক কালে, একদা, at once, at one time.

যুগল, যুগ্ম, যুড়ি,—দুই, যোড়া, দ্বন্দ্ব, মিথুন, যোট, সাথী, সহায়, a pair, a brace, a couple, twins, a team, a yoke, a match, a mate, fellow, helper.

যুগান্ত, যুগের অবসান, কল্পান্ত, the end of an age, periodical destruction of the universe.

যুড়ন, যুটন,—একত্রীকরণ, মিলান, লাগন, মেলন, কুলান, to join, unite, yoke, cement, to commence, overspread, reach to, to be supplied or provided with, abound. [tified or comforted.

যুড়ান, থামন, শান্ত বা তুষ্ট হওন, to cool, become cool, be gra-

যুত, যুক্ত, লগ্ন, বিশিষ্ট, connected, joined, possessed of, full of.

যুতা, চর্ম্মপাদুকা, a shoe, (of leather.)

যুথ, যূথ,—ঝুণ্ড, পাল, সমূহ, a herd, drove, flock, multitude.

যুদ্ধ, যুধ,—রণ, লড়াই, সংগ্রাম, সমর, a battle, combat, fight, contest, conflict, war.

যুদ্ধকর্ত্তা, লড়াক, a warrior, combatant, one who makes war

যুবক, যুবা, যুবন,—যৌবনান্বিত, বয়ঃক্রমপ্রাপ্ত, সতেজ, তরুণ, প্রৌঢ়, young, youthful, arrived at puberty, in the prime of life, adult; a young man, a youth.

যুবতী, যৌবনান্বিতা স্ত্রী, তরুণী, *f.* young, adult, &c. a young girl.

যুবতা, যুবত্ব,—যৌবনাবস্থা, youth, youthfulness, adult age.
যুবরাজ, রাজার প্রধান পুত্র, a prince, an heir apparent.
যুষ্মদ, তুমি, আপনি, *sing:* you, thou.
যুষ্মদীয়, তোমার, আপনার, *sing:* thy, thine, your, yours.
যূক, উকুন, ডেঙ্গর, a louse. [bound, a funeral post.
যূপ, পশু বন্ধনার্থ কাষ্ঠ, the stake to which a victim is
যূষ, ঝোল, মণ্ড বিশেষ, pulse-water, soup, broth, porridge.
যে, বিশেষ্য ব্যক্তি কিম্বা বস্তু, who, which; *conj*: that.
যেঅবধি, যৎকালহইতে, from the time that, from which time.
যেকালে, যেক্ষণে,—যৎকালে, যখন, at what time, when, whenever, as soon as. [little that.
যেকিছু, যাহা, যদ্দ্রব্য, যৎকিঞ্চিৎ, whichever, whatever, the
যেকেহ, যেকেউ,—যে কোন লোক, whoever, whosoever, any one.
যেকোন, যিনি, যাহা, whoever, whatever. [ever, whithersoever.
যেখানে, যেস্থানে,—যৎস্থলে, যত্র, যথায়, where, whither, where-
যেথা, যত্র, যৎস্থানে, যেখানে, where, whither. [down.
যেথাসেথা, এদিগ্ ওদিগ্, যথাতথা, hither and thither, up and
যেন, যাহাতে, that, in order that, to the end that, whereby.
যেপর্য্যন্ত, যাবৎ, যতদূর, till, until, whilst, as long as, as far as.
যেপ্রকার, যাদৃক্, যদ্রূপ, of what sort, what kind of, as.
যেমত, যেমন,—যে প্রকার, যদ্রূপ, যাদৃক্, as, like, like as.
যেমনতেমন, মধ্যবিত্ত, সামান্য, indifferent, passable, middling.
যেমনতেমন-ী, সমভাবে, বিনাভেদে, যথোপযুক্ত, just as it was, as before, the same, as is just, agreeably to desert.
যেযে, যেকেহ, যে কোন, whoever, whosoever, whichever, whatever. [like as.
যেরূপ, যৎপ্রকার, যেমন, of what form, in what manner, as,
যেহেতু-ক, যন্নিমিত্ত, কেননা, কারণ, as, since, because, for, for as much as. [warp-rods.
যো, পুঁজী, মূলধন, টানাকাঠ, a stock, capital, a weaver's
যোঁকা, মাপ, পরিমাণ, measure, dimensions, depth, guage.
যোঁকান, মাপ বা তৌল করণ, উমান করণ, to measure, take dimensions, to weigh, to sound, to guage.
যোক্তা, যোটানিয়া, যোগানিয়া, নির্ব্বাহক, ঘটক, one who joins, &c. a provider, procurer, professional match-maker.
যোক্তু, যোত, হলবন্ধন রজ্জু, the tie of a yoke.

যোগ, মিলন, একত্রীকরা, সংশ্লেষ, মিশ্র, সম্বন্ধ, মেল, শেষোৎপন্ন, উপযুক্ততা, উপায়, প্রাপ্তি, বিশেষ সময়, যুগ্মতিথি, শুভ কাল, রাশিচক্রের সপ্তবিংশতিতম ভাগ, চিত্তের একাগ্রতা, সমাধি, পাতঞ্জল দর্শন, union, junction, uniting, combination, contact, addition, mixture, connexion (as of cause and effect, subject and predicate,) result, consequence, fitness, propriety, an expedient, acquisition, a juncture, lucky conjuncture, the 27th part of a great circle, religious abstraction, intense meditation on the divinity, one of the six philosophical systems.

যোগাড়, কর্ম্ম নির্ব্বাহকরা, a supply of materials to a bricklayer or other workman.

যোগাড়িয়া, যোগাল,—খাটনিয়া, সহকারী, a bricklayer's labourer.

যোগান, নির্ব্বাহ করণ, কুলান, চালান, খাটান, to supply or provide materials, make provision for, furnish necessaries, superintend, manage, set to work, &c.

যোগানিয়া, নির্ব্বাহক, কুলানিয়া, চালানিয়া, supplying, furnishing with, &c. a superintendant, overseer.

যোগাসন, যোগ সাধনের উপকারি আসন, a religious posture favourable to devout abstraction.

যোগিনিদ্রা, লঘুনিদ্রা, কাকতন্দ্রা, a light and wakeful slumber.

যোগী, বৈরাগী, দণ্ডী, ভাক্ত সন্ন্যাসী, তাঁতী, an abstract devotee, an ascetic, a pretended devotee, a weaver.

যোগে, সময়ে, দ্বারা, করণক, সঙ্গে, in, at the time of, through, by means of, together with.

যোগ্য, উপযুক্ত, নিপুণ, দক্ষ, কর্ম্মার্হ, fit, suitable, proper, sufficient, worthy, clever, able, capable, qualified.

যোগ্যতা, উপযুক্ততা, ক্ষমতা, fitness, ability, suitableness, &c.

যোঙ্গড়া, শম্বূক, ঝিনুকাদি, a cockle-shell, oyster-shell, any bivalve shell. [maker.

যোজক, যোড়ানিয়া, ঘটক, uniting, &c. a professional match-

যোজন, মিশান, যোড়ান, চারি ক্রোশ, to add, unite, cement, match; a measure of four *cos* or 8 miles.

যোজনা, সংশ্লেষ, মিশ্র, নির্ব্বাহকরা, ঘটনা, a union, addition, supply of materials, a negociating of marriages.

যোটী, যুগল, যুগ্মের এক, সাথী, one of a pair, a match, a fellow.
যোটক, কার্য্যকারক, স্থায়ুক, ঘটক, an agent, factor, manager, a negotiator of marriages.
যোটন-আন, একত্রীকরণ, মিশান, মিলান, নির্ধারণ, to join, cement, mix, incorporate, to pair, yoke, bring together, to negociate, effect a bargain.
যোড়, যুগ্ম, দ্বন্দ্ব, দ্বিপদ শ্লোক, দুয়ের এক, যোট, সংশ্লেষ, সংসর্গ, a pair, couple, couplet, one of a pair, a match, union, a pairing, cohabiting, &c.
যোড়ন, মিলান, লাগান, উদ্রেক করণ, ব্যাপ্ত হওন, বাড়ন, মেলন, কুলান, জাল বিস্তারণ, সারাণ, বস্ত্রের তালী দেওন, to join, unite, cement, to commence, spread, take up room, reach, be overspread, to be supplied with, to spread a net, to mend or patch.
যোড়া, যুগ্ম, যুগল, দুই, প্রস্থ, সম্বন্ধ, মেল, পরগাছা লাগানি, পরতল, a pair, a couple, a match, a suit of clothes, union, connection, a grafting, patching, joining.
যোড়ান, মিলান, সংলগ্ন করণ, একত্রীকরণ, to join, unite, connect, cement, add, affix, to graft a tree, to pair, to yoke. [broidered.
যোড়িত, মিলিত, সংযুক্ত, সংলগ্ন, united, cemented, grafted, embroidered.
যোত, হলবন্ধন রজ্জু, the tie of a yoke.
যোত-া, চাষা ভূমি, আফাকল, plowed land, a farm, a fish-weir.
যোতন, যোয়ালেতে মিলিয়া বদ্ধ করণ, to yoke or fasten together.
যোত্র, সম্পত্তি, আয়, নির্বাহ, stock, capital, wealth, income, means, supply. [soldier.
যোদ্ধা, যোধ—সংগ্রামকর্ত্তা, লড়াক, সেনা, a warrior, combatant, soldier.
যোধ্য, যুদ্ধের বিষয়, রণযোগ্য, worthy to be fought for.
যোনি, স্ত্রীচিহ্ন, ভগ, জরায়ু, উৎপত্তি স্থান, আকর, উনুই, হেতু, আদি কারণ, pudendum muliebre, the vulva, the place of birth or production, a mine, spring, fountain, cause, origin, original.
যোনিজ, জরায়ুজ, produced from the womb, viviparous.
যোনিকীট, লম্পট, স্ত্রীপরায়ণ, a lascivious person, a lecher, profligate, debauchee. [tion.
যোনিভ্রমণ, পুনঃ২ জন্মপরিগ্রহ, reiterated births, transmigration.

যোয়াল, যোয়ালি,—যুড়িবার কাষ্ঠ, the yoke of a plough, &c.
যোষিৎ, স্ত্রী, মেয়্যা, অবলা, a woman, a female.
যৌ, যাবক, লাক্ষা, লা, lac, gum-lac.
যৌক্তিক, তার্কিক, যুক্তিসিদ্ধ, logical, founded on reasoning.
যৌগিক, ব্যুৎপন্ন, derivative, regularly formed, (in grammar.)
যৌতুক, বিবাহ আদি সময়ে লব্ধ ধন, nuptial presents to a female, a dower, marriage portion.
যৌবন, তারুণ্য, বাল্যের পরাবস্থা, youth, manhood, maturity, adult age. [adult, vigorous.
যৌবনযুক্ত, যৌবনস্থ,—তরুণ, সতেজ, প্রৌঢ়, young, youthful,
যৌবরাজ্য, যুবরাজের পদ, the office of a prince associated with his father in the government of a kingdom.

## র.

রওন, রহণ, থাকন, বাস করণ, to stay, wait, stop, reside, dwell.
রং, রঙ্গ, বর্ণ, a colour, die, paint.
রক্ত, রুধির, লোহিতবর্ণ, blood; red, scarlet, tinged.
রক্তখেকুয়া, শোণিতপ, blood-thirsty, sanguinary, fond of blood.
রক্তচন্দন, রক্তবর্ণ গন্ধকাষ্ঠ বিশেষ, red sandal-wood, red sanders.
রক্তপা, জলৌকা, জোঁক, a leech, a blood-sucker.
রক্তপিত্ত, মুখাদি হইতে হঠাৎ রক্তস্রাব, spontaneous hæmorrhage, discharge of blood from the mouth, nose, &c. a reddish eruption preceding leprosy.
রক্তবটী, বসন্তরোগ, গুটী, the small-pox. [with blood.
রক্তময়, রক্তযুক্ত,—রুধিরময়, bloody, full of blood, coloured
রক্তস্রাব, হঠাৎ রক্ত নিঃসরণ, রুধির ক্ষরণ, spontaneous hæmorrhage, a discharge or flow of blood.
রক্তাক্ত, রুধিরময়, রুধিরলিপ্ত, bloody, smeared with blood.
রক্তাম্বর, রক্তবর্ণ বস্ত্রাচ্ছন্ন, clothed in red, wearing red coloured garments. [blood.
রক্তারক্তি, পরস্পর মারামারি করাতে রক্তপাত, a mutual shedding of
রক্তিমা, রক্তভাব, redness, rosiness, a red colour.
রক্তোপল, গেরী মাটী, red-ochre.
রক্ষক, পালক, ত্রাণকর্ত্তা, আশ্রয়, প্রহরী, a keeper, preserver, saviour, deliverer, defender, protector, guardian, a watchman, a guard.

রক্ষণ, পালন, উদ্ধরণ, নিবারণ, আশ্রয় দেওন, লালন, চরাণ, প্রতিপালন, to preserve, protect, save, defend, ward off, shelter, shield, cherish, take care of, tend, feed, support. [nibal imp.

রক্ষস্, হিংসুক ভূতগণ, দেবাংশ, a fabulous giant, goblin, can-

রক্ষা, প্রতিপালনকরা, আশ্রয়, উদ্ধার, ত্রাণ, বাঁচাও, preservation, protection, defence, salvation, security, rescue, deliverance, escape. [protégé.

রক্ষিত, প্রতিপালিত, আশ্রিত, preserved, defended, &c. a ward,

রক্ষিতা, রক্ষাকর্ত্তা, রাখাল, প্রতিপালক, a guardian, keeper, saviour, defender, protector, &c.

রগড়, ঢক্কাদিতে শীঘ্র করিয়া মারা, the quick beating of a drum.

রগড়ন-আন, অঙ্গমর্দ্দন, হস্ত দিয়া শস্য মলন, পুনঃ২ সন্ধান লওন, গৌণ করণ, টালন, to rub the body, rub clothes, to rub out corn or seed with the hand, to sift a matter, to postpone, put off, delay.

রঙ্গ, রঞ্জক দ্রব্য, বর্ণ, রাং, ক্রীড়া, পরিহাস, নৃত্য, a colour, tint, dye, paint, tin, sport, mirth, merriment, acting, dancing and singing. [painter.

রঙ্গকর, রঙ্গকার,—বর্ণক, চিত্রকর, dying, colouring, &c. a dyer,

রঙ্গকারী, রঙ্গকারক,—সংকারী, কৌতুকী, রঞ্জক, making sport, &c. colouring; a dyer. [diness.

রঙ্গচঙ্গ, চিত্রবিচিত্রভাব, চটক, a fine or glaring colour, gau-

রঙ্গচঙ্গিয়া, চিত্রবিচিত্র, ফুলফুলিয়া, gaudy, glaring, shewy, fine, dressy. [painter.

রঙ্গজীবিক, রঙ্গজীবী,—নর্ত্তক, চিত্রকর, an actor, dancer, mime, a

রঙ্গণ, রঙ্গাণ,—রঞ্জক দ্রব্য লাগান, রঙ্গ দেওন, বর্ণীকৃত করণ, to colour, tinge, dye, paint.

রঙ্গভঙ্গ, কৌতুক, বিহার, হাবভাব, কাচ, সং, merriment, fun, wanton sport or gestures, dramatic exhibition.

রঙ্গভূমি, আখড়া, যুদ্ধস্থল, a stage, theatre, a field of battle.

রঙ্গরস, ক্রীড়া, কৌতুক, ভণ্ডামী, sport, merriment, fun.

রঙ্গশালা, নাচঘর, সংআলয়, a hall for *náches*, ball-room, theatre.

রঙ্গাণিয়া, রঙ্গকর, রঞ্জক, বর্ণকারী, colouring, &c; a dyer, colourer.

রঙ্গাবতারী, নর্ত্তক, ভণ্ড, an actor, dancer, mime, zany.

রঙ্গিল-া, চিত্রবিচিত্র, gaudy, shewy, tawdry, gay, splendid.

রঙ্গী, রঙ্গকারক, চিত্রকারী, কৌতুকী, ভাবক, colouring, dying, painting, exhibiting sports, &c. impassioned, inclined to passion. [passion, impassioned.

রঙ্গীন, বর্ণীকৃত, বহুরঙ্গ, ভাবক, coloured, gaudy, subject to

রচন, নির্ম্মাণ করণ, গঠন, গ্রন্থ লেখন, ভণন, কল্পন, গ্রন্থন, to make, form, build, construct, fabricate, compose, invent, to arrange, string pearls, &c.

রচনা, বিন্যাস, গ্রন্থনকরা, উৎসবকালে মাল্যাদিতে সাজান, সৈন্যব্যূহ, নির্ম্মাণ, গঠন, কল্প, ভণন, orderly arrangement or disposition, decoration of the hair, the stringing of flowers,&c. making of garlands, adornment of temples with flowers, &c. at festivals, array of troops, a fabrication, making, formation, contrivance, invention, literary composition. [ser, author.

রচয়িতা, নির্ম্মায়ক, গ্রন্থক, ভণিতা, a maker, fabricator, compo-

রচিত, গঠিত, নির্ম্মিত, কল্পিত, written, composed, fabricated, made, contrived, &c. factitious.

রজঃ, ধূলি, পুষ্পরেণু, ঋতু, বিষয়াভিলাষের কারণ গুণ, dust, powder, the farina of flowers, the menses, the quality of activity or passion or the disposition to secularity. [woman.

রজক, রজকী,—ধোবা, ধোবানী, a washerman & washer-

রজত, রূপা, হার, হস্তিদন্ত, শ্বেত, silver, a necklace, ivory; white.

রজনী, রাত্রি, হরিদ্রা, night, turmeric.

রজনীকর, নিশাপতি, চন্দ্র, the moon as sovereign of the night.

রজনীগন্ধা, পুষ্প বিশেষ, the tuberose species of polyanthus.

রজনীমুখ, প্রদোষকাল, সূর্য্যাস্তের পর চারি দণ্ড, evening, night-fall.

রজস্কা, রজস্বলা,—ঋতুমতী, বিবাহযোগ্যা, *f.* menstruating, menstruous, marriageable.

রজ্জু, দড়ী, রসী, a rope, cord, line, string, tether.

রঞ্জক, তুষ্টিকর, মনোহর, কৌতুকী, চিত্রকর, রঙ্গকার, প্রবর্ত্তক, cheering, gladdening, pleasing, exciting, moving, jovial, merry, colouring, dyeing; a painter, dyer, a stimulant, provocative, excitement.

রঞ্জক-যরা, অগ্ন্যস্ত্রের পলিতা দিবার ছিদ্র, the touch-hole of a gun.

রঞ্জন, হর্ষজনক, ভাবোত্থাপক, রঙ্গকরা, pleasing, charming, moving; affecting, exciting; a painting, colouring, &c.

রটন-আন, কহন, বলন, প্রকাশন, ঘোষাণ, to speak, talk, utter, declare, announce, proclaim. [fame.

রটনা, কথা, জনরব, প্রচার, talk, report, rumour, publicity,

রটিত, অগ্নির ধ্বনি, কথিত, the roaring of flame; spoken, &c.

রড়ন-আন, দৌড়ন, বেগে চলন, to run, go fast, speed.

রণ, যুদ্ধ, শব্দ, a battle, fight, conflict, war, noise, sound,

রণকৃতী, রণকুশল,—সুযোদ্ধা, সংগ্রামবেত্তা, versed in war.

রণজয়ী, শত্রুপরাস্তকর, জয়প্রাপ্ত, victorious in battle, triumphant.

রণভঙ্গ, পরাভব, পরাস্ত হওয়া, a defeat, a rout, disorder.

রণভঞ্জন, পরাস্ত করণ, to defeat an enemy, put to the rout.

রণসিংহা, যুদ্ধোপযুক্ত শঙ্খ, a war-trump, war-conch.

রণ্ড, আশ্রমহীন, ধর্ম্মহীন, যিনি পুত্রহীন হইয়া মরে, অফল বৃক্ষ, forlorn, neglecting one's religious duties; a man dying without male issue, a barren tree.

রণ্ডা, বন্ধ্যা, বিধবা, *f.* barren, sterile, childless; a widow.

রণ্ডী, স্ত্রীলোক, বিধবা, a woman, a widow.

রত, আসক্ত, পরায়ণ, আবিষ্ট, মৈথুন, delighted with, devoted or attached to, fond of, intent upon, occupied in; sexual intercourse, copulation.

রতি, স্ত্রীসংসর্গ, বিষয়সুখভোগ, প্রসক্তি, অভিলাষ, sexual intercourse, copulation, enjoyment, pleasure, desire.

রতিক্রিয়া, রতিদান,—স্ত্রীসংসর্গ, copulation, sexual intercourse.

রতিপতি, কামদেব, মদন, Cámadeva or the Indian Cupid.

রত্যাসক্ত, রত্যার্থী,—লম্পট, কামুক, বিষয়সুখাসক্ত, lascivious, lustful, libidinous, fond of pleasure.

রত্তি-কা, গুঞ্জা, a small seed used by goldsmiths as a weight, a little, a small quantity, a grain. [pearl.

রত্ন, মণি মুক্তা প্রবালাদি, a jewel, gem, precious stone, coral,

রত্নকন্দল, প্রবাল, পলা, coral.

রত্নগর্ভা, যে স্ত্রীর গর্ভে সৎপুত্র জন্মে, পৃথিবী, a mother of excellent children, the earth. [in gems.

রত্নজীবিক বা জীবী,—মণি বিক্রেতা, a jeweller, a lapidary, dealer

রত্নময়, মণিরচিত, মণিযুক্ত, made of gems, abounding in gems.

রত্নাকর, সমুদ্র, মণির উৎপত্তিস্থান, the sea, ocean, a jewel-mine.

রত্নাবলী, গ্রথিত মণি শ্রেণী, a string of jewels.
রত্নি, মুটুমহাত, a short cubit from the elbow to the insertion of the fingers. [car, a carriage.
রথ, স্যন্দন, চক্রযুক্ত যান, গাড়ী, a war-chariot, idol-car, a
রথকার, যানচক্র নির্ম্মায়ক, a wheel-wright, a car-maker.
রথযাত্রা, প্রতিবৎসর পুত্তলার যান টানন, the annual procession of an idol car.
রথাঙ্গ, চক্র, রথের অবয়ব, a wheel or other part of a car.
রথী, রথারূঢ়, স্যন্দনারোহ, সারথি, রথের স্বামী, a charioteer, a car-warrior, the owner of a car.
রথ্যা, প্রশস্ত পথ, রাজপথ, a carriage road, a public street.
রদ, রদন,—দন্ত, দাঁত, বিষাণ, a tooth, a tusk. [elephant.
রদী, দন্তবিশিষ্ট, বিষাণযুক্ত, হস্তী, having tusks or teeth; an
রন্ধন, অন্নাদি পাক করণ, to cook or dress food, to seeth.
রন্ধ্র, বিবর, ছিদ্র, গহ্বর, কুহর, ফাক, দোষ, a hole, incision, the eye of a needle, cavity, fissure, chasm, a rent, a fault, defect. [port, rumour.
রব, ধ্বনি, নাদ, জনশ্রুতি, a sound, noise, cry, voice, re-
রবাহূত, শুনিয়া আগত, অনিমন্ত্রিত, called by the voice, uninvited.
রবি, সূর্য্য, দিনপতি, দিনকর, the sun.
রবিথন্দ, সূর্য্য কিরণেতে পক্ব ধান্য, a harvest or crop ripened by the sun without much rain.
রবিবার, আদ্যবার, Sunday. [ravishing.
রম, মনোহর, প্রিয়, *affix:* charming, pleasing, delighting,
রমণ, সুখভোগ, ক্রীড়া, লীলা, মৈথুন, নায়ক, উপপতি, পতি, কামদেব, স্মরণ, enjoyment of pleasure, sport, play, amorous dalliance, sexual intercourse, a lover, a gallant, a husband, Cupid, memory.
রমণা, রমণী,—স্ত্রী, উপপত্নী, ভার্য্যা, মনোহরী স্ত্রী, a woman, mistress, wife, an agreeable or charming woman.
রমণা, উদ্যান, উপবন, a park, pleasure grounds.
রমণীয়, রম্য,—সুন্দর, প্রিয়, মনোহর, beautiful, lovely, charming, pleasing, pleasurable, delightful.
রমণেচ্ছা, লাম্পট্য, কামশীলতা, lasciviousness, sensual desire.
রম্ভা, কদলী, স্বর্গবেশ্যা বিশেষ, the plantain, an Apsará.
রলা, ঝড়কী, পল্লব, a small branch, a twig, rod, shoot.

রল্লক, পক্ষ্ম, কম্বল, an eye-lash, a blanket.
রশনা, সারথির হস্তস্থিত অশ্বমুখলগ্ন রজ্জু. a reign or bridle.
রশ্মি, কিরণ, অংশু, a ray of light, a sun-beam.
রষাণ, কষ্টিপাথর, a touch-stone.
রস, জলাদি দ্রবদ্রব্য, শরীরের ধাতু,সত্ত্ব, বৃক্ষনির্যাস,আঠা, পারা,বীর্য্য, সার, মজ্জা, পাঙ্গা,তার, স্বাদ,জিহ্বেন্দ্রিয় গোচর অর্থাৎ কটু তিক্তাদি, জিহ্বাগ্রাহ্য, শৃঙ্গারহাস্যাদি নয়, বুদ্ধি, ভাব, মনোবিকার, রমণেচ্ছা, বিষয়সুখ বোধ, a fluid, liquid, liquor, water, moisture, humour, juice, exudation, sap, gum, myrrh, quicksilver, semen virile, pith, marrow, any mineral salt, a relish, savour, flavour, zest, taste, sentiment, literary taste, wit, passion, an affection of the mind, emotion, feeling, sensuality, carnal enjoyment.
রসকর্পূর, রসকাপর,—পারা,quicksilver, a mercurial sublimate.
রসগর্ভ, হিঙ্গুল, অঞ্জন বিশেষ, vermillion, a mineral eye-paint.
রসজ, রুধির, জলজ ক্ষুদ্র কীট, blood, animalcule in liquids.
রসজ্ঞ, স্বাদভেদবেত্তা, রসিক, উত্তম কবি, অলঙ্কারাদি শাস্ত্রবেত্তা, জিহ্বা, রসায়নবেত্তা,acquainted with tastes,&c, possessed of taste; a refined or sentimental writer, an elegant poet, an alchymist, the tongue.
রসজ্ঞা, রসনা,—জিহ্বা, জিব, the tongue.
রসন, চাকন, গলন, আর্দ্র হওন, তার, শব্দ, to taste, to fester, grow damp; taste, sound, noise.
রসনেন্দ্রিয়, জিহ্বা, জিব, the organ of taste, the tongue.
রসপুষ্প, মিশ্রিত পারা গন্ধক লবণ এই তিন, a preparation of mercury with sulpher and salt.
রসবৎ, রসবান্,—ভাবক, চিত্তঘাঁতক, স্বাদুল, সত্ত্বযুক্ত, সরস, সুস্বাদু, tasteful, touching, affecting the feelings, pithy, succulent, well-flavoured, savoury, juicy.
রসবাত, গ্রন্থিস্থিত বায়ুরোগ, rheumatism in the joints.
রসরাজ, পারা, চপলা ধাতু, quicksilver, liquid mercury. [&c.
রসসিদ্ধ, রসায়নবেত্তা, an alchemist, an adept in alchemy,
রসসিদ্ধি, তাম্রাদি ধাতুভেদ করাও দীর্ঘকাল পর্য্যন্ত রোগ এবং মৃত্যু নিবারণ করা এই উভয়ের বিদ্যা, knowledge of alchemy, the possession of the arts of transmuting metals, prolonging life, securing health, &c.

রসা, আর্দ্র, রসবৎ, পৃথিবী, রজ্জু, দড়ী, wet, juicy; the earth, a rope, a halter, a line.
রসাঞ্জন, কজ্জল বিশেষ, a collyrium or eye-paint.
রসাতল, পাতাল, Pátála or the subterraneous world, the lowest of the infernal regions.
রসাদান, শোষাণি, শুষ্ককরা, a drying up, absorption, suction.
রসান, আর্দ্র করণ, ভিজান, সাঁতলান, ফুলান, ফোড়াদি পাকান, গলান, to wet, moisten, season, cause to swell or tumefy, bring on suppuration.
রসানি, ক্লেদ, পুঁজ, matter, pus, purulent matter.
রসায়ন, বিষ, মৃত্যুনিবারণার্থ বিষঘটিত ঔষধি, তদ্পানকরাণ, তদ্বিষয়ে পাণ্ডিত্য, স্বর্ণাদির উজ্বল করণের প্রস্তর, poison, a poisonous medicine to preserve life, &c. elixir vitæ, the administering of such medicines, alchemy, chemistry, a stone for polishing metals.
রসাল, রসযুক্ত, সুস্বাদু, আম্র, juicy, savoury, succulent, delicious, pithy; a mango.
রসাহ্ব, সর্জ্জরস, ধুনা, বৃক, resin, turpentine.
রসিক, রসবিশিষ্ট, নাগর,ভাবক, বিদ্রূপী, কামুক, কৌতুকী, possessed of literary taste, refined, sentimental, witty, humorous, jocose, droll, funny, merry, amorous, sensual; a wag. [coquette.
রসিকা, রসবিশিষ্টা, হাবভাবযুক্তা, খেলাড়ী, *f.* witty, jocose, &c. a
রসিত, ধ্বনিত, মুণ্ডিত, sounded, rattled, gilt, gilded, plated, washed with a metal.
রসী, দড়ী, রজ্জু, a cord, line, twine, a halter, a rope.
রসুই, রন্ধন, অন্নাদি পাক, the cooking of food, cookery.
রসুন-া, কন্দ বিশেষ, অরিষ্ট, garlic, a cive, chalot.
রসেন্দ্র, পারা,পরশ পাথর,স্পর্শমণি,liquid mercury, quicksilver, the philosopher's stone.
রহণ, নিবর্ত্ত হওন, তিষ্ঠন, থাকন, প্রবাস করণ, টেঁকন, হওন, to stop, cease, desist, forbear, stay, tarry, remain, wait, stand still, to dwell, abide, live, continue, last, endure, to be, subsist. [bitant.
রহণিয়া, থাকনিয়া, প্রবাসী, residing, continuing. &c. an inha-
রহস্, বিরলে, alone, privately, secretly, in private.

রহস্য, ঔদাস্য, পরিহাস, কৌতুক, সং, ইতিহাস, নির্জন, গুপ্ত, retirement, solitude, a joke, diversion, shew, mirth, a story, tale, proverb; private, clandestine.

রহিত ত্যক্ত, নিবর্ত্ত, নিবারিত, বর্জ্জিত, হীন, abandoned, quitted, left, stopped, prevented; *affix:* without, void of, -less, destitute of, bereft.

রাঁড়, বিধবা, স্ত্রীলোক, a widow, a woman.

রাঁড়া-ল, অফল, নিষ্ফল, sterile, fruitless, barren.

রাঁধন, রন্ধন, অন্নাদি পাক করণ, to cook, to prepare or dress [food.

রাইশ, রাশি, সঞ্চয়, স্তূপ, a quantity, pile, heap, hoard, &c.

রাই, সর্ষপ,, সর্ষপ, mustard, rape-seed.

রাউটী, তাম্বু, বস্ত্রগৃহ, a tent.

রাং, রাঙ্গ,—ধাতু বিশেষ, রঙ্গ, বর্ণ, tin, paint, a colour, tint, [dye.

রাংঝালি, রাঙ্গা গালিয়া মুড়ন, the coating or tinning of vessels.

রাংতা, রাঙ্গতা,—মুড়িবার রাঙ্গা পত্র, tin-foil, leaf-tin.

রাকা, পূর্ণচন্দ্র, পূর্ণিমা, the full moon, day of the full moon.

রাক্ষস, নরাকৃতি নরখাদক প্রাণী, a fabulous monster, a giant, titan, guebre, cannibal, goblin, fiend.

রাক্ষসী, রাক্ষসের স্ত্রী, বাঘিনী, a female goblin, cannibal, a virago.

রাক্ষসীবেলা, সন্ধ্যার পূর্ব্ব তিন মুহূর্ত্ত, the close of day, dusk, evening twilight.

রাখণ, থোওন, স্থাপন, রক্ষণ, পালন, চরাণ, প্রাপ্ত হওন, আশ্রয় দেওন, ধারণ, ভরণ, ভুঞ্জান, to put, place, station, lay, lay down, keep, preserve, protect, defend, guard; tend cattle, &c. to have, hold, possess, harbour, employ, keep, retain, treat, entertain, feast.

রাখণি, গোপালাদির বেতন, hire for tending cattle, guarding, &c.

রাখলামী, রক্ষকপদ, রাখালের কর্ম্ম, guardianship, the office of a keeper, &c.

রাখাল, রক্ষক, গোপাল, চাষা, a keeper, shepherd, cow-keeper, [a clown.

রাখালি, গবাদি পালনকরা, তদ্ভত্য, the tending of cattle, wages given for it.

রাগ, ক্রোধ, দ্বেষ, কাম, দুঃখ, গানের ভেদ, রঙ্গ, বর্ণ, anger, envy, passion, love, lust, distress, a tune, musical mode, a colour, tint, dye.

রাগকর, কোপজনক, ভাবক, provoking, exasperating, exciting [the passions.